The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 878 | 11 July 2025 | শুক্রবার ২৭ আষাঢ় ১৪৩২



Bangladesh going to ready for December Election!
→ Page 19

Musk announces arrival of new 'America Party' after

→ Page 18


Pakistani actress Humaira Asghar found dead in Karachi apartment
→ Page 19

Polling Favors Mamdani in race for Mayor

→ Page 18

# নির্বাচনী ট্রেনে বাংলাদেশ

## প্রবাসীদের ভোটাধিকার নিয়ে কমিটি গঠন

মাসুদ করিম, *ঢাকা থেকে*



বাংলাদেশে আগামী জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতি নির্দেশ দিয়েছেন অর্ন্তবর্তি সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠককালে তিনি এই নির্দেশ দেন। এ সময় স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলমসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রধান উপদেষ্টার এমন নির্দেশনার পর পরই নড়েচড়ে বসেছে নির্বাচন কমিশন। ভোটের প্রস্তুতি নিতে কমিশন বৈঠক করেছে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ডিসেম্বরের মধ্যে নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করার নির্দেশকে স্বাগত জানিয়েছেন। অর্ন্তবর্তি সরকারের কর্মকান্ডে ক্রমশ স্পষ্ট হচ্ছে যে, প্রতিশ্রুত ফেব্রুয়ারির মধ্যে আগামী জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা উজ্জ্বল।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে পাঁচটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে নির্বাচন কমিশন (ইসি)। চার নির্বাচন কমিশনারের নেতৃত্বে এ পাঁচটি কমিটি গঠন করা হয়। প্রতিটি কমিটিতে ইসির সিনিয়র সচিব ও অতিরিক্ত সচিবসহ সাতজন করে কর্মকর্তা আছেন। প্রশাসন, বিচার বিভাগ ও আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাদের রাখা হয়নি। কমিটিগুলোর যে কার্যপরিধি নির্ধারণ করা হয়েছে, তার বেশির ভাগই তফশিল ঘোষণার পরবর্তী কাজের সঙ্গে সম্পৃক্ত। বুধবার নির্বাচন কমিশন পৃথক পাঁচটি কমিটি ↘ এরপর ২০ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

# ফজলু ও রুমিনদের ভাল লাগে না ক্যান?



শাহেদ আলম

বিএনপির অনেক কট্টর সমর্থক আছেন। যারা মুক্তিযুদ্ধের কথা শুনলেই ছ্যাৎ ছ্যাৎ করে ওঠেন নিজের অজান্তেই। দোষের কিছু না। চিহ্নিত রাজাকারদেরকেও জিয়াউর রহমান সম্মানের সাথে জায়গা দিয়েছিলেন বিএনপিতে। আবার নিজে সেক্টর কমান্ডার হওয়াতে তার সাথে ছিলেন একঝাঁক মুক্তিযোদ্ধা। ডান ও বামের অপুর্ব সমন্বয় তিনি করেছিলেন। সত্যিকারের জিয়ার আদর্শে ধারণ করলে মুক্তিযুদ্ধ ধারণ করতে হবে। আবার দেশের স্বার্থের রাজাকারের আস্ফালনও মেনে নিতে হবে। এটাই ইনক্লুসিভিভিটি। ২৩ সালের ৫ আগস্ট পর্যন্ত যেই ছেলেটি শেখ ↘ এরপর ২০ পৃষ্ঠায়

# শেখ হাসিনার পুলিশ প্রধানই রাজসাক্ষী!



আজকাল প্রতিনিধি, *ঢাকা*

জুলাই অভ্যুত্থানে হত্যাযজ্ঞের বিচার শুরু হয়েছে। আসামী তিনজন। শেখ হাসিনা, তার মন্ত্রিসভার স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং ওই সময়ের পুলিশ প্রধান আব্দুল্লাহ আল মামুন। আদালতের কাঠগড়ায় দাঁড়িয়ে আব্দুল্লাহ আল মামুনের মন্তব্যে সবার চোখ ↘ এরপর ২০ পৃষ্ঠায়



# জানুয়ারি থেকে শুরু রেমিট্যান্সে কর

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র সরকার বিদেশে অর্থ পাঠানোর (রেমিট্যান্স) ওপর ১ শতাংশ হারে কর আরোপ করেছে। 'ওয়ান বিগ বিউটিফুল বিল' ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

# অপরাধের রেকর্ড থাকলেই গ্রীণ কার্ড বাতিল!

## প্রবাসীদের সতর্ক থাকার পরামর্শ

আজকাল রিপোর্ট



অপরাধ ও ইমিগ্রেশন আইন লংঘনের রেকর্ড থাকলে গ্রীণ কার্ড বাতিলের সর্তকতা জারি করেছে ফেডারেল কর্তৃপক্ষ। সতর্ক করা হয়েছে যে, যদি তাদের অপরাধমূলক রেকর্ড থাকে এবং অভিবাসন আইন লঙ্ঘন করে, তাহলে ফেডারেল কর্তৃপক্ষ তাদের আইনি মর্যাদা বাতিল করতে পারে।' কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন (সিবিপি) এক্স সোশাল মিডিয়াতে দে এক বিবৃতিতে বলেছে, আমাদের দেশের আইন অনুসারে, আমাদের আইন ভঙ্গ এবং অপব্যবহার করা হলে সরকারের ক্ষমতা রয়েছে গ্রীণ কার্ড বাতিল করার। বাংলাদেশি ইমিগ্রেশন আইনজীবিরা গ্রীণকার্ডধারী প্রবাসীদের সর্তকতা অবলম্বনের পরামর্শ দিয়েছেন। সংস্থাটি আরও জানিয়েছে যে, আগে ফৌজদারি দোষী সাব্যস্ত হয়েছেন। গ্রীণ ↘ এরপর ২৮ পৃষ্ঠায়

# টিপস ও ওভারটাইমে ট্যাক্স নেই

আজকাল রিপোর্ট

টিপস ও ওভারটাইম আয়ে বছরে সর্বোচ্চ সাড়ে ৩৭ হাজার ডলার পর্যন্ত ট্যাক্স ছাড় দেয়া হবে। এ সংক্রান্ত আইনে স্বাক্ষরের করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি একে 'একটি বিশাল, দৃষ্টিনন্দন বিল' হিসেবে বর্ণনা করেছেন। যুক্তরাষ্ট্রের নতুন অর্থবিলে মধ্যবিত্ত ও খণ্ডকালীন ↘ এরপর ২৮ পৃষ্ঠায়


ইমিগ্রেশন অ্যাটর্নি
MONIR MEHRAN | আমরা বাংলায় কথা বলি
বিজনেস, ওয়ার্ক & ইনভেস্টমেন্ট ভিসা, পারিবারিক ইমিগ্রেশন, গ্রীন কার্ড & নাগরিকত্ব, অ্যাসাইলাম (Affirmative) & মানবিক ভিসা (VAWA, U Visa, T Visa), ম্যান্ডামাস & ওয়েভারস (I-601, I-601A, I-212)
(929) 810-2009
(470) 800-9213
MONIR MEHRAN, JD. ATTORNEY AT LAW

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards | ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

অ্যাক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER | ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting, IRS Enrolled Agent, IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

সামছুদ্দীন আজাদ-এর কলাম তবুও ধর্ষণ থেকে রক্ষা পাইনি
০৫ পৃষ্ঠায়



মানজুর-আল-মতিন-এর কলাম যে বন্ধন জুলাইয়ের...
০৬ পৃষ্ঠায়



শহীদুল্লাহ ফরায়জী-এর কলাম নিরস্ত্র থেকে সশস্ত্র আসিফ মাহমুদের রূপান্তর
০৭ পৃষ্ঠায়







# কিশোরগঞ্জ এসোসিয়েশনের বার্ষিক চড়ুইভাতি অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

গত ৬ জুলাই লংআইল্যান্ডের সবুজে ঘেরা প্রাকৃতিক মনোমুগ্ধকর পরিবেশে বেলমন্ত স্টেট পার্কে কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের সাতাশতম বার্ষিক চড়ুইভাতি অনুষ্ঠিত হয়। রংবেরঙের বেলুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন সংগঠনের সভাপতি বাবু তারক চন্দ্র পন্ডিত। দিনব্যাপী অনুষ্ঠানে নিউ ইয়র্ক সহ ট্রাই-স্টেটের কিশোরগঞ্জের তিন শতাধিক প্রবাসী ও অভিবাসী বাংলাদেশি উপস্থিত ছিল।
চড়ুইভাতির বিভিন্ন পর্বে ক্রীড়া প্রতিযোগীতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাপেল ড্রসহ নানা আয়োজন ছিল। শহীদুল হাসানের পরিচালনায় ক্রীড়া প্রতিযোগিতায় বিভিন্ন পর্বে বারোটি ইভেন্টে এরপর ২৭ পৃষ্ঠায়

# নিউইয়র্কে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে আশিক ইসলাম

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যাকসন হাইটস-এ প্রবাসী বাংলাদেশি গণমাধ্যমকর্মীদের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সাবেক সিনিয়র ডিপিএস আশিক ইসলাম অংশগ্রহণ করেন। স্থানীয় একটি রেস্টুরেন্টে আয়োজিত অনানুষ্ঠানিক আলোচনায় উঠে আসে সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপট, সাংবাদিকদের ওপর নিপীড়ন এবং ভবিষ্যতের গণতান্ত্রিক বাংলাদেশে গণমাধ্যমের সম্ভাব্য ভূমিকা।
আশিক ইসলাম বলেন, বিগত ১৬ বছর ধরে বাংলাদেশে ফ্যাসিবাদী শাসনামলে সবচেয়ে বেশি আঘাত এসেছে গণমাধ্যমের ওপর। সাংবাদিকরা নানা বাধা, নিপীড়ন, হুমকি উপেক্ষা করে পেশাদারিত্ব বজায় রেখেছেন। আমি নিজে যেমন সবসময় মিডিয়ার পাশে থেকেছি, বিএনপি ভবিষ্যতে সরকার গঠন করলে এরপর ২৪ পৃষ্ঠায়

## নির্বাসিতদের সরকারী হেফাজতে রাখা হয়েছে

# যুক্তরাষ্ট্র থেকে দ:সুদানিরা ডিপোর্ট

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র সরকার জিবুতিতে মার্কিন সামরিক ঘাঁটিতে আটক রাখার পর সেন্ট্রাল আফ্রিকার দেশ দক্ষিণ সুদানের নাগরিকদের ফেরত পাঠালে তাদেরকে রাজধানী জুবায় পর্যবেক্ষণে রাখা হয়েছে।




যুক্তরাষ্ট্র থেকে দক্ষিণ সুদানের আটজন পুরুষকে গত ৮ জুলাই, মঙ্গলবার ডিপোর্ট করেছে আইস পুলিশ। দক্ষিণ সুদানের কর্তৃপক্ষ মঙ্গলবার নিশ্চিত করেছে যে, মার্কিন যুক্তরাষ্ট্র থেকে নির্বাসিত আটজন পুরুষ এখন দ: সুদানে সরকারী হেফাজতে রয়েছে।
পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র আপুক আইয়ুয়েল সাংবাদিকদের বলেন যে, আটজন শনিবার জুবা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেছে। যুক্তরাষ্ট্র সরকার কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড নির্বাসন পদ্ধতি অনুসরণ করে তাদের ডিপোর্ট করা হয়।
পুরুষরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তত্ত্বাবধানে রয়েছে যারা তাদেরকে পরীক্ষা করছেন এবং তাদের নিরাপত্তা ও সুস্থতা নিশ্চিত করছেন। তিনি বলেন, তাদের কোথায় রাখা হয়েছে তা উল্লেখ করা হয়নি। যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষ শুক্রবার জানিয়েছে যে মে মাসে নির্বাসিত আটজন পুরুষ এবং জিবুতিতে মার্কিন সামরিক ঘাঁটিতে কয়েক সপ্তাহ ধরে আটক থাকা আটজনকে সুপ্রিম কোর্ট তাদের স্থানান্তরের সিদ্ধান্তের পর দক্ষিণ সুদানে পৌঁছে দেয়া হয়েছে।
কিউবা, লাওস, মেক্সিকো, মায়ানমার, ভিয়েতনাম এবং দক্ষিণ সুদান থেকে আসা পুরুষরা এমন একটি মামলার অংশ যা সুপ্রিম কোর্টে গিয়েছিল। যা ইউএসএ থেকে তাদেরকে অপসারণের অনুমতি দিয়েছিল। প্রশাসনের কর্মকর্তারা বলেছেন যে, পুরুষদের যুক্তরাষ্ট্রে এ সহিংস অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হয়েছিল।
দেশের বিশিষ্ট নাগরিক নেতা এডমন্ড ইয়াকানি বলেন, 'দক্ষিণ সুদান অপরাধীদের আবর্জনা ফেলার জায়গা নয়।' ২০১১ সালে মূল সুদান থেকে স্বাধীনতা অর্জনের পর থেকে দক্ষিণ সুদানের সরকার অনেক মৌলিক পরিষেবা প্রদানের জন্য সংগ্রাম করছে। বছরের পর এরপর ২০ পৃষ্ঠায়

# কুইন্স বরো প্রেসিডেন্টের ফান্ড রেইজিং জ্যাকসন হাইটসে

আজকাল রিপোর্ট

কুইন্স বরোতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৪ নভেম্বর। এই নির্বাচনে ডেমোক্রেটিক পার্টি থেকে পুনরায় প্রার্থী হচ্ছেন বর্তমান বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস জুনিয়র। ডনোভান রিচার্ডসের মেয়াদ শেষ হবে ২০২৬ সালের ১ জানুয়ারি। এই নির্বাচনে তার সাথে প্রতিদ্বন্দ্বিতা করবেন রিপাবলিকান পার্টির প্রার্থী হেনরী আইকেন্ডী।
ডনোভান রিচার্ডস ইতোমধ্যেই শুরু করেছেন তার নির্বাচনী প্রচারণা। এরই অংশ হিসেবে গত ৮ জুলাই বিকেলে জ্যাকসন হাইটসে একটি ফান্ড রেইজিং অনুষ্ঠানের আয়োজন করেন এটর্নি মঈন চৌধুরী। এটর্নি মঈন চৌধুরীর নিজ কার্যালয়ে অনুষ্ঠিত এই ফান্ড রেইজিং অনুষ্ঠানে অংশ নেন কমিউনিটির এরপর ৩৬ পৃষ্ঠায়



# তৈমূর আলম খন্দকারের সঙ্গে নারায়ণগঞ্জবাসীর মতবিনিময়

আজকাল রিপোর্ট

নারায়ণগঞ্জ জেলার কৃতি সন্তান ও বিশিষ্ট রাজনীতিবিদ এডভোকেট তৈমুর আলম খন্দকারের সঙ্গে মত বিনিময় করেছে নিউইয়র্কে বসবাস করা নারায়ণগঞ্জের মানুষজন। তিনি গত ৬ জুলাই নিউইয়র্কের জ্যামাইকার একটি রেস্টুরেন্টে মতবিনিময় সভার আয়োজন করেছিল প্রবাসী নারায়ণগঞ্জবাসী।
অনুষ্ঠানে তৈমুর আলম খন্দকার বলেন, রাজনীতি হয়তো কখনো ভুল করেছি, তবে রাজনীতি করে অবৈধ অর্থ সম্পদের মালিক হইনি। এখন দুর্নীতিবাজ রাজনীতিবিদদের পরিণতি দেখছি। আমি কিন্তু দেশের এরপর ২৭ পৃষ্ঠায়

# নিউইয়র্কে লায়ন গভর্নর শংকর কুমার রায়ের সংবর্ধনা

আজকাল রিপোর্ট

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ৩১৫ এ-২ বাংলাদেশের ২০২৫-২০২৬ সালের নির্বাচিত গভর্নর শংকর কুমার রায়কে নিউইয়র্কে সংবর্ধনা দেওয়া হয়। আগামী ১২ থেকে ১৮ জুলাই অরল্যান্ডো, ফ্লোরিডায় অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক কনভেনশনে যোগদানের উদ্দেশ্যে বর্তমানে তিনি নিউইয়র্কে অবস্থান করছেন। গত রোববার সন্ধ্যায় নিউইয়র্কে ডিস্ট্রিক্ট ২০ আর২-এর ইনকামিং গভর্নর আসেফ বারী এবং তার গভর্নর স্পাউস মুনমুন হাসিনা বারী সংবর্ধনার আয়োজন করেন তাদের বাড়িতে।
আয়োজিত এই নৈশভোজে লায়ন শংকর কুমার রায়ের সঙ্গে উপস্থিত ছিলেন লায়ন স্মৃতি রায় (লেডি গভর্নর), লায়ন খন্দকার কামরুল হাসান এরপর ২৭ পৃষ্ঠায়



# জাতিসংঘের কর্মকর্তা আলবানিজের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা

আজকাল রিপোর্ট

ইসরাইলের বিরুদ্ধে অবস্থান নেয়ার কারণে ট্রাম্প প্রশাসনের রোশানলে পড়লেন জাতিসংঘের বিশেষ দূত ফ্রান্সেসকা আলবানিজ। তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়েছে দেশটির স্টেট ডিপার্টমেন্ট। আলবানিজের বিরুদ্ধে ইহুদি-বিদ্বেষ, সন্ত্রাসবাদে উস্কানি দেয়াসহ মধ্যপ্রাচ্যে জাতিসংঘের নেতৃত্বে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের বিরুদ্ধে শাস্তি আরোপের প্রচেষ্টার অভিযোগ আনা হয়েছে। এর আগে ইসরাইলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও তার প্রতিরক্ষামন্ত্রী ইয়াভ গ্যালান্টকে নেদারল্যান্ডের হেগে আন্তর্জাতিক আদালতে বিচারের মুখোমুখি করার এরপর ২৭ পৃষ্ঠায়

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq


NY INSURANCE BROKERAGE
NYI
NY INSURANCE BROKERAGE INC
আপনি কি
TLC প্লেট নিতে চান??
NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ
যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।
এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত
যোগাযোগ করুণ
Design & Print by: ihopeprint.com, 929-538-7903
T462355C
CONTACT US:
SCAN ME
718-476-2025
71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com
www.nyinsurancebrokerage.us

বিশেষ সম্পাদকীয়

# ট্রাম্পের শুল্কাঘাত ও চিঠি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি বাংলাদেশসহ ১৪টি দেশের পণ্যের ওপর নতুন করে উচ্চ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন। ঘোষিত হার অনুযায়ী, বাংলাদেশের রপ্তানিপণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক কার্যকর হতে পারে, যদিও তা আগামী ১ আগস্ট থেকে চালুর কথা বলা হয়েছে।

এই সিদ্ধান্তের পেছনে শুধু অভ্যন্তরীণ মার্কিন রাজনীতি নয়, রয়েছে জটিল আন্তর্জাতিক বাণিজ্য সমীকরণ, যা বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য গভীর উদ্বেগের কারণ। যুক্তরাষ্ট্র বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানির সবচেয়ে বড় বাজার, যেখানে দেশের মোট রপ্তানির প্রায় ১৮ শতাংশ যায়। শুল্কহার বাড়লে সেই রপ্তানি হুমকির মুখে পড়বে।

> ট্রাম্পের চিঠিতে বলা হয়েছে, বাংলাদেশ চাইলে তার বাণিজ্য বাজার যুক্তরাষ্ট্রের জন্য খুলে দিলে এবং শুল্ক ও অশুল্ক বাধা কমালে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার সুযোগ আছে। অর্থাৎ এখনো সময় রয়েছে, কিন্তু সেটি দ্রুত কমে আসছে। এখন আমাদের প্রয়োজন দুর্বল ও বিভ্রান্তিকর পদক্ষেপ নয়, বরং সুপরিকল্পিত, সম্মানজনক ও শক্তিশালী কূটনীতির মাধ্যমে মার্কিন প্রশাসনের সঙ্গে টেবিলে বসা। প্রশ্ন হলো, আমরা কি সেই কৌশল তৈরি করেছি? নাকি কেবল চিঠি পাওয়ার পর তা পড়ে জনগণকে জানিয়ে দায় শেষ করছি? আন্তর্জাতিক সম্পর্ক নির্ভর করে আন্তরিকতা, স্বচ্ছতা ও কৌশলের সমন্বয়ের ওপর। দেরিতে হলেও এখন আমাদের উচিত জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দ্রুত ও বাস্তবভিত্তিক আলোচনায় নামা। কারণ, একবার যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের অবস্থান দুর্বল হয়ে গেলে তা পুনরুদ্ধার করা শুধু কঠিন নয়, সম্ভবত অসম্ভবও

গত এপ্রিলে ট্রাম্প প্রশাসন বাংলাদেশের পণ্যের ওপর ৩৭ শতাংশ শুল্ক ঘোষণা করলেও, তা ৯০ দিনের জন্য স্থগিত রাখা হয়। হোয়াইট হাউস তখন জানায়, এই সময়ের মধ্যে দেশগুলো যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে আলোচনায় বসবে।

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস, যাঁর আন্তর্জাতিক পরিচিতি এবং নেটওয়ার্ক বিশ্বব্যাপী স্বীকৃত। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প ৭ জুলাই তাঁকে সরাসরি একটি চিঠিও দিয়েছেন, যা তিনি নিজেই 'ট্রুথ সোশ্যাল'-এ প্রকাশ করেছেন। সেই চিঠিতে স্পষ্ট ভাষায় উল্লেখ করা হয়েছে যে যদি বাংলাদেশ প্রয়োজনীয় পদক্ষেপ না নেয়, তবে ১ আগস্ট থেকে ৩৫ শতাংশ শুল্ক কার্যকর হবে।

এই প্রেক্ষাপটে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে-ড. ইউনূসের মতো একজন আন্তর্জাতিকভাবে সুপরিচিত ব্যক্তিত্ব যখন সরকারের প্রধান নির্বাহী পদে রয়েছেন, তখন কেন তাঁর সেই পরিচিতি ও প্রভাবকে ব্যবহার করে যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি ইতিবাচক চুক্তিতে পৌঁছানো সম্ভব হয়নি বা হচ্ছে না?

এই সংকট কেবল ট্রাম্প প্রশাসনের কঠোর নীতির ফল নয়, এটি আমাদের কূটনৈতিক প্রস্তুতির অভাব ও বাণিজ্যিক ভবিষ্যৎ পরিকল্পনার দুর্বলতার প্রতিফলন। বাংলাদেশ সময়মতো যুক্তরাষ্ট্রের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি আলোচনায় বসতে পারেনি এবং আজ তার চড়া মূল্য দিতে হতে পারে আমাদের তৈরি পোশাক খাতকে, যেখানে লাখো শ্রমিকের জীবন-জীবিকা জড়িয়ে আছে।

ট্রাম্পের চিঠিতে বলা হয়েছে, বাংলাদেশ চাইলে তার বাণিজ্য বাজার যুক্তরাষ্ট্রের জন্য খুলে দিলে এবং শুল্ক ও অশুল্ক বাধা কমালে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার সুযোগ আছে। অর্থাৎ এখনো সময় রয়েছে, কিন্তু সেটি দ্রুত কমে আসছে। এখন আমাদের প্রয়োজন দুর্বল ও বিভ্রান্তিকর পদক্ষেপ নয়, বরং সুপরিকল্পিত, সম্মানজনক ও শক্তিশালী কূটনীতির মাধ্যমে মার্কিন প্রশাসনের সঙ্গে টেবিলে বসা। প্রশ্ন হলো, আমরা কি সেই কৌশল তৈরি করেছি? নাকি কেবল চিঠি পাওয়ার পর তা পড়ে জনগণকে জানিয়ে দায় শেষ করছি?

আন্তর্জাতিক সম্পর্ক নির্ভর করে আন্তরিকতা, স্বচ্ছতা ও কৌশলের সমন্বয়ের ওপর। দেরিতে হলেও এখন আমাদের উচিত জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দ্রুত ও বাস্তবভিত্তিক আলোচনায় নামা। কারণ, একবার যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের অবস্থান দুর্বল হয়ে গেলে তা পুনরুদ্ধার করা শুধু কঠিন নয়, সম্ভবত অসম্ভবও।

# সাঁড়াশি সেনা অ্যাকশনই মবের মোক্ষম দাওয়াই!

মোস্তফা কামাল



সরকারের কোনো ডাকঢোলহাই, হুঁশিয়ারি শুনছে না মবকারীরা। করোনা-ডেঙ্গুর ভয়ও করছে না। সেনাবাহিনী যে মাঠে আছে, তা-ও যেন গায়ে মাখার বিষয় নয়। এমনকি মব সম্বোধন করলে অপমানিত হয়, মাইন্ড করে। আরো বেশি উদ্যমে হামলে পড়ে। সেনাবাহিনীর কয়েকটি অ্যাকশনের মাঝে কিছুদিন দম নিলেও মবেরা আসলে দমেনি। সম্প্রতি নতুন তেজে নামছে। আজ এখানে, কাল ওখানে। নিত্যনতুন স্টাইলে।

ঘটনা বিশ্লেষণে এখন আর ধারণা নয়, জনমনে বিশ্বাস, সেনাবাহিনীর বিশেষ অ্যাকশন ছাড়া মব নামের এ বিপদ রোখা যাচ্ছে না। এ প্রশ্নে সেনাবাহিনীর কোনো বিকল্প নেই। ম্যাজিস্ট্রেসি পাওয়ার নিয়ে মাঠে থাকা সেনাবাহিনী এর আগে মব বিষয়ে তাদের ম্যাসেজ পরিষ্কার করেছে। তাতেও কাজ হচ্ছিল না। ঢাকা-রংপুরসহ কয়েক জায়গায় অন দ্য স্পটে কয়েকটি অ্যাকশন নিলে কয়েক দিন পরিস্থিতির একটু উন্নতি হয়। সরে সরে থাকে মবপাণ্ডারা। এতে আশাবাদী হয়ে ওঠে মানুষ। কিন্তু সাম্প্রতিক পরিস্থিতি আবার বাজে বার্তা দিচ্ছে।

যোগদৃষ্টে সচেতনদের বোধগম্য যে বিচ্ছিন্ন অ্যাকশন নয়, আর হুমকি-ধমকির মেডিসিনও নয়। বিশেষায়িত সেনা পদক্ষেপের বিকল্প কোনো দাওয়াইতে মব রোগ সারবে না। আবার এ কথাও সত্য, সেনা সদস্যরা মাঠে থ াকাতেই মব সন্ত্রাসীরা কিছুটা হলেও এদিক-ওদিক চেয়েচিন্তে এগোয়। বেশিদিন এভাবে চলতে দিলে ওরা তা-ও করবে না। তখন রোখা কঠিন হবে। এর আগেই সাঁড়াশি অ্যাকশন জরুরি। মবের বিরুদ্ধে সেনাপ্রধান ও সেনাবাহিনীর হুঁশিয়ারির মর্যাদা রক্ষাও জরুরি।

মব বরদাশত না করার কথা সেনাপ্রধান কঠোর ভাষায় অনেক আগেই দিয়েছেন। সেনা সদর থেকেও 'মব ভায়োলেন্স'-এর বিরুদ্ধে সেনাবাহিনী কঠোর অবস্থানের কথা জানিয়ে রাখা হয়েছে। হুমকি-ধমকি বা কঠোর ভাষার সঙ্গে এখন দরকার আর পেছনে না তাকিয়ে কড়া পদক্ষেপ। মানুষ সেই অপেক্ষাই করছে। পরিস্থিতি এমন জায়গায় এসে ঠেকেছে, মবের বিরুদ্ধে সেনাবাহিনীর অ্যাকশন দেখলে মানুষ শুধু বর্তমান নিয়ে নয়, ভবিষ্যতের জন্যও আশাবাদী হবে।

> আবার জিজ্ঞাসাও আছে, মেজিস্ট্রেসি পাওয়ার থাকার পরও মবের ক্ষেত্রে তা প্রয়োগ হচ্ছে না কেন? চব্বিশের প্রাপ্তি ও সেনা-জনতার সম্মিলন হাত ছাড়া হয়ে গেলে মব সন্ত্রাসের মতো রোগ নানা উপসর্গ নিয়ে আরো শক্তিশালী হবে। এখনো মানুষের কাছে বড় ভরসার জায়গা সেনাবাহিনী ও তার ম্যাজিস্ট্রেসি

এরই মধ্যে অফিস, আদালত, থানাসহ সমাজ ও দেশের বিভিন্ন স্তরে মবকাণ্ড যে ভয় ও আতঙ্ক তৈরি করেছে সেনাবাহিনীর হস্তক্ষেপ ছাড়া জনগণের মধ্যে স্বস্তি ফেরার লক্ষণ নেই। সেনাবাহিনীর সুবিধা হচ্ছে, একে একে বিভিন্ন প্রতিষ্ঠানে অকার্যকর অবস্থা তৈর করলেও পেশাদারিত্ব-প্রশিক্ষণ-গ্রহণযোগ্যতা মিলিয়ে এ বাহিনীটির মর্যাদা ক্রমে উচ্চাসনে। সেনাবাহিনীর হস্তক্ষেপ আইনের শাসনকে শক্তিশালী করে এবং জনগণের মধ্যে আইনের প্রতি শ্রদ্ধাবোধ তৈরি করতে সাহায্য করে। সেনাবাহিনীও মব বিষয়ে তাদের অবস্থান বদলায়নি।

সেনা সদরের সর্বশেষ ব্রিফিংয়েও জানানো হয়েছে, মব ভায়োলেন্সের বিরুদ্ধে বাংলাদেশ সেনাবাহিনী সোচ্চার ছিল, আছে এবং ভবিষ্যতেও থাকবে। পটিয়ার ঘটনায় সেনাবাহিনী ত্বরিতগতিতে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণের উদাহরণ টানা হয়েছে ব্রিফিংয়ে। মববাজ আটকের পর আইনি প্রক্রিয়ার জন্য আদালতে হস্তান্তর করা হয় উল্লেখ করে বলা হয়েছে, পরবর্তী সময়ে কেউ জামিন পেয়ে গেলে সেনাবাহিনীর কিছু করার নেই।

সেনাবাহিনী ধরবে, থানায় বা আদালতে সোপর্দ করবে, এরপর কোনো মববাজের জামিন পেয়ে যাবে-এমনটি কাম্য নয় মানুষের। কারণ সেনাবাহিনী বিচারিক ক্ষমতা নিয়েই মাঠে আছে। তাই সেনাবাহিনীর কাছে আরো বেশি অ্যাকশন বা পদক্ষেপ প্রত্যাশিত। শুধু দেশ রক্ষা নয়, যেকোনো দুর্যোগ-দুর্বিপাকে সশস্ত্র বাহিনীর জনগণের পাশে দাঁড়ানোর নানা দৃষ্টান্ত রয়েছে বলেই জনমানুষের এমন প্রত্যাশা। ৫ আগস্ট তো এই প্রত্যাশার পারদে আরো পালক যোগ করেছে বাংলাদেশ সেনাবাহিনী। সেনা-জনতা একাকার হয়ে কিভাবে একটি কঠিন পরিস্থিতিকে আয়ত্তে আনা যায়, গোটা বিশ্ব তা দেখেছে। সেই অর্জন বাধাগ্রস্ত হবে মব নামের কতিপয় উচ্ছৃঙ্খলের হাতে? এরা মোটেই দেশের কোনো দল বা প্রতিষ্ঠানের চেয়ে শক্তিধর নয়। ভয়-আতঙ্ক, বোপমোয়াপনাই তাদের পুঁজি। সাম্প্রতিক সময়ে এরা ভয়াবহ সামাজিকব্যাধি। এই দুষ্টচক্র একদিকে বিচারহীনতার প্রতীক, অন্যদিকে রাজনৈতিক প্রতিহিংসার নতুন কদাকার রূপ। প্রকাশ বিভিন্নতায়। সামাজিক, রাজনৈতিক,

এরপর ৩৬ পৃষ্ঠায়

# তবুও ধর্ষণ থেকে রক্ষা পাইনি

সামছুদ্দীন আজাদ

এই কান্না আর আর্তনাদ তোলার এক ধর্ষিতা নারীর। বাবা ডেকেছি, ভাই ডেকেছি, কেঁদে কেঁদে আত্মরক্ষা করতে চেয়েছি -থামেনি ধর্ষকরা, পায়ে ধরে কান্নাকাটি করেছি তারপরও বিএনপ্থির ধর্ষক দল থেকে নিজেকে রক্ষা করতে পারিনি। বাড়িতে এসে দুইবার আত্মহত্যা করতে চেয়েছি, পরিবারের দিকে তাকিয়ে আর করতে পারিনি। এই কান্না তোলার এক অসহায় স্ত্রীর। স্বামীকে আটকে রেখে চার লাখ টাকা চাঁদা দাবি করে শ্রমিক দলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদ ও তার সাঙ্গোপাঙ্গরা। চাঁদা দিতে অপারগতা প্রকাশ করলে ক্ষিপ্ত হয়ে এস এস পাইপ আর লোহার রড দিয়ে পিটিয়ে রক্তাক্ত করে জখম করে। ধর্ষিতা স্ত্রী আটক স্বামীকে ছাড়িয়ে আনতে গেলে আরেক জায়গায় আবারো আটকে রেখে পালাক্রমে ধর্ষণ করে বিএনপ্থির সন্ত্রাসী ফরিদ উদ্দিন ও আলাউদ্দিন।

ধর্ষণ শেষে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয় স্বামী-স্ত্রীকে কাউকে না বলার শর্তে। এই হলো আজকের বাংলাদেশের প্রকৃত চিত্র। এখানে বলা প্রয়োজন বিএনপি দীর্ঘদিন ক্ষমতার বাইরে, তাদের নেত্রী অসুস্থ ছিলেন একই সাথে কারারুদ্ধ ছিলেন - অনিয়ম ও দুর্নীতির কারণে, দেশে যেহেতু কোনো আইন কানুন নাই - তিনি সব অপরাধ থেকে মুক্ত হয়ে ফ্রি হয়ে গেছেন - এরই মধ্যে লন্ডন গিয়ে চিকিৎসা শেষে দেশে ফিরেছেন। তার পুত্রধন যিনি দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তিনিও ওয়ান ইলেভেন এর সময় সেনাবাহিনীর হাতে মার খেয়ে মুচলেকা দিয়ে লন্ডন চলে গেছেন নির্বাসনে। তার বিরুদ্ধেও রয়েছে অনেক অনেক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ। সবচেয়ে বড় অভিযোগ তিনি ২১শে আগস্ট গ্রেনেড হামলার আসামী। ২০০৪ সালের একুশে আগস্ট বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের সন্ত্রাসবিরোধী সমাবেশে ১১ টি গ্রেনেড হামলা করে শেখ হাসিনাকে হত্যা করতে চেয়েছিলেন, সেদিনের সেই ভয়াবহ বোমা হামলায় ২৪ জন খুব মর্মান্তিকভাবে নিহত হয়েছিল, বেগম আইভি রহমানের ভয়াবহ মৃত্যুর দৃশ্য দেশবাসী দেখেছে। আহত হয়েছে কয়েক শত নেতাকর্মী। বোমার স্প্লিন্টারের আঘাতে কারো চোখ বেরিয়ে গেছে, কারো কান কেটে গেছে, কারো মাথার খুলি উড়ে গেছে, কারো হাত পা - শরীর থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। এমন ভয়াবহ চিত্র পৃথিবীর মানুষ সেদিন প্রত্যক্ষ করেছিল। এমন ঘটনা যখন ঘটানো হয় তখন -বেগম জিয়া ছিলেন প্রধানমন্ত্রী আর হাওয়া ভবনে বসে সমস্ত কুকর্ম করতেন এই তারেক রহমান। মা ছেলে দুজনেই একুশে আগস্ট গ্রেনেড হামলার আসামী। দেশে কোন আইন কানুনের বালাই নাই বলে ওদের কোন বিচার হয়নি - ওরা আজ আবারো স্বপ্ন দেখছে ক্ষমতায় বসার। মা স্বপ্ন দেখছেন অথবা স্বপ্ন দেখানো হচ্ছে তাকে রাষ্ট্রপতি বানানো হবে আর ছেলে স্বপ্ন দেখছেন প্রধানমন্ত্রী হওয়ার। এই হল বাঙালির চরিত্র। বাঙালি খুব সহজে অতীত ভুলে যায় - যারা এত অপকর্ম করেছে, লুটপাট করেছে, হত্যা ধর্ষণ করেছে - তাদেরকে আবারো ক্ষমতায় বসানোর চিন্তাভাবনা করছেন। আর এই দেশের যারা শিক্ষিত মানুষ, সচেতন মানুষ, যাদেরকে মানুষ বিবেকবান বলে মনে করেন ওই সমস্ত শিক্ষিত লোকেরাও দলবাজির কারণে কোন সত্য কথা বলে না - অনর্গল মিথ্যা কথা বলে, ওরাও প্রত্যেকে চরিত্রহীন লম্পট এর মত কথাবার্তা বলে।



দেশে যারা ক্ষমতায় থেকে চুরি ডাকাতি করেছে, মানুষ খুন করেছে, ধর্ষণ করেছে, জঙ্গিবাদের পৃষ্ঠপোষকতা করেছে -এগুলো ইতিহাস, এগুলো দলিল, এগুলো কোনদিন আড়াল করা যাবে না। আজ আমার দেশের শিক্ষিত লোকেরা এসব নিয়ে কোন কথা বলে না, এমনকি আইন আদালতে যারা আছেন - আইনজীবী, বিচারক পর্যন্ত সবাই চরিত্রহীন, ভন্ড প্রতারক, দলীয় চাটুকারি করার জন্য ন্যায়নীতিকে বিসর্জন দিয়েছে বলে আজ বাংলাদেশে দিনের পর দিন সন্ত্রাস নৈরাজ্য অবিচার ব্যভিচার চলছে, কেউ নিয়ন্ত্রণ করতে পারছে না। গোটা দেশ হয়ে উঠেছে সন্ত্রাস আর জঙ্গিবাদের আশ্রয়স্থল।

একইভাবে আমি আওয়ামী লীগকেও অভিযুক্ত করব-দীর্ঘ ১৬ বছর ক্ষমতায় থ াকার পর কেন তারা এসব খুনি, বোমাবাজ, ধর্ষক, লুটেরাদের বিচার করতে পারেনি-অনেক আসামিকে কারাগারে আটক রাখার পরও তার বিচার করতে পারেনি। মামলা যারা পরিচালনার দায়িত্বে ছিলেন-রাষ্ট্রপক্ষের আইনজীবী, আইন মন্ত্রণালয়, অ্যাটর্নি জেনারেল, প্রসিকিউটার, পিপি সহ যারা বিচার কাজে সংশ্লিষ্ট ছিলেন প্রত্যেকে ছিলেন দুর্নীতিবাজ, চরিত্রহীন লম্পট আর অযোগ্য-তারা টাকা খেয়ে আসামিদের পক্ষে কাজ করতেন, মামলার জন্য বারবার সময় নিতেন, অযথা কালক্ষেপণ করতেন- এভাবে বছরের পর বছর পার হয়ে যেত, খালেদা জিয়ার মামলার জন্য কত হাজার বার তারিখ পেছানো হয়েছে - যা ছিল হাস্যকর।

সরকারের আইন বিভাগ যে টিটার বাটপারে ভরা ছিল তারই প্রমাণ। সাগর রুনি হত্যা মামলায় তারিখ নিয়ে কত তামাশা হয়েছে যা একটি সরকারের জন্য যথেষ্ট। আর যারা সবচেয়ে বেশি আওয়াজ তুলেছে দীর্ঘ ১৬ বছর ধরে - সাগর রুনি হত্যাকান্ডের বিচার নিয়ে তারা নিজে এখন চুপচাপ হয়ে গেছে এটা এমনিতে চাপা পড়ে গেছে। এখন তো আওয়ামীলীগ ক্ষমতার বাইরে প্রায়

এরপর ৪০ পৃষ্ঠায়

> সোশ্যাল মিডিয়ায় মিথ্যাচার ও অতিরঞ্জন বন্ধ করতে হবে। এটা করতে না পারলে বিপদ খুব বেশি দূরে নেই। শুধু আইন করে সবকিছু নিয়ন্ত্রণ করা যায় না। আইন মানা বা আইন মানতে বাধ্য করা গুরুত্বপূর্ণ। তবে এ মাধ্যমে মিথ্যাচার চিরতরে বন্ধ করতে পারে আমাদের সততা ও সচেতনতা। এটা ছেলেখেলা নয়। এটা যে গর্হিত অপরাধ, সেই চেতনা সবার আগে জাগ্রত হওয়া দরকার

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# যে বন্ধন জুলাইয়ের...

মানজুর-আল-মতিন

চিত্রগ্রাহক শহিদুল আলম ভাইয়ের সঙ্গে বছর সাতেক আগে আমার ছেলের একবার দেখা হয়েছিল। তিনি তখন তাঁর ফোল্ডিং সাইকেলটা চালিয়ে ধানমন্ডি দিয়ে যাচ্ছিলেন। আমার ছেলে তার নানির সঙ্গে রিকশায় বসে। হুডের ফাঁক দিয়ে মুখ বাড়িয়ে অবাক হয়ে ও সাইকেলটা দেখছিল। শহিদুল ভাই ওকে কিছুটা অবাক করে দিয়ে জিজ্ঞেস করেছিলেন, 'সাইকেল চালাতে পারো?'
চব্বিশের জুলাই অমন করে জীবনে না এলে, তাঁর সঙ্গে আমার বা আমার পরিবারের কোনো সদস্যের এর চেয়ে বেশি আলাপ হওয়ার সম্ভাবনা ছিল না বললেই চলে। কিন্তু চব্বিশের অবিস্মরণীয় আষাঢ় আমাকে এবং আমার স্ত্রী সাবরীকে নিয়ে গিয়েছিল শহিদুল ভাই আর রেহনুমা আপার বইয়ে ঠাসা বসার ঘরটাতে। সঙ্গে ক্যামেরাবন্দী বিদ্রোহের আগুন, মনে লড়াইয়ের দৃপ্ত প্রত্যয়।
সাবরী বরাবরই মৃদুভাষী। উচ্চকণ্ঠ হওয়া তার স্বভাববিরুদ্ধ। কিন্তু সেবার বর্ষার অবিশ্রান্ত বর্ষণও তার মনের আগুনকে নেভাতে পারেনি। সে-ও তো একজন মা! এত সন্তানের রক্তস্রোত মায়েদের ঘরে থাকতে দেয়নি। তাই সেদিন যখন শাহবাগে বন্ধু তাজনূভার সঙ্গে সাবরী গিয়ে হাজির হয়েছিল পুলিশের বাধা ডিঙিয়ে প্রতিবাদে শামিল হতে, নিয়তির লিখনে তাদের পাশে এসে দাঁড়িয়েছিলেন সামিনা লুৎফা। মঞ্চে 'খনা' চরিত্রে তাঁর অনবদ্য অভিনয়ের গল্প এর আগে অনেক শুনেছি। কিন্তু তাঁকে চিনে ওঠার সুযোগ জীবনে জুলাই না এলে হতো কি?
এরই মধ্যে ঝড়ের পাখির মতো বাসায় এসে হাজির হলো রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্যতম ছাত্রনেতা মাসুদ রানা। ঢাকায় তিন-চারবার বাসা পাল্টানো তত দিনে হয়ে গেছে তার। কিন্তু গ্রেপ্তার হয়ে গেলে মুখ থুবড়ে পড়তে পারে গোটা রাজশাহীর আন্দোলন। জুলাই না এলে মাসুদের কোনো দিন আমাদের পরিবারের সদস্য হয়ে ওঠা হতো না। কিন্তু আজ তো মনে হয় ও চিরকাল আমাদেরই একজন।
জুলাইয়ে অনেক পুরোনো মানুষকে নতুন করে চিনেছি। অনেকের সঙ্গে হৃদয়ের বন্ধন, গন্তব্যের মিল স্পষ্টতর হয়েছে। এমনকি বিজয়ের পরেও বহু অচেনা সহযোদ্ধাকে চেনার সুযোগ হয়েছে, যারা একই মোক্ষ লাভের জন্য লড়াই করেছেন অভ্যুত্থানের দিনগুলোতে, এখনো হেঁটে চলেছেন সেই পথে।
বরিশালে গিয়ে দেখা হয়েছে ছাত্রনেতা সুজয়ের সঙ্গে। মাসুদেরও সুজয়ের সঙ্গে দেখা সেই প্রথম। অথচ জুলাইয়ে তাদের মধ্যে কথা হয়েছে ফোনে, চরম হতাশার মুহূর্তে আন্দোলন চালিয়ে যাওয়ার প্রচেষ্টায়। আমার সঙ্গে অন্যদের ছবি তোলার আগ্রহ দেখে সুজয় মজা করে বলেছে, 'জুলাইয়ের পর দুই জিনিসের দাম বেড়েছে, এক তেলের আর দুই আপনার!' হাসি-আড্ডা আর তপ্ত বিতর্কে মনে হয়নি এই যোগাযোগটা মাত্র কয়েক দিনের। জন্মান্তরের বন্ধন যেন!
অদেখা যে স্বপ্নের দেশের কথা গ্রাফিতিতে বলে গেছে আমাদের সন্তানেরা, তার নাগাল পেতে এখনো হয়তো অনেক বাকি, কিন্তু একা একা স্বপ্ন দেখার চেয়ে কয়েকজন মিলে স্বপ্ন দেখা শ্রেয়তর নয় কি?



জুলাইয়ে প্রাণাধিক প্রিয় সুহৃদ যে কেবল আমি আর সাবরীই খুঁজে পেয়েছি তা নয়। যাঁরা কালের অমোঘ প্রবাহে জুলাইয়ের মহারণে যুক্ত হয়েছিলেন, তাঁরা সবাই এমন সব মানুষের খোঁজ পেয়েছেন, যাঁদের হাতে হাত রেখে হাসিমুখে মৃত্যুর মুখোমুখি হওয়া যায়। আমাদের দৈনন্দিন ছাপোষা জীবনে এমন মানুষ খুঁজে পাওয়া ভার। কিন্তু সময়ের সেই সব বাঁকে এই মানুষদের খুঁজে পাওয়া যায়, যখন মহাকাল নতুন করে ইতিহাস লেখে।
বর্ষার নবধারাজলে আবার যখন এ দেশের তপ্ত মাটি ভিজে উঠছে, তখন কেটে যাওয়া বছরটার দেনাপাওনার হিসাব মেলাতে বসেছি আমরা। 'জুলাইয়ে কী করেছি' রব তোলার পর এখন অনেকে নিভৃতে 'জুলাইয়ে কী পেলাম' তার হিসাব কষছেন। কারও কণ্ঠে হতাশার সুর, 'কী লাভ হলো এত কিছু করে?' আকাশছোঁয়া প্রত্যাশার অনেক কিছুই পূরণ হয়নি সত্য। বাস্তবতার নিরিখে অনেক কিছুই হয়তো হওয়ার ছিল না, আবার অনেক কিছু করার সময় হয়তো এখনো ফুরিয়ে যায়নি।
আমার খেরো খাতায় সবচেয়ে বড় প্রাপ্তি এই মানুষগুলো, এই সম্পর্কগুলো। কৃতজ্ঞতায় মন ভরে ওঠে যখন চারপাশের এই মানুষগুলোকে দেখি। এই মানুষগুলো বিজয়ী। তাঁরা জানেন কেমন করে ভয়ের টুঁটি চেপে ধরতে হয়। তাঁরা জানেন কীভাবে নিজ স্বার্থের তোয়াক্কা না করে যা ঠিক তা করে যেতে হয়। দেশের প্রতিটি প্রান্তে সমমনা মানুষগুলোর এই সম্পর্ক গড়ে দিয়েছে জুলাই। এরাই নতুন বাংলাদেশের আসল কারিগর।
নতুন বাংলাদেশ এক দিনে বা এক বছরে গড়ে উঠবে না। ওঠা সম্ভবও নয়। গণতন্ত্রের অগ্রযাত্রায় নির্বাচন অপরিহার্য। আগামী বছর নির্বাচনের মধ্য দিয়ে দেশে গণতন্ত্রের নতুন একটি অধ্যায়ের সূচনা হবে। কিন্তু সে কেবল সূচনা। বহু মত, বহু পথের মানুষের জন্য একটি নিরাপদ, স্বস্তিদায়ক শান্তির দেশ গড়ার পথ অনেক দীর্ঘ। সে পথে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কেবল সরকার কিংবা রাজনৈতিক দলের ভরসায় বসে থাকলে চলবে না। ইতিবাচক সামাজিক শক্তির সংঘবদ্ধ উপস্থিতি ছাড়া এ যাত্রায় পথ হারানোর ভয় পদে পদে।
তাই জুলাইয়ের সবচেয়ে বড় উপহার, মানুষে মানুষে এই আত্মার বন্ধনকে আমাদের কাজে এরপর ৩৬ পৃষ্ঠায়



ইতিবাচক সামাজিক শক্তির সংঘবদ্ধ উপস্থিতি ছাড়া এ যাত্রায় পথ হারানোর ভয় পদে পদে। তাই জুলাইয়ের সবচেয়ে বড় উপহার, মানুষে মানুষে এই আত্মার বন্ধনকে আমাদের কাজে লাগাতেই হবে। শহীদ আবু সাঈদের প্রসারিত বাহু আজ দেশের পথে-প্রান্তরে ছড়িয়ে পড়েছে। সে ডাক একতার, সে ডাক মৈত্রীর। আবু সাঈদদের আত্মত্যাগের বিনিময়ে যে প্রাণের বন্ধনে আমরা জড়িয়েছি, তার সুরভি ছড়িয়ে পড়ুক সময়ের সীমানা পেরিয়ে। অদেখা যে স্বপ্নের দেশের কথা গ্রাফিতিতে বলে গেছে আমাদের সন্তানেরা, তার নাগাল পেতে এখনো হয়তো অনেক বাকি, কিন্তু একা একা স্বপ্ন দেখার চেয়ে কয়েকজন মিলে স্বপ্ন দেখা শ্রেয়তর নয় কি?

# ক্ষুধা আর ভয়ের মধ্যে যেভাবে বর্ণমালা শিখছে গাজার শিশুরা

গাদা আবু মুয়ালেক

২০২৩ সালের ৬ অক্টোবর, শুক্রবার সন্ধ্যায় আমার বন্ধু দোয়া, যিনি গাজার একজন কিন্ডারগার্টেন শিক্ষক, ছাত্রছাত্রীদের জন্য নতুন কিছু পাঠ্য কার্যক্রম প্রস্তুতির কাজ শেষ করেছিলেন। পরদিন সকালে শিশুদের কাছ থেকে সেই কাজগুলোর প্রতিক্রিয়া দেখার জন্য তিনি ছিলেন ভীষণ উচ্ছ্বসিত। দুর্ভাগ্যজনকভাবে, পরদিন ৭ অক্টোবর যেন সব স্বাভাবিক জীবনের সমাপ্তি টেনে দিল। শুরু হলো এমন এক যুদ্ধ, যা সবকিছু চূর্ণবিচূর্ণ করে দিল।



সেই দিন থেকে, ইসরায়েলি বিমান হামলা গাজার প্রতিটি কোনায় আঘাত হানতে শুরু করে-বাড়ি, হাসপাতাল, স্কুল, এমনকি কিন্ডারগার্টেনের শ্রেণীকক্ষও রেহাই পায়নি। আমার বন্ধুর বাড়িটিও মাটির সঙ্গে মিশে যায়, যেখানে চাপা পড়ে যায় তাঁর পাঠদানের উপকরণ আর সেই খেলনাগুলো-যেগুলো তিনি তাঁর প্রিয় ছাত্রছাত্রীদের জন্য কিনেছিলেন, যেসব শিশুর বেঁচে থাকার পূর্ণ অধিকার ছিল।
গত শীতে, যখন ইসরায়েলি বাহিনী তাঁদের পাড়া ছেড়ে সরে যায়, তখন দোয়া স্মৃতির চিহ্ন খুঁজতে ধ্বংসস্তূপে ফিরে আসেন। ব্যক্তিগত জিনিসপত্র এবং পাঠদানের উপকরণ, গানের খাতা, জ্যামিতির আকৃতি ও পশুর মূর্তিগুলো খুঁজে পাওয়ার আশা নিয়েই তিনি ফিরে আসেন। শেষমেশ তিনি শুধু একটি বর্ণমালার বই আর কিছু চিত্রসমৃদ্ধ গল্পের বই খুঁজে পান। সেগুলো তিনি একটি ছোট বাক্সে তুলে রাখেন, উদ্ধার করা কিছু পোশাক আর রান্নার সামগ্রীর পাশে। যেন সেগুলো নিঃশব্দে তাঁকে বলছিল, 'হাল ছেড়ো না। এখনো আশা বেঁচে আছে।' দোয়ার ঘরের মতোই, ইসরায়েলি বোমা তার কিন্ডারগার্টেনের শ্রেণিকক্ষকেও ধ্বংসস্তূপে পরিণত করেছিল। তবে কয়েক মাস পর, শিক্ষার প্রতি গভীর ভালোবাসা এবং গাজার শিশুদের অজ্ঞতার অন্ধকারে ডুবে যেতে না দেওয়ার দৃঢ় সংকল্প থেকে, দোয়া আবার নতুন করে শুরু করেন। তিনি মাজাজি শরণার্থী শিবিরের একটি পাড়ায় ছোট একটি কক্ষ জোগাড় করেন। পড়াশোনার জন্য ঘরটি আদর্শ ছিল না। তবু দোয়া পরিশ্রমে কোনো কমতি রাখেননি সে জায়গাটিকে শিশুদের জন্য নিরাপদ শিক্ষাস্থলে রূপ দিতে। তিনি রঙিন ওয়ালপেপার ঝুলিয়েছেন, একটি ব্ল্যাকবোর্ড বসিয়েছেন এবং গাজার অবরোধ ও জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হওয়া সত্ত্বেও শিশুদের মানসিকভাবে শান্ত রাখতে রং, লেখার উপকরণ ও অনুপ্রেরণাদায়ী গান চালানোর জন্য স্পিকার সংগ্রহ করেছেন।



মাত্র ১৩ জন শিক্ষার্থী, যারা সবাই আশপাশ থেকে এসেছে, দোয়ার স্কুলে ভর্তি হয়। অনেক অভিভাবক, যাঁরা দৈনিক বোমাবর্ষণের আতঙ্কে থাকেন এবং গাজার ভেঙে পড়া যোগাযোগব্যবস্থার কারণে বিচ্ছিন্ন হয়ে আছেন, তাঁরা তাঁদের সন্তানদের স্কুলে পাঠাতে সাহস পান না। যুদ্ধের আগে শিশুরা বাসে করে স্কুলে যেত এবং নিরাপদে বাড়ি ফিরত। কিন্তু সেই সামান্য নিরাপত্তাটুকুও এখন নিখোঁজ-প্রতিদিনের সন্ত্রাসে ছিন্নভিন্ন।
যারা দোয়ার স্কুলে আসে, তারা বড় ভাই-বোন বা মা-বাবার সঙ্গে আসে। তারা ফিসফিস করে সতর্ক করে দেয়-'কোয়াডকপ্টার' ড্রোন ঘোরাঘুরি করছে এমন রাস্তা এড়িয়ে চলতে। এই ক্ষুদ্র, মারাত্মক ড্রোনগুলো কখনো সাহায্যের জন্য চিৎকার বা অ্যাম্বুলেন্সের সাইরেনের মতো শব্দ করে, যাতে মানুষ ভুল করে এগিয়ে গিয়ে হামলার শিকার হয়। ক্লাস চলাকালে হঠাৎ বিস্ফোরণে শিশুদের হাত থেকে কলম পড়ে যায়, তারা কানে হাত চাপা দিয়ে বসে পড়ে। দোয়া তাদের খেলা ও সান্ত্বনার মাধ্যমে শান্ত রাখার চেষ্টা করেন, যদিও যুদ্ধের ক্ষত তাদের মনে গভীরভাবে বসে গেছে। তিনি লক্ষ করেছেন-এই যুদ্ধ শিশুদের মনোজগৎ বদলে দিয়েছে। রং করার বই, রংপেনসিলের বদলে তারা এখন আলোচনা করে রাজনীতি, আটা কিংবা জিনিসপত্রের দাম নিয়ে। এই বাস্তবতায় পাঁচ বছর বয়সী শিশুদের অক্ষর শেখানো যে অনেক কঠিন, দোয়া আমাকে সেটি বলেছেন। আমি যখন দোয়াকে জিজ্ঞেস করি, শিক্ষার্থীরা তাঁকে সবচেয়ে কঠিন কী প্রশ্ন করেছে। তিনি বলেন, এক শিশু তাঁকে জিজ্ঞেস করেছিল, যুদ্ধ কবে শেষ হবে? তারা এমন বিশ্বাস নিয়ে প্রশ্ন করে, যেন তাদের শিক্ষকই এর উত্তর জানেন। দোয়া আশা দেন, 'খুব শিগগির আমরা আমাদের সুন্দর স্কুলে ফিরে যাব।' তবে তিনি জানেন, কিন্তু শিশুর চোখে সন্দেহ রয়েই যায় আর সেটাই তাঁর হৃদয়কে সবচেয়ে বেশি ভারাক্রান্ত করে। দোয়ার স্কুলের ১৩টি শিশুর প্রত্যেকের জীবনে আছে একটি করে অনন্য বেদনার গল্প। কেউ বসবাস করছে তাঁবুতে, কারণ তাদের ঘর ধ্বংস হয়ে গেছে। পুষ্টিহীনতা ও ক্ষুধার কারণে কেউ ভাঙা দাঁত, দুর্বল শরীর নিয়ে দিন পার করছে। আবার অনেকেই হারিয়েছে পরিবারের প্রিয়জনদের। ইসরায়েলের গণহত্যা ও দখলদারত্বের নিষ্ঠুরতার মাঝেও দোয়া আঁকড়ে ধরে আছেন তাঁর অক্ষর চেনার বই এবং সেই একগুঁয়ে আশাকে-যে আশায় তিনি বিশ্বাস করেন, তাঁর শিক্ষার্থীরা একদিন মৃত্যু ও যুদ্ধের বাইরেও শব্দ শিখবে। এই শিশুদের পক্ষ থেকে দোয়া আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান, তারা যেন দ্রুত পদক্ষেপ নেয় গাজার শিশুদের রক্ষায়, নিশ্চিত করে তাদের নিরাপদ শিক্ষা পাওয়ার অধিকার। তারা যেন একটি এমন বিশ্ব গড়ে তোলে, যেখানে শিশুদের শৈশব বিকশিত হতে পারে আর কোমল ডানাগুলো পাখা মেলতে পারে স্বপ্নের আকাশে।

লেখক : গাদা আবু মুয়ালেক গাজার ইসলামিক ইউনিভার্সিটি থেকে ইংরেজি সাহিত্যে স্নাতক এবং একজন ফ্রিল্যান্স লেখক। মিডল ইস্ট আই থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত।

কেউ বসবাস করছে তাঁবুতে, কারণ তাদের ঘর ধ্বংস হয়ে গেছে। পুষ্টিহীনতা ও ক্ষুধার কারণে কেউ ভাঙা দাঁত, দুর্বল শরীর নিয়ে দিন পার করছে। আবার অনেকেই হারিয়েছে পরিবারের প্রিয়জনদের। ইসরায়েলের গণহত্যা ও দখলদারত্বের নিষ্ঠুরতার মাঝেও দোয়া আঁকড়ে ধরে আছেন তাঁর অক্ষর চেনার বই এবং সেই একগুঁয়ে আশাকে-যে আশায় তিনি বিশ্বাস করেন, তাঁর শিক্ষার্থীরা একদিন মৃত্যু ও যুদ্ধের বাইরেও শব্দ শিখবে। এই শিশুদের পক্ষ থেকে দোয়া আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান, তারা যেন দ্রুত পদক্ষেপ নেয় গাজার শিশুদের রক্ষায়, নিশ্চিত করে তাদের নিরাপদ শিক্ষা পাওয়ার অধিকার। তারা যেন একটি এমন বিশ্ব গড়ে তোলে, যেখানে শিশুদের শৈশব বিকশিত হতে পারে আর কোমল ডানাগুলো পাখা মেলতে পারে স্বপ্নের আকাশে

# নিরস্ত্র থেকে সশস্ত্র আসিফ মাহমুদের রূপান্তর

> তবে বর্তমান সংকট অবশ্যই আটলান্টিক সাগরের সবচেয়ে বড় নীল তিমির সমপর্যায়ের। এক-এগারোর সময় কেউ সমস্যায় পড়লে রাষ্ট্রের কাছে আশ্রয় নেওয়ার সুযোগ ছিল এবং ক্ষেত্রবিশেষে রাষ্ট্র নিজে উদ্যোগী হয়ে অনেক ব্যবসাপ্রতিষ্ঠানের পাশে দাঁড়িয়েছিল। অন্যদিকে দেশের শীর্ষস্থানীয় শিল্পকারখানায় আগুন দিয়ে ছারখার করার পরও রাষ্ট্রের টনক নড়ছে না। শত শত বৃহৎ শিল্পপ্রতিষ্ঠানে মব তৈরি করে তছনছ করার পরও মব সন্ত্রাসের উল্লাসনৃত্য থামছে না। অধিকন্তু আরও নিত্যনতুন মবের জন্য উসকানি দেওয়া হচ্ছে। ফলে ২০২৪ সালের ৫ আগস্টের এগারো মাসের মাথায় অর্থনীতির শনির দশার যে চিত্র বাংলার আকাশবাতাসে উড়ে বেড়াচ্ছে, তা পৃথিবীর সবাই দেখতে পেলেও আমাদের কলিকালের সংস্কারবাদীরা দেখছেন না

শহীদুল্লাহ ফরায়জী



যে-বিপ্লবী একদিন রাষ্ট্রের কামান ও গুলির সামনে দাঁড়িয়েও ভীত হননি, মৃত্যুকে সংবর্ধিত করার অনুপ্রেরণা লালন করতেন, নিজের প্রাণ উৎসর্গের জন্য প্রস্তুত থাকতেন-হঠাৎ করে তিনি নিজের নিরাপত্তার প্রশ্নে পিস্তল কিনলেন এবং অস্ত্রের লাইসেন্স গ্রহণ করলেন-এই পরিবর্তন কেবল ব্যক্তিগত নয়, বরং বৃহত্তর সামাজিক-নৈতিক অবক্ষয়ের বহিঃপ্রকাশ।

এটি একজন ব্যক্তির সিদ্ধান্তের পেছনে লুকিয়ে থাকা সমাজের গভীর মনস্তত্ত্ব এবং রাষ্ট্রীয় ক্ষমতার সংস্কৃতির প্রতিফলন। এর পর্যালোচনা জরুরি। কারণ, একজন সাহসী প্রতিবাদীর এমন রূপান্তরের ভেতর দিয়েই সমাজের গতি-প্রকৃতি এবং ক্ষমতার অন্তর্নিহিত ভাষা প্রকাশিত হয়।

'২৪-এর জুলাই গণ-অভ্যুত্থানে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার অসম সাহসিকতা আমাদের জানা। তার অবস্থান ছিল কেবল কেন্দ্রে নয়; ইতিহাসের নির্মাণস্থলে।

স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে কোটা আন্দোলন যখন দানা বাঁধছিল, তখন সেটিকে সরকার উৎখাতের লক্ষ্যে রূপান্তরিত করার নেপথ্য কারিগরদের একজন তিনি। শুধু রাজপথে নয়, ছিলেন আন্দোলনের কৌশল নির্মাণেও। সেই অনিশ্চিত, দুঃসাহসিক সময়ের অভিজ্ঞতা নিয়ে 'জুলাই: মাতৃভূমি অথবা মৃত্যু' শিরোনামে একটি বইও লিখেছেন আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। রাষ্ট্রের সশস্ত্র বাহিনী যখন জনতার বুকে বন্দুকের নিশানা করেছিল, তখন আসিফ মাহমুদ সেই নিপীড়নের মুখোমুখি দাঁড়িয়ে ছিলেন বুক চিতিয়ে-নিরস্ত্র, কিন্তু নির্ভীক। তিনি মাথা নোয়াননি, বরং মাথা তুলে দাঁড়িয়ে রাজপথে তৈরি করেছিলেন এক অপরাজেয় নৈতিকশক্তি। মিছিলের পর মিছিলের শব্দে প্রকম্পিত হয়েছিল শহরের প্রতিটি চত্বর, তার ভূমিকা ও পদচারণায় আস্থা পেয়েছিল অস্থির সময়।

গণ-অভ্যুত্থানে আসিফ মাহমুদ যে, নিরস্ত্র থেকে সশস্ত্র রাষ্ট্রের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন, তা নিছক শারীরিক সাহস নয়; এটি ছিল নৈতিকদৃঢ়তা, আত্মত্যাগ ও দেশপ্রেমের এক গভীর শক্তি। তার সেই সময়কার অস্ত্র ছিল-জনগণের প্রতি দায়বদ্ধতা, নৈতিক ন্যায্যতার চেতনা, মৃত্যু ভয়কে অতিক্রম করার বিপ্লবী মানসিকতা।



পিস্তলের লাইসেন্স: নিরাপত্তার বোধ নাকি ক্ষমতার প্রতিচ্ছবি? পিস্তলের লাইসেন্স করা মানে নিছক নিরাপত্তা নয়; বরং এটি একপ্রকার সার্ভেল্যান্স মেন্টালিটি- নিজেকে 'টার্গেট' হিসেবে কল্পনা করা এবং নিজের ব্যক্তিগত সুরক্ষার নামে নিজেকে সশস্ত্র করা। আসিফ মাহমুদের অস্ত্র ধারণক্ষমতার অহংকার শুধু নয় বরং ক্ষমতার চূড়ায় উঠে আবার ভীত হয়ে পড়ার মনস্তাত্ত্বিক নিঃসঙ্গতাও প্রকাশ পেয়েছে। তিনি এখন আর জনগণের রক্ষাকবচ নন, বরং নিজের জন্য প্রহরী খোঁজা একজন ভীতসত্তা। ' সার্ভেল্যান্স মেন্টালিটি । অর্থাৎ নজরদারি-মনস্কতা, একধরনের মানসিক অবস্থা যেখানে মানুষ সবসময় বিশ্বাস করে যে, সে কারও নজরে আছে, কেউ তার গতিবিধি লক্ষ্য করছে এবং সে এক 'টার্গেট'। যখন কেউ ক্ষমতা বা অর্থের উচ্চতায় উঠে যায়, তখন তার মনে জন্মায় একধরনের অনুভূতি-'আমি এখন বিপদে পড়তে পারি।' সে ভাবে-যারা একসময় আমার পাশে ছিল, এখন তারাই আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করতে পারে। এই মানসিকতা তাকে বাস্তব বা কাল্পনিক 'শত্রু'র সন্ধানে রাখে। ফলে, সে নিজের সুরক্ষার জন্য অস্ত্রে ভরসা রাখে।

নিজেকে টার্গেট কল্পনা করা, 'আমি গুরুত্বপূর্ণ, আমি নজরদারির কেন্দ্রে-সুতরাং আমি ঝুঁকিতে'।

এখানে অস্ত্র হয়ে ওঠে-আত্মরক্ষার প্রতীক নয় বরং 'আমাকে কেউ ঘাঁটাবেন না'-এই ভয়ের উত্তরে একরকম ক্ষমতা প্রদর্শন। ক্ষমতা-সম্পদের অহংবোধ: গণ-অভ্যুত্থানে অসম সাহসিকতা তাকে এনে দিয়েছিল সম্মান; কিন্তু সেই সম্মানের মূলে ছিল জনগণের ভালোবাসা। তিনি যখন অস্ত্রকেই নিরাপত্তা মনে করেন, তখন তিনি আর জনগণের কাতারে নেই। তিনি এখন একা-ক্ষমতার নিঃসঙ্গ ছায়ায় দাঁড়িয়ে থাকা এক প্রতিচ্ছবি। আর এই নিঃসঙ্গতা তাকে ভবিষ্যতের সম্ভাবনা থেকে ছিন্ন করেছে। অহংকারের একটি মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্য হলো-'আমি যা অর্জন করেছি, তা হারানোর ভয়।' ক্ষমতা ও অর্থ মানুষকে একধরনের কৃত্রিম নিরাপত্তা দেয়, যা আবার সহজেই ভঙ্গুর। এই ভঙ্গুরতা থেকেই জন্ম নেয় অস্ত্রের প্রতি নির্ভরতা। জুলাই গণ-অভ্যুত্থানের পর যারা দেশ ছেড়ে পালিয়েছেন রাতের আঁধারে, তাদের অনেকের সীমাহীন টাকা এবং লাইসেন্সপ্রাপ্ত অস্ত্র ছিল- কিন্তু কেউ নিরাপত্তা বোধ করেননি। অস্ত্র কাউকে সুরক্ষাও দেয়নি। এ থেকে আমরা কেউ শিক্ষা নেই না।

নৈতিকতার অবক্ষয়: নিরস্ত্র অবস্থান একধরনের নৈতিক দৃঢ়তা দাবি করে। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে যখন তার নৈতিক অবস্থান দুর্বল হয় বা স্বার্থের সঙ্গে আপস করে, তখন মানুষ নিজেকে অস্ত্র দিয়ে নিরাপদ রাখতে চায়। পিস্তলের আবরণে বিবেকের শূন্যতা ঢাকতে চায়। নৈতিক দৃঢ়তা হারালে অস্ত্রই হয় শেষ ভরসা। পিস্তল তখন আত্মবিশ্বাসের ছদ্মবেশে লুকিয়ে থাকা এক আত্মগ্লানি।

গণ-অভ্যুত্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা: ছাত্র-সমাজ, শ্রমিক-শ্রেণি, সর্বস্তরের জনগণ, শিল্পী-সমাজ, বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন এবং নাগরিক সমাজের সম্মিলিত প্রচেষ্টায় জুলাই মাসের গণ-অভ্যুত্থান সফল হয়েছিল এরপর ৪২ পৃষ্ঠায়




# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে**
**অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে**
**ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# আপা, তখনই খবরটা এলো

শামীমুল হক



সুপ্রিয় হাসু আপা, দুঃখে কলিজা ফেটে যাচ্ছে। বেঁচে থাকতে এমন খবর পাবো কখনো ভাবিনি। বরং ভেবেছিলাম যতদিন আপনার শ্বাস-প্রশ্বাস থাকবে ততদিন বাংলাদেশের সরকার প্রধান থাকবেন আপনি। নিজ হাতে সেই বন্দোবস্ত নিজেই করেছিলেন সংবিধানে। সেই বন্দোবস্তের মাধ্যমে তিনটি নির্বাচনও করলেন। আর নির্বাচনের পর হাসিমাখা মুখে টিভি পর্দায় এসে বলেছেন, জনগণ আমাদের ভোট দিয়েছে। এ দেশে কোনোদিন বিএনপি-জামায়াত ক্ষমতায় যেন না আসতে পারে। এসব শুনে আপনার চেলাচামুণ্ডারা হাততালি দিতো। এতে আপনি গদগদ হতেন। কিন্তু কোথা থেকে কী হয়ে গেল বুঝলাম না। কোটা বিরোধী আন্দোলন দমাতে গিয়ে আপনার সব বাহিনীকে জনতার মুখোমুখি দাঁড় করিয়ে দিলেন। দেশে হয়ে গেল বিপ্লব। আপনি দেশ ছেড়ে পালিয়ে গেলেন। এ লজ্জা রাখি কোথায় আপা। বুধবার এ লেখা যখন লিখতে বসি তখনই খবরটা এলো। আদালত অবমাননা মামলায় আপনার ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে। তবে সুখের খবর হলো এ কারাদণ্ড বিনাশ্রম। এ খবর বিনা মেঘে বজ্রপাতের মতো ঠেকলো। আপা, ভাবা যায়- যে দেশ আপনার বাবা যুদ্ধ করে স্বাধীন করেছে। যে দেশের একক মালিক আপনার পরিবার। এসব কথা বুক ফুলিয়ে বিভিন্ন সভায় আপনি নিজেই বলতেন। সে দেশে আপনার কারাদণ্ড হবে! এটা বিশ্বাস্য। বিস্তারিত জেনে দেখলাম আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই সাজা দিয়েছেন। আপনি ক্ষমতাচ্যুত হওয়ার পর এই প্রথম কোনো মামলায় সাজা হলো। তাই না? গাইবান্ধার ছাত্রলীগ নেতা শাকিলের সঙ্গে আপনার টেলিফোন আলাপ ভাইরাল হয়েছে। ভারতে বসে ওই অডিও টেলিফোন আলাপে আপনাকে বলতে শোনা যায় আমার বিরুদ্ধে ২২৭টি মামলা হয়েছে, তাই ২২৭ জনকে হত্যার লাইসেন্স পেয়ে গেছি। ওই আলাপ ভাইরাল হওয়ার পর ট্রাইব্যুনালে আদালত অবমাননার এই মামলা হয়। পরে ওই কথোপকথনের ফরেনসিক পরীক্ষা করে 'সত্যতা' পাওয়ার কথা জানায় পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। এরই প্রেক্ষিতে গত ৩০শে এপ্রিল শেখ হাসিনা ও শাকিল আলম বুলবুলের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ দাখিল করেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর। এ মামলায় ছয় মাসের জেল হয়েছে আপনার। সঙ্গে শাকিলেরও।



সে যাই হোক। আপনার প্রায় ষোল বছরের ক্ষমতায় কিনা করেছেন আপনি? যত অপকর্ম করেছেন তার হিসাব করতে গেলে বাকি জীবনেও শেষ হবে না। কিন্তু, আপনি দেশত্যাগী হলেন। আপনার গোষ্ঠী দেশছাড়া হলো। আপনার কর্মের কারণে আপনার বোন ঝি বৃটেনের মন্ত্রিত্ব হারালেন। তারপরও আপনি বুক ফুলিয়ে ভারত থেকে আপনার লোকজনকে উস্কে দিচ্ছেন। আপনার দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলছেন, দেশের পঞ্চাশ ভাগ জনগণ আওয়ামী লীগের সমর্থক। অথচ গত তিনটি নির্বাচনে পাঁচ ভাগ ভোটও দিতে আসেনি কেউ। আর ওই নির্বাচনে জনসমর্থনের সঠিক তথ্যও বেরিয়ে আসেনি। হ্যাঁ, আপা মুখ যখন আছে কতো কিছুই বলা যায়। বলতে পারবেন। এই যে আপনার পুত্র সজীব ওয়াজেদ জয় তার ফেসবুক পেইজে জুলাই বিপ্লবকে দাঙ্গা হিসেবে উল্লেখ করেছেন। যে বিপ্লবে আপনাকে উড়ে যেতে হয়েছে ভিনদেশে। সেই বিপ্লবকে দাঙ্গা বলে কোন হিসাবে। এ মাথা নিয়েই সজীব ওয়াজেদ জয় আপনার উপদেষ্টা ছিলেন। এখন বুঝছি কেন আপনাকে দেশ ছাড়তে হলো নির্লজ্জভাবে। আচ্ছা একটু দেখে আসি জয় কি লিখেছে? সজীব ওয়াজেদ জয় লিখেছেন, ভুল বুঝতে পারা দুর্বলতা নয়, বরং সেটাই সাহসিকতার শুরু। আসুন, একসঙ্গে দেশ ও দেশের মানুষের পাশে দাঁড়াই। ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে সংঘটিত হওয়া 'জুলাই দাঙ্গা' ছিল বাংলাদেশের ইতিহাসে স্মরণকালের সবচেয়ে কালো অধ্যায়। বিদেশি রাষ্ট্রের অর্থায়নে আর উগ্রবাদী অপশক্তির মদতে সংঘটিত সেই দাঙ্গার পেছনে অনেকেই যুক্ত হয়েছিলেন- কেউ সচেতনভাবে, কেউবা না বুঝে বিভ্রান্ত হয়ে। পেশাজীবী সমাজের বহু সদস্য, যারা বছরের পর বছর দেশের জন্য কাজ করেছেন, সেই সময় ভুল তথ্য, গুজব ও প্রলোভনের ফাঁদে পা দিয়ে এই ষড়যন্ত্রের অংশ হয়েছিলেন। আজ, মাত্র ১০ মাসের ব্যবধানে অনেকেই বুঝতে পারছেন- তারা কী ভয়াবহ ভুলের অংশ ছিলেন। দেশের স্বাধীন, গণতন্ত্র ও মানুষের জীবনের নিরাপত্তা আজ হুমকির মুখে, একটি স্বৈরাচারী, জনগণের ম্যান্ডেটবিহীন গোষ্ঠীর হাতে। আমরা সোশ্যাল মিডিয়ায়, গণমাধ্যমে, কিংবা ব্যক্তিগতভাবে যাদের হতাশা, অনুশোচনা আর নিজেদের ভুল বুঝতে পেরে দুঃখ প্রকাশ করতে দেখছি- তাদের প্রতি আমাদের কোনো ক্ষোভ নেই, নেই প্রতিশোধের মনোভাব। আওয়ামী লীগ কখনোই প্রতিহিংসার রাজনীতি করে না। জাতির পিতা বঙ্গবন্ধুর আদর্শে, আমরা সব সময় ক্ষমার, সহমর্মিতার, আর ভবিষ্যতের দিকে তাকিয়ে চলেছি। আপনারা যারা ভুল বুঝেছেন, এখন যদি অন্তর থেকে উপলব্ধি করে থাকেন- তাহলে আসুন, দেশের স্বার্থে আবার এক হই। স্বাধীনতা ও গণতন্ত্রের পক্ষে, বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষায় একসঙ্গে কাজ করি। দল-মত-পেশা-অভিপ্রায় ভুলে গিয়ে, আজ সময় এসেছে বাংলাদেশকে এই স্বৈরশাসকের কবল থেকে রক্ষা করার। দেরিতে হলেও অবশেষে আপনাদের বোধোদয়ের জন্য আপনাদের ধন্যবাদ। এখন সময় দেশের পক্ষে কাজ করার। এখন সময় এরপর ৩৮ পৃষ্ঠায়

> প্রিয় হাসু আপা, মনে পড়ে কি? ১৯৯৬ সালের নির্বাচনের আগে দেশের মানুষের কাছে অতীতের ভুলের জন্য ক্ষমা চেয়েছিলেন। একটি বার সুযোগ চেয়েছিলেন। জনগণ সে সুযোগ দিয়েছিল। কিন্তু ষোল বছরে আপনার যে অর্জন তাতে এখন আপনাকে সুযোগ দিতে শতবার ভাববে। এটা নিশ্চিত করে বলতে পারি। তারপরও বলবো-এখনো সময় আছে, জনগণের কাছে ক্ষমা চান। জনগণ যদি ক্ষমা করে একবার না একবার আওয়ামী লীগ নিজের পায়ে দাঁড়াতে পারবে। মনে রাখবেন, হম্বিতম্বি দিয়ে কিছু করা যায় না। সাময়িক হয়তো সময়কে টেনে নেয়া যায়। কিন্তু শেষটা ভালো হয় না। যার সাক্ষী আপনি নিজেই। আজ এ পর্যন্তই। আপনার শুভবুদ্ধির উদয় হউক

# পিআর পদ্ধতির ভালো দিক, মন্দ দিক

বিভুরঞ্জন সরকার

বাংলাদেশে সংসদ নির্বাচন প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) অর্থাৎ আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতিতে হওয়া উচিত কি না-প্রশ্নটি সাম্প্রতিক সময়ে আলোচনার কেন্দ্রে উঠে এসেছে। একাধিক রাজনৈতিক দল যেমন এই পদ্ধতির পক্ষে মত দিয়েছে, তেমনি বিএনপির মতো বড় একটি দল এই ব্যবস্থার বিরুদ্ধে অবস্থান নিয়েছে। এই পদ্ধতি মূলত ভোট ও আসনের মধ্যে একধরনের আনুপাতিক সম্পর্ক প্রতিষ্ঠা করে, যেখানে একটি দল জাতীয়ভাবে যত শতাংশ ভোট পায়, তাদের সংসদে আসনের সংখ্যাও সেই অনুপাতে নির্ধারিত হয়। বাংলাদেশের মতো একটি বহুমাত্রিক রাজনীতির দেশে, যেখানে কিছু দল ৩০-৩৫ শতাংশ ভোট পেয়ে প্রায় একচ্ছত্র আধিপত্য প্রতিষ্ঠা করতে সক্ষম হয় এবং যেখানে ছোট বা মধ্যম আকারের দলগুলো প্রায় ভোটের বাইরে চলে যায়, সেখানে এই পদ্ধতি অনেক বেশি ন্যায়সংগত বলে অনেকে মনে করেন। আবার বাস্তবতাকে বিবেচনায় আনলে দেখা যাবে, এই পদ্ধতির কিছু দুর্বলতাও রয়েছে, যা আমাদের রাজনৈতিক সংস্কৃতি ও প্রশাসনিক কাঠামোর সঙ্গে সাংঘর্ষিক হতে পারে।

পিআর পদ্ধতির মূল যে সুবিধা, তা হলো, এতে ভোটের প্রতিফলন সংসদে আরও সঠিকভাবে ঘটে। একজন ভোটার যখন ভোট দেন, তিনি আশা করেন, তাঁর মত বা আদর্শের প্রতিনিধিত্ব সংসদে থাকবে। কিন্তু বর্তমানে প্রচলিত ফার্স্ট পাস্ট দ্য পোস্ট পদ্ধতিতে যিনি শুধু সবচেয়ে বেশি ভোট পান, তিনিই জয়ী হন। যদি একটি নির্বাচনী এলাকায় কোনো প্রার্থী ৩৫ শতাংশ ভোট পান এবং বাকি ৬৫ ভাগ ভোট অন্যদের মধ্যে বিভক্ত থাকে, তবু তিনিই নির্বাচিত হন। এর মানে হচ্ছে, ৬৫ শতাংশ ভোটারের মতামত অবজ্ঞা করা হলো। আবার জাতীয়ভাবে যদি কোনো দল ২০-২৫ শতাংশ ভোট পায়, কিন্তু তাদের সাংগঠনিক দুর্বলতা, বিত্তবৈভবের অভাব বা একক আসনে জেতার সক্ষমতা না থাকায় তারা একটি আসনও না পায়, তাহলে সেটি একটি গণতান্ত্রিক ব্যবস্থায় অস্বাভাবিক বলেই বিবেচিত হয়। পিআর পদ্ধতিতে এই সমস্যাগুলোর অনেকটাই সমাধান হতে পারে। এখানে প্রতিটি দলের প্রাপ্ত ভোটের হার অনুসারে সংসদে আসন বরাদ্দ হয়। ফলে ছোট দল, ক্ষুদ্র নৃগোষ্ঠী, নারী, ধর্মীয় সংখ্যালঘু, এমনকি নতুন রাজনৈতিক দলও সংসদে প্রতিনিধিত্বের সুযোগ পায়। এতে রাজনৈতিক বৈচিত্র্য বাড়ে এবং সমাজের বিভিন্ন স্তরের কণ্ঠস্বর সংসদে উঠে আসে।

তবে পিআর পদ্ধতির কিছু সীমাবদ্ধতাও রয়েছে। যেমন এই পদ্ধতিতে সচরাচর একক দল সংখ্যাগরিষ্ঠতা পায় না, ফলে সরকার গঠন করতে হয় জোটের মাধ্যমে। অনেক দেশে দেখা গেছে, জোট সরকার অস্থিরতা সৃষ্টি করে, সরকার বারবার ভেঙে পড়ে বা জোটসঙ্গীদের মধ্যে সংঘাত তৈরি হয়। ইসরায়েল বা ইতালির রাজনৈতিক ইতিহাস এ বিষয়ের প্রমাণ। আরেকটি বড় সমালোচনা হলো, পিআর পদ্ধতিতে ভোটার-প্রতিনিধি সরাসরি সম্পর্ক হারিয়ে যায়। বর্তমানে একটি নির্বাচনী এলাকায় একজন সংসদ সদস্য থাকেন, যিনি তাঁর এলাকার জনগণের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন। কিন্তু পিআর পদ্ধতিতে এমনটি হয় না। প্রার্থী নির্বাচিত হন দলীয় তালিকা থেকে, ফলে তাঁর জবাবদিহি দলের কাছে, জনগণের কাছে নয়। এই পদ্ধতিতে দলীয় হাই কমান্ডই প্রায় সব নিয়ন্ত্রণ করে, ফলে মনোনয়ন-বাণিজ্য, তোষামোদ ও অভ্যন্তরীণ গণতন্ত্রহীনতা আরও বেড়ে যেতে পারে। বিশেষ করে, যদি 'ক্লোজড লিস্ট' পদ্ধতি অনুসরণ করা হয়, তাহলে তালিকা প্রস্তুতকারীরা অঘোষিতভাবে সংসদ সদস্যদের নিয়ন্ত্রণ করবেন।



বিশ্বের বিভিন্ন দেশে পিআর পদ্ধতির বিভিন্ন রূপ ব্যবহার করা হয়। জার্মানিতে মিশ্র পদ্ধতি ব্যবহৃত হয়, যেখানে অর্ধেক আসনে সরাসরি নির্বাচন হয় এবং বাকি অর্ধেক আসনে দলীয় ভোটের ভিত্তিতে সদস্য নির্বাচন হয়। নেদারল্যান্ডস বা ইসরায়েলের মতো দেশে পুরো দেশকেই একটি একক আসন হিসেবে ধরা হয় এবং দলীয় ভোটের ভিত্তিতে প্রার্থী নির্বাচিত হন। দক্ষিণ আফ্রিকাও পিআর পদ্ধতি অনুসরণ করে, যা তারা বর্ণবাদ-পরবর্তী নতুন সংবিধানে যুক্ত করেছে। এসব উদাহরণ আমাদের সামনে কিছু দিকনির্দেশনা দেয়, কিন্তু বাংলাদেশের বাস্তবতা এসব দেশের মতো নয়।

বাংলাদেশের রাজনীতিতে দীর্ঘদিন ধরে দুটি বড় রাজনৈতিক দলের মধ্যে প্রধান প্রতিদ্বন্দ্বিতা চলে আসছে-আওয়ামী লীগ ও বিএনপি। তাদের বাইরের দলগুলো প্রায় গৌণ ভূমিকা পালন করে, সংসদে তাদের উপস্থিতি নেই বললেই চলে। অথচ জাতীয় পর্যায়ে ছোট দলগুলো ৩-৫ শতাংশ বা তার বেশি ভোট পায়, যদি পিআর পদ্ধতিতে গণনায় আসত, তাহলে তারা সংসদে একটি দৃশ্যমান অবস্থান পেতে পারত। আবার বহু উদাহরণ রয়েছে, যেখানে একটি দল ৪০ শতাংশ ভোট পেয়ে ৮০ শতাংশ আসন পেয়ে গেছে; কারণ, তারা প্রতিটি আসনে অল্প ব্যবধানে জিতেছে। এটা সত্যিকারের প্রতিনিধিত্ব নয়, বরং নির্বাচনী কৌশল ও ভাগ্যনির্ভর একক আধিপত্য। এই অসমতা ঘোচাতে পিআর একটি গ্রহণযোগ্য পথ হতে পারে।

বাংলাদেশের নির্বাচনী ব্যবস্থায় একটি বড় সমস্যা হচ্ছে, রাজনৈতিক অসহিষ্ণুতা, প্রতিহিংসার রাজনীতি ও সমঝোতার সংস্কৃতির অভাব। এরপর ৪২ পৃষ্ঠায়




> এটা নিছক একটি নির্বাচন পদ্ধতির প্রশ্ন নয়, এটা একটি রাষ্ট্রের রাজনৈতিক সংস্কৃতি ও গণতান্ত্রিক চরিত্র গঠনের প্রশ্ন। এখন প্রশ্ন হচ্ছে, আমরা কি সেই সংস্কৃতিতে প্রবেশের জন্য প্রস্তুত? যদি প্রস্তুতি না থাকে, তাহলে এই পদ্ধতি ব্যর্থ হবে এবং আরও বিভ্রান্তি তৈরি করবে। কিন্তু যদি রাজনৈতিক সদিচ্ছা, আইনগত কাঠামো ও সামাজিক প্রস্তুতি থাকে, তাহলে এটি হতে পারে আমাদের গণতান্ত্রিক অভিযাত্রার এক নতুন ও ইতিবাচক অধ্যায়। ভোট যেন শুধুই সংখ্যা না হয়, তা যেন জনগণের কণ্ঠে রূপ নেয়-এই লক্ষ্যেই আমাদের এগোতে হবে। সংখ্যানুপাতিক পদ্ধতি সেই পথের একটি সম্ভাব্য দিগন্ত খুলে দেয়। এখন প্রয়োজন সেই দিগন্তের দিকে হাঁটার সাহস, প্রস্তুতি ও আন্তরিকতা

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯+
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত





স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

SAUDI ARABIAN AIRLINES

DELTA AIR LINES · Biman BANGLADESH AIRLINES · AmericanAirlines · ETIHAD AIRWAYS · Emirates · QATAR AIRWAYS · KUWAIT AIRWAYS




দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# ট্রাম্পের শুল্কনীতি বাংলাদেশের গলার ফাঁস

ড. মাহবুব উল্লাহ্

যুক্তরাষ্ট্রে রপ্তানি হওয়া বাংলাদেশি পণ্যের ওপর বাড়তি ৩৫ শতাংশ শুল্কারোপের ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিবিসি নিউজ বাংলা থেকে জানা যায়, 'নতুন শুল্ক আরোপের তালিকায় বাংলাদেশের পাশাপাশি জাপান ও কোরিয়াসহ ১৪টি দেশ রয়েছে। তবে শুল্ক কার্যকরের সময় বিষয়টি কিছুটা পিছিয়ে দিয়েছেন ট্রাম্প। এর মধ্যে কোনো দেশের সঙ্গে বাণিজ্য চুক্তি না হলে ১ আগস্ট থেকে নতুন শুল্ক কার্যকর হবে। নতুন শুল্কারোপের কথা জানিয়ে ১৪টি দেশের নেতাদের কাছে চিঠি পাঠিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে পাঠানো চিঠিতে ট্রাম্প বলেছেন, ২০২৫ সালের ১ আগস্ট থেকে যুক্তরাষ্ট্রে পাঠানো বাংলাদেশি সব পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্কারোপ করা হবে। এই শুল্ক বর্তমানে খাতভিত্তিক যে শুল্ক দেওয়া হয়, তার অতিরিক্ত হিসাবে প্রযোজ্য হবে। ট্রান্সশিপমেন্টের মাধ্যমে পণ্য পাঠানো হলেও সেখানেও এই শুল্ক প্রযোজ্য হবে। চিঠিতে ডোনাল্ড ট্রাম্প লিখেছেন, 'অনুগ্রহ করে উপলব্ধি করবেন যে, আপনাদের সঙ্গে যুক্তরাষ্ট্রের যে বাণিজ্য ঘাটতি, বৈষম্য রয়েছে, তা দূর করার জন্য প্রয়োজনের তুলনায় অনেক কম। তবে বাংলাদেশের বিভিন্ন কোম্পানি যদি যুক্তরাষ্ট্রের পণ্য উৎপাদন করার সিদ্ধান্ত নেয়, তাহলে কোনো শুল্কারোপ করা হবে না।' সেখানে বলা হয়েছে, বাংলাদেশ যদি কোনো কারণে শুল্ক বৃদ্ধির সিদ্ধান্ত নেয়, তাহলে সেটা আরোপিত ৩৫ শতাংশ শুল্কের সঙ্গে নতুন করে যোগ হবে।

ডোনাল্ড ট্রাম্প আরও বলেন, তবে বাংলাদেশ যদি যুক্তরাষ্ট্রের জন্য দেশের বাজার উন্মুক্ত করতে চায় এবং শুল্ক, অশুল্কনীতি ও বাণিজ্য প্রতিবন্ধকতা দূর করে, তাহলে এ চিঠির কিছু অংশ তিনি পুনর্বিবেচনা করতে পারেন। যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের ওপর ভিত্তি করে এ শুল্ক হার বাড়ানো বা কমানো হতে পারে।

গত এপ্রিলে বিভিন্ন দেশের ওপর নতুন করে পাল্টা শুল্কারোপের বিষয়টি জানিয়েছিলেন ট্রাম্প। সেই সময় বাংলাদেশি পণ্যের ওপর ৩৭ শতাংশ শুল্কারোপের ঘোষণা দিয়েছিলেন ট্রাম্প। এর আগে ১৫ শতাংশ শুল্কে দেশটিতে পণ্য পাঠাতে পারত বাংলাদেশ। পরবর্তী সময়ে সেই ঘোষণা ৩ মাসের জন্য পিছিয়ে দেওয়া হয়। এর মধ্যে বিভিন্ন দেশকে চুক্তিতে পৌঁছানোর আহ্বান জানিয়েছিলেন ট্রাম্প। সেই সময় সীমা এই সপ্তাহে শেষ হতে চলেছে। ৯ জুলাই থেকে সেই শুল্ক কার্যকর হওয়ার কথা ছিল। তবে শুল্ক হারে কিছুটা পরিবর্তন এনে ১ আগস্ট থেকে কার্যকরের ঘোষণা দিয়েছিলেন ট্রাম্প।

মূলত যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি মেটাতে বিভিন্ন দেশের সঙ্গে পাল্টা শুল্কারোপ অথবা চুক্তির পথ বেছে নিয়েছে ট্রাম্প প্রশাসন। এরই মধ্যে কয়েকটি দেশের সঙ্গে চুক্তিতেও পৌঁছেছে তারা। শুল্ক ইস্যুতে আলোচনা চালাচ্ছে বাংলাদেশও। বাংলাদেশের একটি প্রতিনিধিদল এখন এই বিষয়ে আলোচনা করতে ওয়াশিংটনে রয়েছে। এর মধ্যেই নতুন শুল্কের ঘোষণা এলো।

ট্রাম্পের ঘোষণা অনুযায়ী, দক্ষিণ কোরিয়া ও জাপানের পাশাপাশি মিয়ানমার ও লাওসের পণ্যের ওপর ৪০ শতাংশ, থাইল্যান্ড ও কম্বোডিয়ার পণ্যের ওপর ৩৬ শতাংশ, সার্বিয়া ও বাংলাদেশি পণ্যের ওপর ৩৫ শতাংশ, ইন্দোনেশিয়ার ওপর ৩২ শতাংশ, দক্ষিণ আফ্রিকার পণ্যের ওপর ৩০ শতাংশ, মালয়েশিয়া ও তিউনিশিয়ার পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্কারোপ করা হয়। জাপান এবং দক্ষিণ কোরিয়া থেকে যুক্তরাষ্ট্রে প্রবেশ করা পণ্যের ওপর ২৫ শতাংশ কর আরোপের বিষয়টি আবার বিবেচনা করেছেন ট্রাম্প। এছাড়া ১ আগস্ট থেকে শুল্কারোপের বিষয়ে বিশ্ব নেতাদের কাছে আবারও চিঠি পাঠাচ্ছেন তিনি।



বিবিসি সংবাদ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক পাল্টা শুল্কারোপের বিষয়ে বেশ কিছু তথ্য জানা গেছে। বাংলাদেশের পক্ষ থেকে প্রতিক্রিয়া ব্যক্ত করে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে একটি চিঠি দিয়েছিলেন। এই চিঠিতে ড. ইউনূস বাংলাদেশের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে কিছু প্রস্তাব দিয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের আমদানির পরিমাণ বাংলাদেশ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে রপ্তানির চেয়েও অনেক কম। এর কারণ, বাংলাদেশের শিল্প উৎপাদনে অগ্রগতি সামান্যই হয়েছে। ড. মুহাম্মদ ইউনূসের চিঠিতে যুক্তরাষ্ট্রকে ছাড় দেওয়ার যেসব প্রস্তাব করা হয়েছে, তার চেয়ে বেশি কিছু করা বাংলাদেশের পক্ষে সম্ভব নয়। অন্যদিকে ডোনাল্ড ট্রাম্প ড. মুহাম্মদ ইউনূসকে বাণিজ্য শুল্ক নিয়ে যে চিঠি দিয়েছেন, তাতে স্পষ্ট বোঝা যায়, মিষ্টিমধুর কথার মোড়কে ট্রাম্প কঠোর অবস্থানেই রয়েছেন। বাংলাদেশ খুব বেশি কিছু আশা করতে পারে না।

বাংলাদেশসহ বিভিন্ন দেশের ওপর গত ২ এপ্রিল উচ্চহারে রেসিপ্রোক্যাল ট্যারিফ আরোপ করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পরে তা ৩ মাসের জন্য স্থগিত রাখা হয়, যার সময়সীমা শেষ হয় ৯ জুলাই ২০২৫। এ সময়ের মধ্যে বিভিন্ন দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের দরকষাকষি শুরু হয়। বাংলাদেশকেও রেসিপ্রোক্যাল ট্যারিফ বিষয়ক বাণিজ্য চুক্তির খসড়া পাঠিয়েছে দেশটি। কিন্তু ৯ জুলাইয়ের মধ্যে চুক্তি হওয়া নিয়ে এখনো সংশয় কাটেনি। দরকষাকষিতে যে সিদ্ধান্ত হোক না কেন, ট্রাম্পের শুল্কনীতি বাংলাদেশের ওপর ডেমিকলসের তরবারির মতো ঝুলছে। মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের তৈরি পোশাকের সবচেয়ে বড় বাজার। এছাড়া অন্য আরও কিছু পণ্য সামান্য পরিমাণে মার্কিন যুক্তরাষ্ট্রে রপ্তানি হয়। প্রস্তাবিত শুল্কারোপ হলে মার্কিন বাজারে বাংলাদেশ থেকে রপ্তানি করা তৈরি পোশাকের দাম বৃদ্ধি পাবে। এতে একদিকে মার্কিন এরপর ২৮ পৃষ্ঠায়



> যুক্তরাষ্ট্র যদি কোনো একটি দেশের কোনো প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা দেয়, সেটাও বাংলাদেশকে অনুসরণ করতে হবে। কোনো দেশের ওপর যদি তারা অতিরিক্ত কোনো শুল্কারোপ করে, তাহলে বাংলাদেশকেও তা করতে হবে। এ ছাড়া নির্দিষ্ট একটি দেশের সঙ্গে প্রতিরক্ষা ও সমরাস্ত্রবিষয়ক কোনো ইস্যুতে বাংলাদেশ জড়াতে পারবে না-এমন শর্তও দেওয়া হয়েছে বলে জানিয়েছে একটি সূত্র (সূত্র : বণিক বার্তা, ৮ জুলাই)। সোজা কথা হলো, যত ধরনের কূটনীতিই আমরা করি না কেন, যত ধরনের দরকষাকষি আমরা করি না কেন, ডোনাল্ড ট্রাম্পের শুল্কনীতি একদিকে বাংলাদেশকে অর্থনৈতিকভাবে বিপর্যস্ত করবে, অন্যদিকে বাংলাদেশের সার্বভৌমত্বও ক্ষুণ্ন হবে। বাংলাদেশ ভয়াবহ বিপদের মুখোমুখি রয়েছে

# জাতীয় নিরাপত্তার স্বার্থে জাতীয় ঐক্যের অপরিহার্যতা

মেজর জেনারেল (অব.) ফজলে এলাহী আকবর

> এ বিষয়ে সরকারি দায়িত্বশীলদের পাশাপাশি দেশের রাজনৈতিক নেতৃবৃন্দ, পেশাজীবী, বিশেষজ্ঞ ব্যক্তিদের সুস্পষ্ট সচেতনতা থাকা জরুরি। আমরা মনে করি, জাতীয় জীবনে যে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলার লক্ষ্যে এ বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান, সচেতনতা, সক্ষমতা, বাস্তবসম্মত প্রস্তুতি থাকা দরকার। এটা তখনই সম্ভব হবে, যদি বাংলাদেশের জাতীয় প্রতিরক্ষা ও নিরাপত্তাব্যবস্থার প্রয়োজনীয় উন্নতিকরণ ও কার্যকর ব্যবস্থার সক্ষমতাকে কৌশলগতভাবে সমৃদ্ধ করা হয়। এক্ষেত্রে দরকার দেশের রাজনৈতিক শক্তিগুলো, জনগণ এবং সরকারের সদিচ্ছা ও বাস্তবসম্মত পদক্ষেপ। এ পদক্ষেপ তখনই সম্ভব হবে, যদি জনগণ ও দেশের রাজনৈতিক শক্তি ও অন্য শক্তির পক্ষ থেকে সরকারের সঙ্গে মিলে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করা হয়

এফএসডিএসের (ফাউন্ডেশন ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ) মূল আদর্শ 'সবার আগে বাংলাদেশ' বা 'বাংলাদেশ ফার্স্ট' নীতি। এ নীতি-আদর্শের আলোকে আমাদের কাছে বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় নিরাপত্তার বিষয়টি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আমরা মনে করি, জাতীয় নিরাপত্তার স্বার্থে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করাই হচ্ছে সবার আগে বাংলাদেশ নীতির মূল লক্ষ্য। তাই সবকিছুর ঊর্ধ্বে দলমতনির্বিশেষে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করাই হলো রাষ্ট্রের জরুরি কাজ। বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, নিরাপত্তা রক্ষার ভিত্তি শক্তিশালী ও সমৃদ্ধ করাই হচ্ছে জাতীয় কর্তব্য। এ প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য হলো জাতিকে ঐক্যবদ্ধ করা, জাতীয় সংহতি ও অগ্রগতির জন্য সবার মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয় প্রতিষ্ঠা করা। 'জাতীয় নিরাপত্তার স্বার্থে জাতীয় ঐক্যের অপরিহার্যতা'-এটি শুধু একটি শিরোনাম নয়, বরং একটি রাষ্ট্রের অস্তিত্ব, ভবিষ্যৎ এবং স্বাধীনতার জন্য এক চরম বাস্তবতা। আমরা এমন একটি সময়ে দাঁড়িয়ে আছি, যখন ভূরাজনৈতিক উত্তেজনা, অভ্যন্তরীণ মেরুকরণ, অর্থনৈতিক বৈষম্য ও



বৈশ্বিক ষড়যন্ত্র আমাদের জাতীয় নিরাপত্তাকে নানাভাবে চ্যালেঞ্জ করছে। রাষ্ট্রের শত্রু সব সময় সীমান্তের ওপারে অবস্থান করে না, তা মাঝেমধ্যে সমাজের ভেতরেই বিভাজন, বিভ্রান্তি, গুজব, ঘৃণা আর আত্মঘাতী রাজনীতির মাধ্যমে জন্ম নেয়। এমন পরিস্থিতিতে আমাদের অস্ত্র হতে হবে জাতীয় ঐক্য। ঐক্যই আমাদের সবচেয়ে বড় প্রতিরক্ষা ব্যবস্থা। জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তির এ মাসে তাই সব শহীদ, নিপীড়িত, ছাত্র-জনতা, বিশেষ করে রাজনৈতিক কর্মী ও নেতৃত্বের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি; যাদের পরিশ্রমের ফলেই আজকে আমরা বাংলাদেশের একটি নতুন সম্ভাবনাময় পরিবেশ পেয়েছি। পাশাপাশি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যারা বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করে আমাদের জাতীয় পরিচয় ও মর্যাদাকে মহিমান্বিত করে গেছেন, তাদের সবার প্রতিও গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এক্ষেত্রে প্রায় দুই দশক ধরে স্বৈরাচার ও ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক আন্দোলনে যারা সংগ্রামী ভূমিকা রেখেছেন, তাদের প্রতিও কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা মনে করি, গণতন্ত্রের পূর্ণাঙ্গ যাত্রায় জাতীয় নিরাপত্তার স্বার্থে বাংলাদেশের জন্য বিশেষ কিছু উদ্যোগ নেওয়া জরুরি। কারণ রাষ্ট্র হিসাবে বাংলাদেশ বর্তমানে প্রকাশ্য ও অপ্রকাশ্য বিভিন্ন বিপদ, ঝুঁকি, ষড়যন্ত্র, বৈরিতা ও চ্যালেঞ্জের মুখোমুখি। ভূরাজনৈতিক কৌশলগত বৈশ্বিক ও আঞ্চলিক পটভূমিতে পরিস্থিতির জটিল মাত্রা ও পর্যায়গুলো বাংলাদেশকেও প্রভাবিত করছে। সাম্প্রতিক ইরান-ইসরাইল এবং ভারত-পাকিস্তান যুদ্ধের উদাহরণ এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ঘটনা।



মিয়ানমারের অভ্যন্তরীণ যুদ্ধাবস্থা, অস্থিতিশীলতা, রোহিঙ্গা সংকটের অনিশ্চিত গতি, রাখাইন রাজ্যে আরাকান আর্মির আধিপত্য বিস্তার, বাংলাদেশ সীমান্তে এর প্রভাব আঞ্চলিক, দ্বিপাক্ষিক ভূরাজনৈতিক হিসাব-নিকাশকে জটিল করে তুলেছে। পাশাপাশি বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন ঘটনাপ্রবাহ, ভারতের উত্তর-পূর্বাঞ্চলের অস্থিতিশীল পরিস্থিতি বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ।

বঙ্গোপসাগরকে কেন্দ্র করে রয়েছে বৈশ্বিক শক্তিগুলোর গোপন প্রতিযোগিতা ও অনাকাঙ্ক্ষিত তৎপরতা। এসব সংকটময় ও ঝুঁকিপূর্ণ পরিস্থিতি গণতান্ত্রিক বাংলাদেশ কায়েমের চলতি অভিযাত্রায় বিরাট এক বাধা, যা জাতীয় নিরাপত্তার জন্য বহুমুখী চ্যালেঞ্জ, সংশয়, অনিশ্চয়তা, অজানা ও গোপন আশঙ্কা সৃষ্টি করছে। তাছাড়া অনেক বিশেষজ্ঞ ব্যক্তিত্ব মনে করেন, সাম্প্রতিককালে পতিত একটি রাজনৈতিক শক্তির অপছায়া যে কোনো সময় দেশের ভেতরে গভীর সংকটের কারণ হয়ে দাঁড়াতে পারে। পাশাপাশি একটি দেশের নানাবিধ অন্যায্য আচরণ, পদক্ষেপ, বৈরী মনোভাব এবং তাদের গণমাধ্যমে পরিকল্পিতভাবে বাংলাদেশের বিরুদ্ধে মিথ্যা প্রচারণাও বাংলাদেশের জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

এর সঙ্গে আছে দেশি-বিদেশি বিভিন্ন চক্রের গোপন ও সন্দেহজনক তৎপরতা। তবে এটা স্পষ্ট করে বলতে চাই, গণতান্ত্রিক অভিযাত্রার চলমান প্রক্রিয়া ও প্রচেষ্টার ভেতর আমরা জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ বিভিন্ন রকম ঘটনাপ্রবাহ উপলব্ধি করতে পারছি। এ বিষয়ে সরকারি দায়িত্বশীলদের পাশাপাশি দেশের রাজনৈতিক নেতৃবৃন্দ, পেশাজীবী, বিশেষজ্ঞ ব্যক্তিদের সুস্পষ্ট সচেতনতা থাকা জরুরি। আমরা মনে করি, জাতীয় জীবনে যে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলার লক্ষ্যে এ বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান, সচেতনতা, সক্ষমতা, বাস্তবসম্মত প্রস্তুতি থাকা দরকার। এটা তখনই সম্ভব হবে, যদি বাংলাদেশের জাতীয় প্রতিরক্ষা ও নিরাপত্তাব্যবস্থার প্রয়োজনীয় উন্নতিকরণ ও কার্যকর ব্যবস্থার সক্ষমতাকে কৌশলগতভাবে সমৃদ্ধ করা হয়। এক্ষেত্রে দরকার দেশের রাজনৈতিক শক্তিগুলো, জনগণ এবং সরকারের সদিচ্ছা ও বাস্তবসম্মত পদক্ষেপ। এ পদক্ষেপ তখনই সম্ভব হবে, যদি জনগণ ও দেশের রাজনৈতিক শক্তি ও অন্য শক্তির পক্ষ থেকে সরকারের সঙ্গে মিলে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করা হয়। *[গত ৬ জুলাই এফএসডিএস কর্তৃক আয়োজিত 'জাতীয় নিরাপত্তার স্বার্থে জাতীয় ঐক্য অপরিহার্য,' শীর্ষক সংলাপে প্রদত্ত বক্তব্য।]*

লেখক: ফাউন্ডেশন ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজের (এফএসডিএস) চেয়ারম্যান।


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD & NATIONAL HEALTHCARE CHAMPION AWARD প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভুঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


MUNA CONVENTION 2025
AUGUST 8TH - 10TH, 2025
PENNSYLVANIA CONVENTION CENTER, PA
TORCHBEARERS OF ISLAM
SPREADING THE FAITH GLOBALLY
REGISTER NOW
WWW.MUNACONVENTION.COM
DR. OMAR SULEIMAN
IMAM DALOUER HOSSAIN
SAMI HAMDI
MOHAMMAD ELSHINAWY
DR. ALTAF HUSAIN
IMAM TOM FACCHINE
HAMZAH ABDUL-MALIK
IMAM SIRAJ WAHHAJ
ASIF HIRANI
SH. ABDUL NASIR JANGDA
LECTURE SERIES • CHILDREN RIDES • CULTURAL EVENTS • BAZAAR
YOUTH PROGRAMS • MATRIMONIAL SERVICES • SISTERS PROGRAMS
MUSLIM UMMAH OF NORTH AMERICA (MUNA)
WWW.MUSLIMUMMAH.ORG

# এই সপ্তাহের কবিতা



## এক চিলতে সোনা রোদ্দুর

বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

ফাল্গুন এখনও অনেক দেরি-
জল থই থই বর্ষাতেই তুমি চলে এসো।
বেজে উঠুক আষাঢ়ের কদম-কেয়ার
সুরভি মাখা সুরের অনুরণন।
শ্রাবণ সেতারে মুখরিত হোক নদি বুক।
বৃষ্টির ঝিরি ঝিরি হাওয়া মুছে দিক
আমাদের অভিমানি কথার ঢেউ।
জল আয়নায় চিনে নেই নিজেদের মুখ।
সরল বিশ্বাসে তুলে আনা দু'জনের
অমিয় সুখগুলো-
পাল্টে দিক মেঘের মুলুক।
জেগে উঠুক এক চিলতে সোনা রোদ্দুর।

লেখক: কবি, নিউইয়র্ক।





## জলের দাগ

সীমু আফরোজা

তোমায় দেখে ভেবেছি তুমি নও বাস্তব কেউ
মন আমার নোঙর তুলেছে ফেলেছে হৃদয় ঢেউ
সদ্য ফোটা পদ্মের মতো বিকশিত হাসি
অপলক দৃষ্টি মুক্ত ছড়িয়ে ভেসে যায় কেশরাশি
তুমি হেরা পর্বতের ভুর্মার নুড়ি
বিদ্যুত চমকে বাজাও প্রেমো বিহবল চুড়ি
তুমি আমার হৃদয়ে তুষারপাত
উষ্ণো পরশে ভেজা জলের দাগ
যার শুধুমাত্র রং হৃদয় দৃষ্টি জুড়ে
কলঙ্কিত ঢেউ নিশচিহ্ন করে তার মুছে মুছে

লেখক: কবি, নিউইয়র্ক।



## হায়'রে সময়!

এডভোকেট হামিদুল ইসলাম

আবার যদি এমন হত
শহর হত গ্রাম,
গোলা ভরা ধান রহিতো
গাছে লিচু, আম।

শান বাঁধানো পুকুরে 'দি'-
মাজতো বাসন-ঘটি,
আমি বসে অপর'পাড়ে
ধরতাম সরপুঁটি।

মা ডাকতো 'খোকা গেলি কই?
দুধ এনেছি খাঁটি,
এক চুমুকেই শেষ করে নে
বাবা ডাকছে বাটী'।

পোষা টিঁয়ে বার্তা নিয়ে
বসতো উড়ে এসে,
ছিপ'টি নে: আমি তখনো-
ঘাটের দক্ষিণ ঘেঁশে।

বাবা আসতো ছড়ি হাতে
'কোথায় আছে সেটা?
এক্ষুনি এসে পড়তে বস
নাইলে দেবো পেটা'।

সন্ধ্যা হতেই বাঁশ বাগানে
হাজার পাখির গান-
কিচির মিচির নানান সুরে
জুড়তো কল-তান।

শ্যামা মাসি ভোর না হতেই
বাই সাইকেলে এসে-
আঁচল ভরে শিউলি নিয়ে
বিদায় নিত হেসে।

এখন যেন সবাই কেমন
কেউ কারো আর নয়,
রবি ঠাকুর, কবি নজরুল-
হারিয়ে গেছে হায়!!

লেখক: কবি, নিউইয়র্ক।





## সীমানা পেরিয়ে

সুফিয়ান আহমদ চৌধুরী

স্বপ্ন বুনে বুনে হাঁটে জীবন
কর্ম দীক্ষায় গড়ায় সময়।
মানুষ সুখ সাগরে সাম্পান ভাসায়
অবশেষে বেদনার বালুচরে পড়ে থাকে,
হিসেব মিলে না সময় ও জীবনের
তবু নিরন্তর ছুটে চলা।

দেখে দূরে কোথাও চাঁদ ও তারার ঝিকিমিকি
দেখে সন্ধ্যার বাগানে অজস্র জোনাকির মিঠে আলো,
তখন আবার প্রাণ স্পন্দিত হয়
নতুন দিনের দুয়ার খুলে
যেতে চায় যেখানে শৈশব খেলা করে।

কে আর পারে হারানো দিন বাস্তাতে ফের
জীবন হয় না কখনো স্থির সবুজ কোনো দিনের উঠোনে।
যে উজ্জ্বল ভেলায় একদিন ভেসেছিল পথ
যে উল্লাস বুকে নিয়ে মুখরিত ছিলো পথের রথ
ক্রমে ক্রমে সেইসব দিন ঢেকে যায় আঁধারে।
ঝরে পড়ে যতো ফুল বাগানের
একে একে হারিয়ে যায় তাবৎ সুবাস
তবু অদম্য তৃষ্ণায় পা ফেলে,
মানুষের এ এক অদ্ভুত স্বভাব
কেবল পুলক নিয়ে জেগে থাকে
কেবল মিছেমিছি সুখদিন গুনে।
শীতে কাঁপে, তুমুল বৃষ্টিতে ভিজে
রোদের তাপ দহনে হাঁপায়,
আবার ঝেড়ে নেয় ক্লান্তির পা
ভেজা চোখে আঁকে রঙের মহল
সেই মহলে আসে না চাঁদের আলো
বহুদূর থেকে যায় পাখির গান
বহুদূর থেকে ভেসে আসে অস্থির সময়,
আসে না বানের জলের মতো
দুঃখের দীর্ঘ সীমানা পেরিয়ে
কাঙ্খিত উতরোল, জীবনের জয়গান

লেখক: কবি, নিউইয়র্ক।





## রক্তের কালি দিয়ে লেখা

বিচিত্র কুমার

আবু সাঈদের মৃত্যুর পর
ঢাকার দেয়ালগুলো কথা বলতে শুরু করেছিল।
শাহবাগের গেট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছায়া,
সব কিছুর গায়ে ছিল একটিই লেখা-
'আমরা সবাই সাঈদ'।

তার নাম হয়ে উঠেছিল
একটি খোলা খাতা,
যার প্রতিটি পাতায়
রক্তের কালি দিয়ে লেখা হয়েছিল:
"বৈষম্য মানি না।"

একজন ছাত্রী বলেছিল-
"আমার ভাইয়ের মৃত্যু মানে
আমার বুকের ভেতর রাষ্ট্রের গুলি লেগেছে।"
তখনই বুঝেছিলাম-
এই দেশ এখন আর গঠনমূলক আলোচনার মাঠ নয়,
এখন এখানে শুধু
রক্ত, কান্না, প্রতিবাদ আর অজস্র ব্যানার।

লেখক: কবি, নিউইয়র্ক।



## প্রতিক্রিয়াশীল

এস এম মোজাম্মেল হক

ছেলের বিয়েতে আলতার রঙে রক্তে রাঙায় হাত
প্রকৃতিতে আছে যার প্রতিশোধ ঘটবে যা নির্ঘাত।

পানির তিয়াস পানিতেই মিটে রক্ত পিপাসা রক্তে
অন্যের খুন ঝরাবে যখন শোধ নিবে নিজ রক্তে।

ইতিহাসে যার হাজার প্রমাণ স্মরণ রাখেনা যারা
আস্তাকুঁড়েই ঠাঁই নিয়ে ফের ইতিহাস গড়ে তারা।

লোভ ও স্বার্থের জলাঞ্জলিতে স্বার্থপরের আবেগ
আগ্রহ যত অন্যায় কাজে থাকেনা ন্যায্য বিবেক।

নিজ কর্মের সাফাই গাইতে সারাক্ষণ থাকে ব্যস্ত
ধেয়ে আসে যবে কর্মের ফল তখন কেবল সন্ত্রস্ত।

এহেন মানুষ হাজারে হাজার যারা সাধারণ অতি
তাদের প্রভাবে হয়না তেমন জাতিগোষ্ঠির ক্ষতি।

দাম্ভিকতার পোষণে যাদের বিবেক গিয়েছে মরে
কি করে বিশ্বে ফিরবে শান্তি তাদের তমসা করে।

প্রকৃতিও তাই তাদের উপরে পাষাণি খড়্গ হস্ত
যখন অপরাধ পূর্ণতা পায় বিনাশ তাদের সমস্ত।

ঘুরে দাঁড়াবার রয়েছে সুযোগ তবুও ওদের জন্য
যদি ক্ষমা চেয়ে ক্ষমা পায় সব কৃত কর্মের জন্য।

পারবে তখন ফের আবার মূলস্রোতে মিশে যেতে
কষ্ট ও শোক ভুলবে মানুষ ওদের দেয়া আঘাতে।

লেখক: কবি, ব্রুকলিন, নিউইয়র্ক।



## পথ বলে দেয় ঠিকানা

সুজন দাশ

পথ হলো এক অসীমের সীমারেখা,
পথ জুড়ে হয় মানুষে মানুষে দেখা।
পথিকের বেশে সবাই ভ্রমিতে আসে,
কামনা বাসনা পরীক্ষা হয়ে হাসে!

যত পথ আছে তত মত আছে সাথে,
আদর্শ ছাড়া থাকে না কিছুই পাতে!
কাঁটা দিলে পথে কাঁটাই মিলবে শেষে,
কর্মের ফেরে যেতে হবে ঠিক ফেঁসে!

পথের ঠিকানা কারোর থাকেনা জানা,
ইচ্ছের সাথে ভাবনারা মেলে ডানা!
সদিচ্ছা যদি অন্তরে কারো জাগে,
ফোটালে সে ফুল গন্ধ ছড়ায়  বাগে!

নিজের স্বার্থে বেছে নিলে কেউ পথ,
বিধাতা পাঠায় পাপের জন্য রথ!
যারা খোলে পথ সবার জন্য  তবে,
তাঁরা টিকে থাকে মানুষের অনুভবে।

পথের ঠিকানা বদলাতে চাও ভালো,
কিন্তু সে পথে থাকা চাই আগে আলো।
পথের ঠিকানা বদলালে নিজ সুখে,
তারা নামে পথে ভাসেও বেদনা দুখে।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।

# বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা কর্পোরেশন

# BANGLADESHI SPORTS COUNCIL OF AMERICA CORP.

# GOLDEN AGE FOOTBALL TOURNAMENT-2025

**VENUE : RANDALL'S ISLAND PARK & ICAHN STADIUM, ADDRESS: 10 CENTRAL ROAD, NEW YORK 10035**

## GRAND SPONSOR

GOLDEN AGE
HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব ধরনের সেবা প্রদান করবো



Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-683-5003, Fax: 347-275-6834

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

## GAME SCHEDULE

**WEEK 1 SCHEDULE JUNE 15, 2025 FIELD #10 (OPENING CEREMONY)**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS AYSAB |
| 7:30 PM | Jubo Songo VS Garden State FC |

**WEEK 2 SCHEDULE JUNE 22, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | NY RIVALS SC VS SANDWIP UNITED |
| 7:30 PM | FIGHTERS CLUB VS NOAKHALI TIGERS |

**WEEK 3 SCHEDULE JUNE 29, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS NY RIVALS SC |
| 7:30 PM | GARDEN STATE FC VS NOAKHALI TIGERS |
| 8:30 PM | JUBO SONGO VS FIGTHERS CLUB |

**WEEK 4 SCHEDULE JULY 6, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | JUBO SONGO VS NOAKHALI TIGERS |
| 7:30 PM | BRONX UNITED VS SANDWIP UNITED |
| 8:30 PM | AYSAB FC VS NY RIVALS SC |

**WEEK 5 SCHEDULE JULY 13, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | FIGHTERS CLUB VS GARDEN STATE FC |
| 7:30 PM | SANDWIP UNITED VS AYSAB FC |

**QUARTERFINAL GAME SCHEDULE FIELD #75 (BASED ON POINTS)**

| MATCH | TEAM 1 (RANK) | TEAM 2 (RANK) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| Quarterfinal 1 | 1 | 8 | JULY 20, 2025 | 6:30 PM |
| Quarterfinal 2 | 2 | 7 | JULY 20, 2025 | 7:30 PM |
| Quarterfinal 3 | 3 | 6 | JULY 27, 2025 | 6:30 PM |
| Quarterfinal 4 | 4 | 5 | JULY 27, 2025 | 7:30 PM |

**SEMI-FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On Quarterfinal Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME TIME | GAME TIME |
|---|---|---|---|---|
| SEMI-FINAL 1 | QF 1 (1 VS 8) | QF 3 (3 VS 6) | AUGUST 3, 2025 | 6:30 PM |
| SEMI-FINAL 2 | QF 2 (2 VS 7) | QF 4 (4 VS 5) | AUGUST 3, 2025 | 7:30 PM |

**FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On SEMI-FINAL Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| FINAL GAME | SF 1 | SF 2 | AUGUST 10, 2025 | 7:00 PM |

সম্মানিত সুধী, আসসালামু আলাইকুম,

বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র উদ্যোগে ২০২৫ সালের ফুটবল টুর্নামেন্ট এর আয়োজন করা হয়েছে। আগামী ১৫ই জুন, ২০২৫ রবিবার ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন উপলক্ষে বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি একান্তভাবে কামনা করছি। ফুটবল টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন করবেন প্রধান অতিথি শাহ নেওয়াজ, এমবিএ, প্রেসিডেন্ট এন্ড সিইও, গোল্ডেন এইজ হোম কেয়ার, চেয়ারম্যান বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক।

উক্ত ফুটবল টুর্নামেন্টে, কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ ও কমিউনিটির সকল নেতৃবৃন্দকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

## GROUP-A

BRONX UNITED FC | AYSAB 15 | NYRSC | Sandwip United

## GROUP-B

FIGHTER'S CLUB | জুবো সংঘ | GARDEN STATE FC | NT

*Event Venue & Date:*
June 15th 2025, Sunday @ 6pm
Randall's Island Icahn Stadium, Field #10, Address: 10 Central Road, New York 10035

**Dulal Miah Enam**
President
Cell : 718-450-5394

**Khairul Islam Kukon**
General Secretary
Cell : 347-672-2256

# Polling Favors Mamdani in race for Mayor

**Shah Nawaz**




The United Federation of Teachers has officially endorsed Democratic mayoral nominee Zohran Mamdani, adding to a growing wave of institutional support for the 33-year-old Assemblyman, who now leads the race for mayor, according to a new poll. The endorsement from the union, which represents more than 200,000 public education professionals, comes as Mamdani cements his status as the frontrunner. A Slingshot Strategies poll released Wednesday shows Mamdani with 35% support among likely voters, followed by former Gov. Andrew Cuomo, who has yet to commit to actively campaigning, at 25%. Republican nominee Curtis Sliwa received 14%, while incumbent Mayor Eric Adams trailed with just 11%. Mamdani has been a vocal critic of Mayor Adams' education policies, particularly the handling of class size reductions and mayoral control of schools. "There's too much that I've been proud of in Albany," Mamdani said Wednesday. "We passed class size reduction. But we've seen flailing when it comes to New York City." Mamdani said he supports reforming the governance of city schools, vaguely proposing a hybrid model that would give more power to community members while retaining some form of centralized oversight. The Adams campaign criticized the proposal as "irresponsible and unserious." Mamdani also faced questions Wednesday about a steady stream of resurfaced social media posts and writings, some of which his opponents have labeled controversial. "What Eric Adams and others would seek to focus on are any number of issues that have nothing to do with affordability," Mamdani said. "We just came through a primary where we faced more than $30 million in attacks aimed at doing exactly that. New Yorkers supported our campaign by a margin of more than 12 points. They saw through it."

On the campaign trail Wednesday, Sliwa said personal attacks on Mamdani based on his past statements or background are not the best path. "It's fair game, but it shouldn't be the priority," Sliwa said. "You go at him based on his policies. Leave his Muslim religion alone. Leave his culture alone. All you're doing is strengthening him, making him a victim or martyr, and more young people will rally around him." Sliwa also ruled out dropping out of the race to unite opposition against Mamdani, instead suggesting that Mayor Adams should consider exiting the race, given his low poll numbers.




## City Council launches $3M initiative to support immigrant survivors of domestic violence

**Anik Raj**

Queens Council Members Sandra Ung, Linda Lee, and Shekar Krishnan joined Brooklyn Council Member Susan Zhuang and anti-gender-based violence advocates at City Hall on Tuesday to celebrate a new $3 million initiative, which funds organizations that provide culturally competent services for immigrant survivors of domestic violence. The elected officials joined members of The Collective, a coalition of culturally-specific gender-based violence service providers serving immigrant and BIPOC survivors in New York City, to celebrate the creation of a new City Council initiative funding culturally competent services. The $3 million Culturally Specific Gender Based Violence Initiative funds organizations that provide services such as interpretation, referrals, counseling and legal representation for U Visas and T Visas for survivors of gender-based violence.

Advocates said the new initiative will help address disparities in funding due to underreporting of domestic violence in immigrant communities and expand access to services to survivors in the languages that they speak. Representatives from organizations including Korean American Family Service Center, Sauti Yeti Center for African Women, Safe Horizon, Turning Point for Women + Families, Womankind, Asiyah Women's Center and Women for Afghan Women joined elected officials on the steps of City Hall on Tuesday to celebrate the initiative. Advocates stated that the initiative expands on the impact of the Domestic Violence and Empowerment (DoVE) Initiative, which provides free and compassionate care to victims of domestic violence, elder abuse and physical and sexual assault. In a statement issued on Tuesday, Ung said the $3 million funding will help fill a "critical and long-overlooked need in immigrant communities" by breaking cultural and language barriers that often leave survivors isolated and without support. She described the initiative as a "powerful step" toward ensuring that all survivors have a path toward safety and justice. "As a former attorney working with survivors of domestic violence, I witnessed firsthand how life-changing it is to have access to service providers who not only speak your language but also understand your cultural background," Ung said in a statement. Krishnan, meanwhile, described the funding as "historic" and said it would help ensure that all victims of gender-based violence receive support. "Every victim of violence deserves to be heard, seen, and supported, but we cannot accomplish that if we aren't reaching people in their languages and through their cultures," Krishnan said. Lee described gender-based violence as a "hidden epidemic" that disproportionately impacts immigrant New Yorkers. "Many cases go unreported



*Gerardo Romo / NYC Council Media Unit.*

due to limited awareness and a lack of culturally and linguistically competent resources for survivors. That's why I'm proud to join my City Council colleagues in securing $3 million in funding to confront this longstanding issue and connect individuals with lifesaving support," Lee said. Zhuang said barriers to support can be deadly for the victims of gender-based violence, adding that the initiative will provide a "life-saving step forward" for survivors across the city. "Every day, I help immigrants who fear seeking support or can't access any support because of language barriers," Zhuang said. Council Speaker Adrienne Adams, who did not attend Tuesday's event but did co-sponsor the legislation, said language barriers, fear of retaliation, and cultural stigma often prevent survivors from accessing life-saving services.

Adams and Ung recently co-authored an op-ed for QNS titled "Empowering survivors by investing in the communities that know them best," underscoring the importance of culturally competent support for immigrant survivors. "This initiative will deliver critical, culturally competent support to communities that have long been overlooked," Adams said in a statement.

*(Source-Astoria post)*



## Musk announces arrival of new 'America Party' after Trump split

**Ajkal Desk**

Elon Musk declared the launch of his new political party on Saturday, a project he has repeatedly floated in the weeks since his explosive breakup with President Donald Trump — but provided no details as to how he planned to jump through the hoops necessary to establish a viable alternative.

The billionaire entrepreneur and onetime Republican megadonor — who mere months ago appeared as the president's right-hand man in the Oval Office after pouring millions into his campaign — has for weeks publicly contemplated starting a new third party to disrupt the current system.

Musk on Saturday appeared to confirm his intention to launch his "America Party," after posting a poll to his X account the prior day asking followers whether or not he should create the new party.

"By a factor of 2 to 1, you want a new political party and you shall have it! When it comes to bankrupting our country with waste & graft, we live in a one-party system, not a democracy," he wrote. "Today, the America Party is formed to give you back your freedom."

Musk's third-party musings began in earnest after last month's massive meltdown between the president and his former adviser over the "big beautiful bill," which the former DOGE head has decried as wasteful.

As Trump on Thursday flaunted his successful push to muscle the Republican megabill through Congress this week, Musk sought to drum up support for his potential third party launch, positing that his new party would target a handful of vulnerable swing seats to leverage political power.

"Given the razor-thin legislative margins, that would be enough to serve as the deciding vote on contentious laws, ensuring that they serve the true will of the people," he wrote.

While Musk may have the millions to pour into backing certain candidates — which he has already promised to do, pledging to support Rep. Thomas Massie's (R-Ky.) reelection campaign amid targeting from Trump — establishing a third party involves a series of thorny obstacles including navigating complex state laws, ballot access regulations and other legal hoops.

So far, the billionaire would-be party founder has yet to outline a concrete plan forward. Just two months ago, Musk had vowed to cut back on political spending, saying he had "done enough."

# Bangladesh going to ready for December Election!

Ajkal Desk




Chief Adviser Prof Muhammad Yunus yesterday ordered the authorities concerned to complete, by December, the preparations for the upcoming national election.
The polls are likely to take place in February or April, he told a meeting with law enforcers at the state guest house Jamuna in the capital.
The meeting, which discussed the law enforcement agencies' preparedness for the election, was also attended by the home adviser, the national security adviser, the home secretary and top officials of the police, Rab, Ansar, Coast Guard and other forces.
Earlier, on the eve of Eid-ul-Azha, Yunus had said elections may take place in the first half of April next year.
"Later, we informed that if preparations are completed and reforms implemented, the election could be held before Ramadan -- possibly in February. This means that everything needed to build the institutional framework for the election must begin now," Yunus was quoted as saying by his Press Secretary Shafiqul Alam at a briefing last night.
Yesterday's meeting discussed the reshuffle of deputy commissioners, upazila nirbahi officers and superintendents of police at the district level along with officers in charge at local police stations. Usually, during elections, deputy commissioners serve as returning officers and upazila nirbahi officers as assistant returning officers, while SPs and OCs maintain law and order.
About whether the army will remain on the ground with magistracy power until the polls, Shafiqul said, "It is uncertain ... but the army will serve as a strike force during the voting period.
"The chief adviser noted that previous elections were merely symbolic. Therefore, everyone involved must be trained to conduct a 'real election'."
He added, "Roles must be clearly defined. If necessary, a rehearsal election should be conducted."
At the meeting, Yunus stressed the need to verify workforce availability. "If additional appointments are necessary, recruitment should begin immediately and adequate training should be arranged." He also instructed the production of video content explaining election procedures for voters, which would be broadcast on television and social media for quick dissemination.
The chief adviser urged everyone to focus on safeguarding the women's voting rights. Separate polling booths for new voters were also recommended.
He suggested evaluating whether "a separate voter list" could be created for those aged between 18 and 33.
"For the past 16 years, voters haven't experienced a proper election. They recall violence and rigging at polling stations. In this election, we want voting to be a positive and memorable experience. First-time voters should feel proud -- it should be a moment they cherish."
The meeting also extensively discussed law enforcement deployment, identifying high-risk polling centres and the army's role as a strike force. Bangladesh will have 47,000 polling centres, around 16,000 of which are potentially "high-risk". Special directives were issued to ensure peaceful voting at those locations. Discussions also covered installing CCTV cameras at every centre to ensure proper monitoring and training of relevant personnel. Previously, law enforcers were deployed for four days around election time. For this election, plans are underway for a seven-day deployment to maintain order before, during and after voting.
Yunus instructed officials to look into the possibility of excluding presiding officers or polling officials of the last three elections from the upcoming election duties, said Deputy Press Secretary Azad Majumder. The CA also said control rooms will be established at upazila, district and divisional levels. "Police personnel may wear body cameras and could be assigned duties outside their regular jurisdictions."
The media's role also came up at the meeting. Azad said, "We've seen cases where people posing as media workers were actually affiliated with political parties and then became involved in the electoral process. Even genuine media professionals could not do their duties properly.
"And therefore, a media code of conduct should be prepared in advance, so that media workers know their boundaries and election officials also understand to what extent the media should have access."
There were also discussions about polls observers, especially since the upcoming election has already drawn global attention. "We're hoping for around two lakh observers. We have given clear instructions to ensure that political party workers don't show up as 'observers'," he said.



## Pakistani actress Humaira Asghar found dead in Karachi apartment

Ajkal Desk

Pakistani actress Humaira Asghar was found dead in her Karachi apartment yesterday, police officials confirmed. Her body, discovered in a flat located in Ittehad Commercial, Phase VI, was in an advanced state of decomposition and is believed to have gone unnoticed for nearly two weeks.
Deputy Inspector General Syed Asad Raza told local media that officers responded to the scene around 3pm and forced entry after receiving no response. Inside, they discovered Asghar's lifeless body. "It appeared that the body was several days old," DIG Raza said.
The actress, aged between 30 and 35, had reportedly been living alone in the apartment for the past seven years.
While her death is currently being treated as natural, authorities have launched a formal investigation. Forensic teams were dispatched immediately, and the body was transferred to Jinnah Postgraduate Medical Centre for autopsy.
Dr Summaiya Syed, who is leading the post-mortem process, confirmed the body was in a "very advanced stage of decomposition," making it difficult to determine the exact cause of death at this time. Officials have urged the public to refrain from speculation as the investigation continues.

## FIFA opens office inside New York's Trump Tower

Ajkal Desk



FIFA has opened an office inside Trump Tower in New York City as it steps up preparations for the 2026 World Cup in North America, world football's governing body announced. 'FIFA is a global organisation and to be global, you have to be local, you have to be everywhere, so we have to be in New York,' FIFA president Gianni Infantino said at an event in Manhattan. 'So today, we are opening an office of FIFA here in Trump Tower.'
FIFA already has offices in Miami and the move deepens ties between Infantino and US president Donald Trump. Infantino attended Trump's inauguration earlier this year, has appeared alongside the US President at the Oval Office and joined him on a recent visit to Qatar and Saudi Arabia. 'Thanks, of course, to President Trump as well, who is a big fan of soccer, (together with) the whole family,' added Infantino, who was speaking ahead of the semi-finals of the Club World Cup taking place at the MetLife Stadium just across the Hudson River from Manhattan. The first 32-team Club World Cup concludes this weekend, while the World Cup in June and July next year will be the first to feature 48 teams. Eleven of the 16 venues in 2026 will be in the United States, with three in Mexico and two in Canada. The final will take place in the MetLife Stadium in East Rutherford, New Jersey. 'We have received such a big support from the government and from the President with the White House Task Force for the FIFA Club World Cup and for the FIFA World Cup next year,' Infantino said before declaring the ongoing tournament 'an incredible success'.

## Israel, Hamas defiant as US presses for ceasefire

Ajkal Desk



Israel's bid to crush Hamas's capabilities and bring the hostages home dominated talks between Benjamin Netanyahu and Donald Trump, the Israeli prime minister said, even as the Palestinian militants vowed no surrender in Gaza. Netanyahu's visit to Washington — his third since Trump returned as US president in January — came as Doha hosted discussions between the two sides on a possible halt to 21 months of fighting and a hostage release deal. The indirect talks began on Sunday and have not yet seen any agreement but Trump's special envoy Steve Witkoff said he was still hopeful of a ceasefire deal. 'The release of all of our hostages — the living and the deceased, and the elimination of Hamas's military and governing capabilities, thereby ensuring that Gaza will never again constitute a threat to Israel,' Netanyahu said after meeting Trump for a second time in 24 hours. 'We focused on the efforts to release our hostages,' he said. 'We are not relenting, even for a moment, and this is made possible due to the military pressure by our heroic soldiers.' Hamas, whose October 7, 2023 attack on Israel sparked the war in Gaza, said in a statement it would never give up. 'Gaza will not surrender and the resistance will impose the conditions, just as it imposed the equations,' it added. Gaza's civil defence agency said 22 people, including at least six children, were killed in Israeli strikes in the Palestinian territory on Wednesday. A Palestinian official close to the talks blamed Israel for a lack of progress after the latest round of discussions broke up late Tuesday with no breakthrough.

## যুক্তরাষ্ট্র থেকে দ:সুদানিরা ডিপোর্ট

৩ পৃষ্ঠার পর

বছর ধরে সংঘাতের কারণে দেশটি ব্যাপকভাবে সাহায্যের উপর নির্ভরশীল হয়ে পড়েছে যা মার্কিন বৈদেশিক সহায়তায় ব্যাপক হ্রাস করায় কঠোরভাবে আঘাত করেছে তাদের জনজীবনে। সাম্প্রতিক মাসগুলিতে তেল রাজস্ব হ্রাসের কারণে অর্থনৈতিক সমস্যা আরও গভীর হয়েছে। প্রতিবেশী দেশে গৃহযুদ্ধের কারণে পোর্ট সুদানে অপরিশোধিত রফতানি প্রভাবিত হয়েছে।

## ফজলু ও রুমিনদের ভাল লাগে না ক্যান?

১ পৃষ্ঠার পর

মজিদ কে নিয়ে আপুত্ত আখন দিয়েছে, সে এখন জাতীয় মুক্তির বিরোধী দলের কেন্দ্রীয় নেতা। ২৩ সালের ৫ আগস্ট অবধি যে মুজিব বন্দনায় দিনের বকাম লিখেছে সে এখন মুজিবের দল নিষিদ্ধ করার প্রধানতম ক্যাপ্টেন। ২৩ সালের ৫ আগস্ট পর্যন্ত যারা মুজিবের আঙুলের নমুনে ছবি তুলেছে, তারা এখন মুজিববাদ বিরোধী ইসলামী হাফমনা! এদের যদি মেনে নিতে পারেন, এক ফজলুর রহমান যিনি জীবনে কোনদিন বিচারিতা করেননি জীবনে তারে মেনে নিতে কেন এত কষ্ট আপনাদের? আজ দেখলাম বৈষম্যবিরোধী আত্মিক লোকেলেও লিখেছে। এত এলার্জি কেন আপনাদের বিএনপির একজন জীবিত মুক্তিযোদ্ধাকে নিয়ে? আপনাদের বন্ধুদের পুরোনো মুজিবপ্রেম নিয়ে তো এলার্জি দেখি নাই?

একজন রুমীন ফারহানা যিনি হাসিনার আমলে টিকে থাকা অল্প কিছু তোকাল যারা জাতীয়তাবাদী রাজনীতির কথা বলে গেছেন। তাদের প্রতি খোদ বিএনপি- ছাত্রদলের নানা কটুকথা দেখতে পাচ্ছি। অথচ ২৩ সালের ৫ আগস্ট পর্যন্ত যারা মুজিববাদী ছিল তাদের প্রতি নরম নয়! কেমনে কি?

ফজলুর রহমান কি আজকের মুক্তিযপ্রেমী? উনি মুক্তিযপ্রেমী জেনেই বিএনপি তাকে উপদেষ্টা বানিয়েছে। কারন একটাই, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমানের দলে মুক্তিযোদ্ধাদের আনাগোনা কমে গিয়েছিল। এক মেজর হাফিজ, উনি অনেকটাই নিশ্চুপ। কর্নেল অলি আলাদা দল করেছেন। ফজলুর রহমান শেখ হাসিনার আমলেই বারদের মত কথা বলতেন, হাসিনার সমালোচনা করতেন ভুলে গেছেন? বললেন মুজিব প্রেম করলে আবার বিএনপি হওয়া যায় নাকি?

জিয়াউর রহমান তার জীবদ্দশায় কি কোনদিন মুজিব কে অপমান করে কথা বলেছেন? শেখ হাসিনা জিয়াকে পাকিস্তানি চর বলতো। অথচ তিনি নিজে অশিক্ষিত ও চরের মহিলা। অল্প মানুষরা কোনদিন ইতিহাসের নায়কদের সম্মান দিতে জানেন না। তারেক রহমান জিয়াউর রহমানের পুত্র। তিনি নিজেও টুঙ্গিপাড়ায় জিয়ারত করেছেন। লীগের মাফিয়া রাজনীতির বাইরে আমরা সুস্থধারার রাজনীতির গোড়াপত্তন করতে চাচ্ছিলাম। সেখানে এক ফজলুর বা রুমীন ফারহানা যদি বলেন ৩২ নম্বর ভাঙা বড় ভুল, সেখানে দোষ কই দেখেন আপনারা? ৩২ ভাঙা মব ছিল না? তাহলে পিনাকি গং এর ডেইলি স্টার ভাঙার ডাক, সিপিবি অফিস ভাঙার ডাকও তো মব না। ৫ আগস্ট এর পর সরকার গঠন পর্যন্ত বা এর পরেও যা হয়েছে সেটা অজ্ঞাত বা সাইজ ইভেন্ট। ধীরে সুস্থে সময় নিয়ে ঘোষণা দিয়ে যা করা হয়েছে - সেটা অবশ্যই মব। সে যা যে কারণেই হোক। কেননটাকে গ্রহণ করবেন কোনটাকে গ্রহণ করবেন না সেটা আপনার স্বাধীনতা- পরিমাপকে সেটাকে মব হিসাবে ধরতে হবে।

শেখ করবো, এ কথা বলে যে, বিএনপিতে রাজাকারের অভাব নেই। মুক্তিযোদ্ধাদের অভাব আছে। ফজলুর রহমানদের পাশে না দাঁড়ালে, তারা বেরিয়ে যাবে, যেভাবে রাজাকারের জন্ম-জামিজিতে অনেকেই আগেই বেরিয়ে গেছে। তখন দাবী করতে পারেন যে বিএনপিকে একটা মধ্যপন্থার দল হিসেবে? মুক্তিযোদ্ধাদের দল হিসেবে? নাকি জামায়াতের মতো সোজা কাটাতে চান বিএনপিকে? পিনাকি গং সেরা সাথে সুর মিলিয়ে ফজলুরদের অবজ্ঞিত করতে চান? তার কাছে বিকৃত করে তারেকে বাইরে করতে চান বিএনপি থেকে? মনে রাইখেন, এখনো, ২০/২৫ শতাংশ ভোট মুক্তিযুদ্ধের পক্ষের। মুজিব ভক্তদের। রাজাকারের ভোট রাজাকাররা নিয়ে যাবে। এটাম বি টিম এক হয়ে যাবে। ফজলুর রহমান ও রুমীনদের থামিয়েন না, বলতে দিন। তাদের কে বিএনপিতে রাখেন। পারলে ধন করেন। না পারলে ক্ষতি নেই। একটা বড় দলে অনেক রকম ভাবনা ও মূল্যবোধের মানুষ থাকবে। ধারা থাকবে। নইলে করেন। সেকুলার আইডিওলজি বিশ্বাস করলে যারা এক্সট্রিমিস্ট রাজনীতি করে তাদের দলে যোগ দিন। ঘরে বইসা ঘরের মানুষদের কোপাইয়েন না!

বড় মুজিব বন্দনা কারী এখন সংস্কৃতি মন্ত্রী। আইনমন্ত্রী! আপোরে তাদের পান। ফজলুর রহমানরে গালি দ্যান! নরি।

## নির্বাচনী ট্রেনে বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

গঠনের অফিস আদেশ জারি করেছে। এসব কমিটির মাধ্যমে নির্বাচন কমিশন ভোটের দায়িত্বে থাকা মাঠ প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর কার্যক্রমের তদারকি ও সমন্বয় করবে। নির্বাচনে সম্ভাব্য সহিংসতা, সন্ত্রাস ও বিশৃঙ্খলার আশঙ্কা নিরূপণ ও প্রতিরোধমূলক ব্যবস্থা নেবে। নির্বাচনের তফশিল ঘোষণার পর গঠিত ইলেক্টোরাল ইনকোয়ারি কমিটির কার্যক্রমও তদারকি করবে। নির্বাচন ও ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ কার্যক্রমও মনিটরিং করা হবে।

আগামী বছরের ফেব্রুয়ারি থেকে এপ্রিল মাসের মধ্যে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের বিষয়ে আলোচনা রয়েছে। যুগান্তর প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ডিসেম্বরের মধ্যে নির্বাচনের প্রস্তুতিমূলক কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন। এ অবস্থায় এই পাঁচ কমিটি গঠন করল ইসি। নির্বাচনে মাঠ প্রশাসনের সঙ্গে সমন্বয় করবে নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকারের নেতৃত্বাধীন সাত সদস্যের কমিটি। ওই কমিটি নির্বাচনের আগে ও ভোটের সময় বেসামরিক কর্মকর্তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ, সমন্বয় ও পরামর্শ দেবে। এ ছাড়া মাঠপর্যায়ে নির্বাচনী কার্যক্রম বাস্তবায়নে নির্দেশনা দেওয়া, নির্বাচনের সময়ে উদ্ভূত যে কোনো সংকট নিরসনে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণে পরামর্শ ও সহযোগিতা দেবে। আচরণবিধি প্রতিপালনে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সঙ্গে সমন্বয় করবে এ কমিটি। কমিটিতে ইসির সিনিয়র সচিব, অতিরিক্ত সচিব, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালকসহ সাতজন সদস্য রয়েছেন।

আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিংয়ে নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহকে প্রধান করে সাত সদস্যের কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি নির্বাচন পরিচালনা কাজের নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ এবং আইনশৃঙ্খলা বাহিনীর কার্যক্রমের তদারকি ও সমন্বয় করবে। নির্বাচনী এলাকা ও ভোটকেন্দ্রের শান্তি-শৃঙ্খলা রক্ষায় আইনশৃঙ্খলা বাহিনীগুলোর মধ্যে সমন্বয় করবে। এ ছাড়া নির্বাচনে সম্ভাব্য সহিংসতা, সন্ত্রাস ও বিশৃঙ্খলার আশঙ্কা নিরূপণ ও প্রতিরোধমূলক ব্যবস্থা নেবে এ কমিটি। ইলেক্টোরাল ইনকোয়ারি কমিটির কার্যক্রম তদারকি ও সমন্বয়বিষয়ক কমিটির প্রধান নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। সাত সদস্যের এ কমিটি নির্বাচনের দায়িত্বে নিয়োজিত রিটার্নিং কর্মকর্তা, মাঠ প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের জন্য নির্দেশিকা ও ম্যানুয়াল প্রস্তুত কাজের সমন্বয় করবে। এ ছাড়া নির্বাচনের তফশিল ঘোষণার পর গঠিত ইলেক্টোরাল ইনকোয়ারি কমিটির কার্যক্রমও তদারকি করবে।

নির্বাচন কমিশনার তাহমিনা আহমেদের নেতৃত্বে সাত সদস্যের কমিটি গঠন করা হয়েছে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করার জন্য। ওই কমিটি জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনের কর্মকর্তা ও ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত কাজের তদারকি করবে। প্রিজাইডিং, সহকারী প্রিজাইডিং ও পোলিং কর্মকর্তা নিয়োগ ও প্রশিক্ষণসংক্রান্ত কার্যক্রমও তদারকি করবে এ কমিটি। প্রবাসীদের ভোটাধিকার এবং বিদেশি সাংবাদিক ও পর্যবেক্ষক সমন্বয় করতে আরেকটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির নেতৃত্বে রয়েছেন ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। তার নেতৃত্বাধীন সাত সদস্যের কমিটি প্রবাসীদের ভোটাধিকার পদ্ধতি প্রণয়ন এবং এ কাজে বিভিন্ন দূতাবাসের সঙ্গে সমন্বয় করবে। এ ছাড়া দেশি-বিদেশি পর্যবেক্ষকদের কার্যক্রম তদারকি করবে এ কমিটি।

## শেখ হাসিনার পুলিশ প্রধানই রাজসাক্ষী!

১ পৃষ্ঠার পর

হাসানবড়া। 'আই ফিল গিল্টি'। নিজের দোষ স্বীকার করে নিলেন। শুধু তাই নয়: শেখ হাসিনার নির্দেশে সকল নিষ্ঠুরতা পরিচালনা করলেও এখন তারই বিরুদ্ধে রাজসাক্ষী হতে প্রধান সেনাপতি তথা আইজিপি আবেদন করলেন। যেহেতু জুলাই আন্দোলনের সময়ে সকল দমন-পীড়ন আব্দুল্লাহ আল মামুনের কমান্ডে হয়েছে। অতএব শেখ হাসিনার প্রধান সেনাপতি তিনিই ছিলেন একথা বলা যায়। এখন তিনি পক্ষ ত্যাগ করলেন। তবে তার হাতে সকল নথি, আলামত এবং ঘটনার চিত্র রয়েছে। তিনি যদি এগুলো ট্রাইব্যুনালে দাখিল করেন তবে বিচারে অনেক প্রমাণ মিলবে। এই বিবেচনায় আব্দুল্লাহ আল মামুন অনেক অজানা কথার নীরব দর্শক ছিলেন। তাই তাকে রাজসাক্ষী করার মাধ্যমে বিচার কাজ শুরু হয়েছে। শেখ হাসিনার জন্যে আরেকটি ট্র্যাজেডি হলো, যুদ্ধাপরাধের বিচার করার জন্য তিনি এই ট্রাইব্যুনাল গঠন করেছিলেন। এখন সেখানে তারই বিচার হচ্ছে। শেখ হাসিনার একটি অডিও রেকর্ড ফাঁস হবার পর ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়েছে। অডিওতে 'লেথাল উইপন ব্যবহার করো। সবাইকে গুলি করো'। এসব ভাষণ আছে। এগুলোকে হত্যার নির্দেশ বলে আদালতে উপস্থাপন করা হচ্ছে। বিচার শুরুর একদিন আগে বিবিসি এক প্রতিবেদনে অডিও রেকর্ড শোনায়। বিবিসি'র স্টোরিতে বলা হয়, রেকর্ডটি সঠিক কিনা তা যাচাই করার পর তারা নিশ্চিত হয়েছেন যে, এই অডিও রেকর্ড সঠিক। এটি শেখ হাসিনারই কণ্ঠস্বর। বিবিসি'র ফাঁস করা রেকর্ড সম্পর্কে শেখ হাসিনার কোনও মন্তব্য পাওয়া যায়নি। তবে আওয়ামী লীগের বিভিন্ন সামাজিক মাধ্যমে ভিন্ন ভিন্ন ব্যাখ্যা দেওয়া হয়েছে। কোনও কোনও মাধ্যমে বলা হয়েছে যে, কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে এটা তৈরী করা হয়েছে। কেউ কেউ বলছেন, এটা গুলি আর্জিজানে জঙ্গি হামলার সময়ের নির্দেশ এটা। তবে বিবিসি বলছে, জুলাই জাগরণের উত্তাল দিনগুলোর সময় যাত্রাবাড়িতে ৫২ জন আন্দোলনকারী গুলিতে নিহত হন। ওই সময়ে শেখ হাসিনার নির্দেশে গুলি চালানোর ঘটনা ঘটে। নির্দেশের পর একবারও হত্যাযজ্ঞ ঘটেছে।

রাজসাক্ষী হওয়ায় ট্রাইব্যুনালের বিচারে আবদুল্লাহ আল-মামুন কি দায় থেকে মুক্তি পাচ্ছেন, নাকি তাকে শাস্তি ভোগ করতে হবে- এ নিয়ে বিচারপ্রার্থী ও সাধারণ মানুষের মধ্যে কৌতূহল রয়েছে। ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেছেন, আসামি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের বক্তব্যের মাধ্যমে পুরোপুরি সত্য প্রকাশিত হলে আদালত তাকে ক্ষমা করতে পারেন। অথবা অন্য কোনো আদেশও দিতে পারেন।

ট্রাইব্যুনাল আইনে বলা হয়েছে, ঘটনার মূল হোতা বা সহায়তাকারীকে সেটি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত (রাজসাক্ষী) ব্যক্তি সাক্ষ্য গ্রহণে সত্য ঘটনার বিস্তারিত প্রকাশ করার শর্তে ক্ষমা পেতে পারেন। তবে শর্ত থাকে যে, বিচার শেষ না হওয়া পর্যন্ত এরূপ ব্যক্তিকে আটক রাখতে হবে। তাজুল ইসলাম বলেন, চৌধুরী আবদুল্লাহ আল-মামুন 'রাজসাক্ষী'। আইনের পরিভাষায় 'একটি অপরাধের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত বা সে সম্পর্কে গোপন তথ্যের অধিকারী কোনো ব্যক্তি যদি ক্ষমা পাওয়ার শর্তে অপরাধের সমগ্র ঘটনা, মূল অপরাধী ও সহায়তাকারী হিসাবে জড়িত সব অপরাধী সম্পর্কে পূর্ণাঙ্গ ও সত্য ঘটনা প্রকাশ করে আদালতে যে সাক্ষ্য প্রদান করে, তখন তাকে 'রাজসাক্ষী বলে'। রাজসাক্ষী হওয়ার বিষয়টি ফৌজদারি কার্যবিধির ৩৩৭, ৩৩৮ ধারা, সাক্ষ্য আইনের ১৩৩ ধারায় উল্লেখ রয়েছে। সাক্ষ্য আইন প্রণয়নের সময় যেহেতু রাজার শাসন ছিল, তাই এই ধরনের সাক্ষীকে রাজসাক্ষী বলা হয় এখনও। এখন রাজসাক্ষীকে রাষ্ট্রের সাক্ষী বলে অভিহিত করেন কেউ কেউ। আসামি হলেও আদালতকে সহায়তা করায় রাজসাক্ষীর শাস্তি কম পাওয়া কিংবা ক্ষমা পাওয়ার সুযোগ থাকে।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালস আইন-১৯৭৩-এর ১৫(১) ধারায় বলা হয়েছে, 'বিচারের যে কোনো পর্যায়ে ট্রাইব্যুনাল ঘটনার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত বা ধারা-৩ এ উল্লেখিত অপরাধের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তির সাক্ষ্য গ্রহণের উদ্দেশ্যে এরূপ ব্যক্তিকে এই শর্তে ক্ষমা করতে পারেন যে, সে ঘটনার মূল হোতা বা সহায়তাকারী হিসেবে সে যা জানে তার পূর্ণ ও সত্য ঘটনার বিস্তারিত প্রকাশ করবে। (২). বিচারে এরূপ প্রস্তাব গ্রহণকারী ব্যক্তিকে সাক্ষী হিসেবে পরীক্ষা করা হবে। (৩). বিচার শেষ না হওয়া পর্যন্ত এরূপ ব্যক্তিকে কারাগারে আটক রাখতে হবে।' প্রসিকিউটর মিজানুল ইসলাম বলেছেন, শর্ত মোতাবেক রাজসাক্ষী যদি সাক্ষ্য দেন, তাহলে ট্রাইব্যুনাল যে কোনো শাস্তি দিয়ে আবার ক্ষমা করে দিতে পারেন। প্রসিকিউটর বিএম সুলতান মাহমুদ বলেন, আইন অনুযায়ী কোনো রাজসাক্ষী যদি সব শর্ত পূরণ করে, তাহলে তাকে ক্ষমা করে দিতে পারেন ট্রাইব্যুনাল। এই ক্ষমতা ট্রাইব্যুনালের রয়েছে। এটা সম্পূর্ণ আদালতের এখতিয়ার।

## কুইন্স বরো প্রেসিডেন্টের ফান্ড রেইজিং




৬৪ পৃষ্ঠার পর

মেলিন্দা কাটজ ছিলেন তার পূর্বসূরী। ডনোভান রিচার্ডসের মেয়াদ শেষ হবে ২০২৬ সালের ১ জানুয়ারি। আগামী ৪ নভেম্বরের নির্বাচনে তার সাথে প্রতিদ্বন্দ্বিতা করবেন রিপাবলিকান পার্টির প্রার্থী হেনরী আইকেজী। বাংলাদেশী আমেরিকান কমিউনিটির শুভাকাংখী ডনোভান রিচার্ডস ইতোমধ্যেই শুরু করেছেন তার নির্বাচনী প্রচারণা। এরই অংশ হিসেবে গত ৮ জুলাই বিকেলে জ্যাকসন হাইটসে একটি ফান্ড রেইজিং অনুষ্ঠানের আয়োজন করেন এটর্নি মঈন চৌধুরী। আইন ব্যবসায়ী এটর্নি মঈন চৌধুরীর নিজ কার্যালয়ে অনুষ্ঠিত এই ফান্ড রেইজিং অনুষ্ঠানে অংশ নেন কমিউনিটির বিশিষ্ট ব্যবসায়ী ও ব্যক্তিবর্গ। কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডসকে অনুষ্ঠানে স্বাগত জানান এটর্নি মঈন চৌধুরী। সংক্ষিপ্ত বক্তব্যে মঈন চৌধুরী ডনোভান রিচার্ডসকে বাংলাদেশী কমিউনিটির অকৃত্রিম বন্ধু বলে অভিহিত করেন। তিনি স্থানীয় বাংলাদেশীদের মাঝে বিদ্যমান বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। উপস্থিত অন্যান্যরাও তাদের স্থানীয় সমস্যা ও সেসব সমাধানে ডনোভান রিচার্ডসের দৃষ্টি আকর্ষন করেন। ডনোভান রিচার্ডস বিভিন্ন সমস্যা সমাধানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। কমিউনিটির ব্যক্তিবর্গ তার নির্বাচনী তহবিলে অনুদান প্রদান করেন। অঙ্গীকার করেন নির্বাচনে তার জন্য কাজ করার। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রেসিডেন্ট ফখরুল ইসলাম দেলোয়ার, আমেরিকা বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের কো-চেয়ারম্যান হাসানুজ্জামান হাসান, স্থানীয় ব্যবসায়ী, সামাজিক ও আঞ্চলিক সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

## সংস্কার ছাড়া নির্বাচনে কল্যাণ আনবে না

৬৪ পৃষ্ঠার পর

অনুষ্ঠিত ব্যতিক্রমধর্মী ও বর্ণাঢ্য এ অনুষ্ঠানে অংশ নেন কমিউনিটির বিভিন্ন শ্রেনী পেশার প্রবাসী বাংলাদেশীগণ। প্রকাশনা উৎসবে নির্ধারিত আলোচক ছাড়াও বইটির বিষয়বস্তু নিয়ে আলোচনা করেন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। বাংলাদেশের রাজনৈতিক ঘটনা প্রবাহ এবং চব্বিশের গণঅভ্যুত্থানের মূল আকাংখা স্পষ্টভাবে উঠে এসেছে ডা. ওয়াজেদ খানের বইটিতে। চব্বিশের গণঅভ্যুত্থান বইটি রচনার প্রেক্ষাপট ও মূল বিষয়বস্তু নিয়ে একটি স্বল্পদৈর্ঘ্য ভিডিও চিত্র প্রদর্শিত হয় অনুষ্ঠানের প্রারম্ভে। প্রকাশনা অনুষ্ঠানে বক্তাগণ বলেন-নির্বাচন হলেই দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয় না। সমাধান হয় না সব সমস্যার। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ ও ২০২৪-এর বৈষম্য বিরোধী আন্দোলনের চেতনা সমুন্নত রাখতে হলে রাষ্ট্রের সকল ক্ষেত্রেই জরুরী মৌলিক সংস্কার। বর্তমানে ন্যূনতম সংস্কার ছাড়া নির্বাচন হলে তা দেশ ও জাতির জন্য কোন কল্যাণ বয়ে আনবে না। বক্তাগণ বলেন, প্রচলিত পরিবারতান্ত্রিক রাজনীতি থেকে বেরিয়ে এসে একটি গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য নির্বাচনের আগেই প্রয়োজন রাষ্ট্র সংস্কার। তা না হলে বাংলাদেশ পরিপূর্ণ গণতন্ত্র প্রতিষ্ঠা হবে না। তারা বলেন, রাজনৈতিক সংকটের কারণে দেশে বৈষম্য, অনৈতিকতা, দুর্নীতি, স্বজনপ্রীতি বেড়েছে। এ সময়ের দাবী সংস্কারের মাধ্যমে নতুন রাজনৈতিক বন্দোবস্ত। বক্তাগণ বলেন, ডা. ওয়াজেদ খানের গ্রন্থটি ইতিহাসের দলিল হিসেবে পাঠকদের প্রেরণা যোগাবে অনিশ্চয়তের বাংলাদেশে। সাপ্তাহিক বাংলাদেশ-এর উপদেষ্টা সম্পাদক আনোয়ার হোসেইন মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আবিদ রহমান। গ্রন্থটির উপর আলোচনায় অংশ নেন প্রবীণ সাংবাদিক মনজুর আহমদ, লেখক-সাংবাদিক হাসান ফেরদৌস, লেখক-কলামিস্ট মাহমুদ রেজা চৌধুরী ও লেখক-কবি কাজী জহিরুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে ফ্লোরিডা'র বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক বাংলাদেশ-এর অতিথি প্রেসিডেন্ট দিলাজ খান সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক এমপি ও ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম শাহীন, বাংলা পত্রিকার সম্পাদক, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, বাংলাদেশ সোসাইটি'র সাবেক সভাপতি ডা. ওয়াদুদ ভূইয়া ও নার্গিস আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, ড. শওকত আলী, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, এডভোকেট মজিবুর রহমান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি ও ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট সৈয়দ আল আমীন রাসেল, রেজাউল করিম চৌধুরী, বদরুজ্জামান পিন্টু প্রমুখ। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সাংবাদিক আদিত্য শাহীন।

উল্লেখ্য চলতি বছরের একুশের বইমেলায় প্রকাশিত হয়েছে 'বাংলাদেশের স্বপ্ন ও চব্বিশের গণ অভ্যুত্থান' বইটি। বাংলা একাডেমির অমর একুশে বইমেলা ২০২৫ এ আহমেদ পাবলিশিং হাউজ ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের স্টলে বিক্রি হয় বইটি। চ্যানেল-২৪ টিভি বইমেলা থেকে সরাসরি সম্প্রচার করে বইটির অনুষ্ঠান পর্ব। জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে ২৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিত প্রকাশনা উৎসবে অংশ নেন দেশের খ্যাতিমান লেখক ও সাংবাদিকবৃন্দ। যা প্রচারিত ও প্রকাশিত হয় দেশের জাতীয় দৈনিক ও টিভি চ্যানেলগুলোতে।

সাপ্তাহিক বাংলাদেশ সহ দেশের বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সমসাময়িক রাজনৈতিক ও বাংলাদেশের ঘটনা প্রবাহের প্রবন্ধ নিয়ে ডা. ওয়াজেদ এ খানের লেখা গ্রন্থ 'বাংলাদেশের স্বপ্ন ও চব্বিশের গণঅভ্যুত্থান'। ১৭৬ পৃষ্ঠার গ্রন্থটিতে ৩৫টি নিবন্ধ/প্রবন্ধ সংকলিত হয়েছে। গ্রন্থটি প্রকাশ করেছে ঢাকার আহমেদ পাবলিশিং হাউজ। গ্রন্থটির প্রচ্ছদ এঁকেছেন ডা. ওয়াজেদ খানের একমাত্র পুত্র শিল্পী জিহান ওয়াজেদ। অনুষ্ঠানে বক্তাগণ বলেন, শুধুমাত্র একটি নতুন নির্বাচন অনুষ্ঠিত হলেই জাতির আকাঙ্খার পূরণ হবে না। একটি গণতান্ত্রিক এবং বৈষম্যহীন বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যেই চব্বিশের জুলাই-আগস্টে গণ অভ্যুত্থান সংঘটিত হয়েছে বলে মন্তব্য করেন বক্তাগণ। গ্রন্থটির উপর আলোচনাকালে সাংবাদিক মনজুর আহমদ বলেন, 'বাংলাদেশের স্বপ্ন ও চব্বিশের গণঅভ্যুত্থান'-এর সকল নিবন্ধ/প্রবন্ধ পৃথক পৃথকভাবে আলোচনার দাবী রাখে। তবে তার লেখায় দ্বিমত প্রকাশের অবকাশ থ েকেই পারে। আর কোন লেখা কবে প্রকাশিত হয়েছে তার তারিখ দেয়া থাকলে ভালো হতো। তিনি বলেন, লেখালেখি ছাড়া ভালো সাংবাদিক হওয়া যায় না। আমাদের সময় যে সাংবাদিকতা দেখেছি আজ সেই সাংবাদিকতা নেই।

হাসান ফেরদৌস বলেন, ডা. ওয়াজেদ খানের গ্রন্থটির কোন কোন প্রবন্ধে কারো কারো দ্বিমত থাকার পরও এটি চব্বিশ-এর জুলাই বিপ্লবের একটি দলিল। যা পাঠককে জুলাই বিপ্লবের ধারণা দেবে। তবে তিনি বলেন, জুলাই বিপ্লবের ঘটনায় সেনাবাহিনীকে যেভাবে গুরুত্ব দেয়া হয়েছে, সে বিষয়ে আমার দ্বি-মত রয়েছে।

মাহমুদ রেজা চৌধুরী বলেন, 'প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ, জীবন বাংলাদেশ আমার মরণ বাংলাদেশ' এই গানই আমাদের শেষ ঠিকানা হওয়া উচিৎ। এই গানের চেতনাই ফুটে উঠেছে ডা. ওয়াজেদ খানের গ্রন্থে। তিনি বলেন, ঢাকার পিলখানায় বিডিআর হত্যার ঘটনার মতো একটি ঘটনাই একটি সরকার পতনের জন্য যথেষ্ট।

অন্যতম আলোচক, বিশিষ্ট কবি কাজী জহিরুল ইসলাম বলেন, এই বইটি বাংলাদেশের ভবিষ্যত রাজনীতিতে রেফারেন্স হিসেবে ব্যবহৃত হতে পারে। কাজী জহিরুল ইসলাম বলেন, বর্তমান সময়ে ডা. ওয়াজেদ খানের গ্রন্থটি একটি সফল গ্রন্থ। তিনি বলেন, ডাঃ ওয়াজেদ খান নিজ রাজনৈতিক বৃত্তের বাইরে এসে নির্মোহভাবে বইটি লিখেছেন। তিনি গ্রন্থটির ইংরেজি প্রকাশনার অনুরোধ জানান। মো. দিলাজ খান বলেন, ২০২৪ সালের জুলাই মাসে দেশে ছিলাম। এদিন ঢাকার কলাবাগান বাসায় আটক ছিলাম। শুধু গুলির শব্দ শুনেছি। তিনি বলেন, আমি একটি রাজনৈতিক দল করলেও আমি মনে করি একাত্তর আর চব্বিশের চেতনা ধরে রাখতে হলে দেশের সংবিধান পরিবর্তন দরকার, দেশের সর্বক্ষেত্রেই প্রয়োজন সংস্কার।

অনুষ্ঠানে দেওয়া শুভেচ্ছা বক্তব্যে ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন বলেন, আমাদের নোংরা রাজনীতির কারনেই দেশ-জাতি ক্ষতিগ্রস্ত হচ্ছে। নষ্ট হয়ে যাচ্ছে রাজনীতি। যেকারণে ভালো মানুষ রাজনীতিতে আসছে না। ফলে পূরণ হচ্ছে না দেশ-জাতির প্রত্যাশা। দেশের অনিয়ম-অবিচার আর ক্ষোভের বহিঃপ্রকাশ চব্বিশের গণ অভ্যুত্থান। এজন্য দেশের নোংরা আর সুবিধাবাদী রাজনীতি-ই দায়ী। আমরা মুখে যে কথা বলি তা বাস্তবায়ন করিনা। ফলে দেশ-জাতি আর সুফল পায় না। তিনি ডা. ওয়াজেদ খানের লেখার ভূয়সী প্রশংসা করেন। টাইম টিভি ও বাংলা পত্রিকা সম্পাদক আবু তাহের বলেন, দেশের রাজনৈতিক দলের নেতা-কর্মীরা নিজেদের স্বার্থে দীর্ঘ ১৬ বছর ধরেই নানান সুযোগ সুবিধা নিয়েছেন। দেশের কথা, দেশের জনগণের কথা ভাবেননি বলেই দেশে এতো দুর্নীতি, অরাজকতা, বৈষম্য।

ডা. ওয়াদুদ ভূইয়া বলেন, ওয়াজেদ এ খান একজন ডাক্তার। কিন্তু তিনি ডাক্তারী পেশা ছেড়ে সাংবাদিকতায় এসেছেন, লেখালেখি করছেন। ডাক্তারগণ শুধু রোগীর সেবাই করেন না, লেখালেখি আর সাংবাদিকতার মাধ্যমে সমাজেরও সেবা করতে পারেন তার প্রমান ডা. ওয়াজেদ খান ও তার নতুন বই।

নার্গিস আহমেদ সুবিধাবাদী রাজনৈতিক আর নেতা-কর্মীদের তীব্র সমালোচনা করে বলেন, দেশের মতো এই প্রবাসেও আমরা সুবিধাবাদীদের দেখছি। তারা কখনোই দেশ-জাতির কল্যান চান না, চান দলকে ব্যবহার করে নিজেদের সুযোগ-সুবিধা আর বিত্তের পাহাড় গড়তে। এই মনমানসিকতার পরিবর্তন না হলে দেশের রাজনীতি ভালো হবে না, জাতির আশা-আকাঙ্খারও বাস্তবায়ন ঘটবে না। ফখরুল আলম বলেন, আমরা যে পেশাতেই থাকি না কেন, মনের ভিতরে, হৃদয়ের মাঝে দেশপ্রেম না থাকলে কোন কিছুতেই আমরা সফল হতে পারবো না।

লেখক ডা. ওয়াজেদ খান বলেন, রাষ্ট্রীয় বৈষম্যহীনতা, গণতন্ত্র, সামাজিক ন্যায় বিচার ও মানবিক মর্যাদার দাবিতে একাত্তরে অনুষ্ঠিত মুক্তিযুদ্ধেও কাংখিত ফল মেলেনি ৫৪ বছরের স্বাধীন বাংলাদেশে। যার ফলশ্রুতিতে ঘটে চব্বিশের রক্তাক্ত গণঅভ্যুত্থান। নতুন রাজনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠাই গণঅভ্যুত্থানের মূল স্বপ্ন। এই স্বপ্ন বাস্তবায়নের জন্য প্রয়োজন মৌলিক রাজনৈতিক সংস্কারের পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য ও কৃষিখাতে আমূল সংস্কার। শুধু নির্বাচন হলেই রাষ্ট্রে গণতন্ত্র আসে না। ডা. ওয়াজেদ এ খান বলেন, রাজনৈতিক দলগুলোর ভেতরে যদি গণতন্ত্র না থাকে, নেতা নির্বাচনে কর্মীদের মতামতের বিকাশ না ঘটে তাহলে পরিস্থিতির কোনো উন্নতি হবে না। স্বাধীনতা পরবর্তী ১২টি সংসদ নির্বাচনে তা প্রমাণিত হয়েছে।

সভাপতির বক্তব্যে আনোয়ার হোসেইন মঞ্জু সবাইকে ধন্যবাদ জানান। তিনি ডা. ওয়াজেদ খানের বইয়ের প্রকাশনা ও বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, চিকিৎসা পেশায় না থেকে লেখালেখিতে মনোনিবেশ করা একটি ব্যতিক্রমী ঘটনা। মধ্যাহ্ন ভোজের পাশাপাশি দেশের গান পরিবেশনের মধ্য দিয়ে প্রকাশনা উৎসবের সমাপ্তি ঘটে। এসময় সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় সঙ্গীত শিল্পী দম্পতি লিমন চৌধুরী ও কারমেলা তুলি। অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গসহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। তাদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন-ফার্মাসিস্ট এম কবীর, বিশিষ্ট ব্যবসায়ী মনিরুল ইসলাম মঞ্জু, ফ্লোরিডার রাজনীতিক মোর্শেদ আলম ও মেরী জোবায়দা, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মনজুর আহমেদ চৌধুরী, সেফুল উদ্দিন, এনআরবি'র চেয়ারপার্সন শেকিল চৌধুরী, জেএমবি প্রেসিডেন্ট ডাঃ মোঃ মাহমুদুর রহমান, জেএমবি'র সেক্রেটারী আফতাব মান্নান, জেএমবি'র আইন প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার এনামুল হক, ইঞ্জিনিয়ার জোবের হাসান, ডা. সজল আশফাক, ডাঃ মুজিবুর রহমান খান, ডাঃ মাহুল শিকদার, মোহাম্মদ জাহাঙ্গীর, এমদাদ চৌধুরী, ডাঃ হাসান, ডাঃ শরীফ, সাংবাদিক শেখ সিরাজুল ইসলাম, মমতাজুল আহাদ সেলিম, শহীদুল ইসলাম, অধ্যাপক শাহাদাত হোসেন, বাবুল হাওলাদার, সৈয়দ রাব্বী, জুলফিকার হায়দার, সাংবাদিক ওয়াসিউল আলম, শওকত ওসমান রচি, সৈয়দ ইলিয়াস খসরু, সানাউল হক, মাহাথির ফারুকী, রশিদ আহমেদ, বেলাল আহমেদ, এনএম সোলায়মান, মোহাম্মদ আজাদ ও সালাহউদ্দিন আহমেদ, ইঞ্জিনিয়ার মান্নান, ডাঃ আনফিয়া, ইঞ্জিনিয়ার এম নিজাম, ছড়াকার শাহ আলম দুলাল, স্টারভিউ এক্সপ্রেসের সিইও এম মালেক, ডাঃ মাহফুজুর রহমান, ড. নীন আল রশীদ, মোহাম্মদ সানুল উদ্দিন, বিশিষ্ট রাজনীতিক এএসএম রহমত উল্লাহ, বিশিষ্ট মর্টগেজ ব্যবসায়ী জান ফাহিম, এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেল-এর কর্ণধার নজরুল ইসলাম, বিনমিয়ারং পোল্ট্রি ফার্ম-এর কর্ণধার এম এ সালাম, আব্দুল নতুন, ফরহাদ তালুকদার, আশেক খন্দকার শামীম, কবীর নোমানী, আব্দুল হাকিম, আব্দুল কাদের প্রমুখ।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভুবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারুন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশদের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুষ্কৃতিপনার কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণেই এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সাল্লাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা ক্ষুদ্রাতিক্ষুদ্র বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# পিত্ত পাথুরি রোগ ও আধুনিক চিকিৎসা

ডা. এম. খাদেমুল ইসলাম

পিত্ত পাথুরি রোগ এ সময়ের একটি অতি পরিচিত সমস্যা। চিকিৎসাবিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে এ রোগ নির্ণয় ও চিকিৎসায় বৈপ্লবিক পরিবর্তন হয়েছে। গত তিন দশকের মধ্যে, বিশেষ করে রোগ নির্ণয়ে আলট্রাসনোগ্রাফির ব্যবহার পিত্ত পাথুরি শনাক্তকরণকে সহজ করে দিয়েছে। এই রোগ নিয়ে বিস্তারিত লিখেছেন স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতালের সার্জারি বিভাগের সাবেক অধ্যাপক ও বিভাগীয় প্রধান এবং ল্যাবএইড স্পেশালাইজড হাসপাতালের জেনারেল অ্যান্ড ল্যাপারোস্কোপিক সার্জারি বিভাগের প্রধান ডা. এম. খাদেমুল ইসলাম.....



* পিত্ত পাথুরি অসুখ কী

পিত্তথলি বা পিত্তনালির মধ্যে পাথর তৈরি হওয়া কিংবা পাথরের উপস্থিতি এবং তার সঙ্গে কিছু উপসর্গের সম্মিলিত অবস্থাকেই পিত্ত পাথুরি অসুখ বলা হয়। কোনো উপসর্গ ছাড়া কিংবা পেটে তীব্র ব্যথা নিয়ে পিত্ত পাথুরির রোগী চিকিৎসক বা হাসপাতালে আসতে পারেন।

* কারা আক্রান্ত হন

এক সময় এমন কথা চালু ছিল যে, চল্লিশ কিংবা চল্লিশোর্ধ্ব বয়সের ফর্সা, স্থূলকায় নারী, যিনি কয়েক সন্তানের মা এমন মহিলারাই সাধারণত পিত্ত পাথুরি অসুখে ভুগে থাকেন। বর্তমানে এ কথার বাস্তবতা খুব একটা নেই। তবে এটা ঠিক যে, নারীদের মধ্যেই এ রোগের প্রাদুর্ভাব বেশি। এখন অনেক যুবা বয়সের পুরুষ ও মহিলাদের মধ্যে পিত্ত পাথুরির এরপর ৩৬ পৃষ্ঠায়



# গরমে চোখের যত্ন কীভাবে নেবেন

ডা. তামান্না রহমান সুইটি

বাংলার জীবন প্রবাহে গ্রীষ্মের শাসন মানে উদ্বেগ আর উৎকণ্ঠা। তদংকম রুদ্র, রুক্ষ, শুষ্ক মূর্তি নিয়ে আবির্ভাব হয় গ্রীষ্মকালের। গরমে শরীরের পাশাপাশি চোখেরও দরকার হয় বিশেষ যত্নের। কারণ, এ সময় দেখা দেয় নতুন কিছু সমস্যা: তার মধ্যে রয়েছে অ্যালার্জি, চোখের অঞ্জনি, চোখ ওঠা, চোখ শুকিয়ে যাওয়া, জ্বালাপোড়া ইত্যাদি।

* করণীয়

প্রচুর পানি পান করতে হবে। সবুজ শাকসবজি, ফলমূল, গাজর, মাছ, মাংস খেতে হবে। এক নাগাড়ে অনেকক্ষণ কম্পিউটার বা ল্যাপটপে কাজ করলে অবশ্যই মাঝে বিরতি দিতে হবে।

* কিছু আনুষঙ্গিক সঙ্গে রাখুন

সানগ্লাস : এ গরমে বাইরে বের হওয়ার সময় অবশ্যই সানগ্লাস ব্যবহার করতে হবে। কারণ, সূর্যের ইউভি রশ্মি যেমন ত্বকের ক্ষতি করে, তেমনি চোখের ওপর পড়লে চোখ লাল হয়ে যাওয়া, ব্যথা করা, ঝাপসা দেখা, শুষ্ক হয়ে যাওয়ার মতো সমস্যা দেখা যায়। রোদ চশমা অবশ্যই ভালোমানের হতে হবে। তাই ব্যবহারের আগে চিকিৎসকের পরামর্শ নিলে ভালো হয়।

ছাতা : এ সময় ব্যাগে ছাতা রাখা আবশ্যক। এতে চোখ এবং ত্বক উভয়ই রক্ষা পাবে।

টুপি/ক্যাপ : চওড়া কিনারযুক্ত টুপি/ক্যাপ ব্যবহার করতে হবে, যেটা মাথাকে ছায়া দিতে পারে এবং অতি বেগুনি রশ্মি চোখে ঢুকতে বাধা দেয়।

সাঁতারের সময়ে গগল পরা : গরমের সময় অনেকেই সাঁতার কাটতে ভীষণ পছন্দ করেন এবং লম্বা সময় সাঁতার কাটেন। সুইমিং পুলের পানিতে থাকা ক্লোরিন চোখের কর্নিয়ার ক্ষতি করতে পারে, সেজন্য প্রটেকটিভ গগল অবশ্যই ব্যবহার করতে হবে। এ সময় চোখ অনেক শুষ্ক হয়ে যায়। সেজন্য চিকিৎসকের পরামর্শ নিয়ে ধৎঃরভরপরধষ ঃবধৎ (টিয়ার ড্রপ) ব্যবহার করা যেতে পারে। বারবার চোখে হাত দিয়ে কচলানো থেকে বিরত থাকতে হবে। চোখ লাল হওয়া, পানি পড়া শুরু হলে অবশ্যই চোখের ডাক্তারের পরামর্শ নিতে হবে। চোখ আমাদের মূল্যবান অঙ্গ। একে ভালো রাখার দায়িত্ব আমাদের। প্রচণ্ড রোদের সময় সাধারণত ১০টা থেকে ১টা বাইরে না যাওয়াই ভালো। আর যেতে হলে অবশ্যই উপরোক্ত নিয়মগুলো মেনে চলতে হবে।

লেখক : চক্ষু বিশেষজ্ঞ, কনসালটেন্ট, কর্নিয়া-অ্যান্টেরিয়র সেগমেন্ট, ইস্পাহানি ইসলামিয়া চক্ষু ইনস্টিটিউট ও হাসপাতাল।

# বন্ধ্যাত্ব : নারী-পুরুষ উভয়ের চিকিৎসা প্রয়োজন

ডা. হাসনা হোসেন আঁখি

সন্তান ধারণের চেষ্টা করার পর টানা এক বছর সময়কাল যদি কোনো দম্পতি সফল না হন, তাহলে তাকে ইনফার্টাইল বা সন্তান ধারণে অক্ষম হিসাবে গণ্য করা হয়। বন্ধ্যাত্ব নারী ও পুরুষ উভয়েই হতে পারে। সন্তান ধারণে অক্ষমতার জন্য নারী ও পুরুষ উভয়ই সমানভাবে দায়ী। সন্তান না হলে শুরুতেই শুধু স্ত্রীকে চিকিৎসকের কাছে নেওয়া হয়, যা বিজ্ঞানসম্মত নয়। বন্ধ্যাত্বের নানা চিকিৎসা বর্তমানে বাংলাদেশে রয়েছে। এ চিকিৎসা দীর্ঘমেয়াদি, ব্যয়বহুল এবং কষ্টকর।

* নারীর বন্ধ্যাত্বের কারণ



পলিসিস্টিক ওভারি, যার মাধ্যমে একটা করে ওভাম আসার কথা, সেটা আসে না, প্রেগন্যান্সির জন্য যা জরুরি। জরায়ুর কিছু সমস্যা থাকে, যা জন্মগত হতে পারে আবার অসুখের কারণে হতে পারে।

জন্মগত সমস্যার কারণে হয়তো ডিম আসছে না, টিউব ব্লক, জরায়ু যেটা আছে সেটা বাচ্চাদের মতো। আরও কিছু অসুখ আছে, যেমন-ওভারিয়ান চকলেট সিস্ট, অ্যান্ডোমেট্রিওসিস, থাইরয়েডের সমস্যার কারণেও বন্ধ্যাত্ব হতে পারে।

যৌনবাহিত রোগের কারণে মেয়েদের প্রজনন অঙ্গগুলো ক্ষতিগ্রস্ত হয়। সেজন্য বন্ধ্যাত্ব হতে পারে।

* পুরুষের বন্ধ্যাত্বের কারণ এরপর ২৮ পৃষ্ঠায়

# ভিটামিন 'এ'-এর অভাবে কী হয়

ডা. সিএম শামীম কবীর

ভিটামিন 'এ', যেটি রেটিনল নামেও পরিচিত। এটি একটি ফ্যাট-সল্যুবল বা দ্রবণীয় ভিটামিন। এটি ফোটোরিসেপ্টিভ আই পিগমেন্ট তৈরিতে দরকার, যাকে রোডোপসিন বলা হয়। দৃষ্টিশক্তি, বিশেষ করে রাতের দৃষ্টির জন্য ভিটামিন 'এ' প্রয়োজন। এছাড়া ভিটামিন 'এ' কোষের পূর্ণতা এবং বৃদ্ধিতে, রোগ-প্রতিরোধ কার্য ও ভ্রূণের গঠনে সাহায্য করে। এর অভাবে আরও অনেক গুরুতর রোগের সৃষ্টি হয়; বিশেষ করে, চোখ ও চোখের দৃষ্টি সম্পর্কিত ব্যাপারে।




** লক্ষণ ও উপসর্গ : ভিটামিন 'এ'-এর অভাবে সৃষ্ট সমস্যার লক্ষণ ও উপসর্গগুলোর মধ্যে রয়েছে- রাতে দেখতে না পাওয়া : কম আলোতে এবং রাতের বেলায় দেখতে না পাওয়া।

জেরোফথালমিয়া: চোখ কেরাটিনাইজড হয়ে যায়; এতে কনজাংকটিভা (চোখের কর্নিয়ার পাতলা স্বচ্ছ আচ্ছাদন) ও কর্নিয়া শুষ্ক এবং ঘন হয়ে যায়। এমনকি দিনেরবেলায়ও দেখতে অসুবিধা হয়।

বাইটট দাগ : কনজাংকটিভাতে খারাপ এপিথেলিয়াল কোষ জমা হতে থাকে। এর ফলে চোখের সাদা অংশে দাগ পড়ে।

কেরাটোম্যালাসিয়া : কর্নিয়া অস্পষ্ট এবং ক্ষয়প্রাপ্ত হয়। এটি একটি স্থায়ী ক্ষত। ত্বক-কেরাটিনাইজড হয়ে যায়, ফলস্বরূপ শুষ্ক, আঁশযুক্ত ত্বক দেখা দেয় এবং চুলকানি হয়।

ভিটামিন 'এ'-এর অভাবের উপসর্গগুলো ছোট বাচ্চাদের বেশি দেখা যায় এবং তাদের বৃদ্ধিও কম হয়। খুব বেশি অভাব হলে এরপর ২৮ পৃষ্ঠায়

# কানের পাশে তীব্র ব্যথা হলে কী করবেন



ডা. তাহমীদ কামাল

ট্রাইজেমিনাল স্নায়ু নামের একটি স্নায়ু আছে, যা সাধারণত মুখ থেকে মস্তিষ্কে অনুভূতি সরবরাহের কাজটি করে থাকে। স্নায়ুটিতে কোনো সমস্যা হলে মুখের একদিকে কানের পাশে বৈদ্যুতিক শকের মতো তীব্র ব্যথা হয়। পুরুষদের চেয়ে নারীদের মধ্যে এ রোগ বেশি পরিলক্ষিত হয়।

** কেন হয়

যদি ট্রাইজেমিনাল নার্ভে যে কোনোভাবে চাপ পড়ে তাহলে এ রোগ হতে পারে। তাছাড়া অন্যান্য রোগের কারণেও এ রোগ হতে পারে। যেমন-মাল্টিপল স্কেলেরোসিস, মস্তিষ্কে টিউমার।

** উপসর্গ

* ট্রাইজেমিনাল নিউরালজিয়ার রোগীদের বৈদ্যুতিক শকের মতো তীব্র ব্যথা হয়।

* শেভ করার সময়, মুখে হাত বুলালে, দাঁত ব্রাশ করার সময়, মেকআপ নেওয়ার সময় ব্যথা বেড়ে যেতে পারে।

* ব্যথা কয়েক সেকেন্ড স্থায়ী হয়, সাধারণত দুই মিনিটের কম। বারবার ব্যথা হয়, ব্যথা কয়েকদিন থেকে কয়েক মাস পর্যন্ত থাকতে পারে। দুটি এপিসোডের মাঝখানে সাধারণত ব্যথা থাকে না।



* ট্রাইজেমিনাল নার্ভ যেসব জায়গায় অনুভূতি সরবরাহ করে যেমন গাল, চিবুক, মাড়ি, দাঁত, ঠোঁট এবং মাঝেমধ্যে চোখ ও কপালে ব্যথা হয়।

* ব্যথা মুখের যে কোনো একদিকে হয় (যে দিকের নার্ভ আক্রান্ত হয় সে দিকে)। ক্রমান্বয়ে ব্যথার তীব্রতা ও ব্যাপকতা বাড়তে থাকে।

** চিকিৎসা

ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন বিশেষজ্ঞের (ফিজিয়েট্রিস্ট) তত্ত্বাবধানে চিকিৎসা করাতে হবে। রোগীর অবস্থা বিবেচনায় তিনি প্রয়োজনীয় থেরাপিউটিক এক্সারসাইজ এবং ইলেক্ট্রো ফিজিওলোজিক্যাল এজেন্ট প্রেসক্রাইব করেন এবং প্রয়োগ করে থাকেন। কিছু ক্ষেত্রে সার্জারির প্রয়োজন হতে পারে যেমন-মাইক্রোভাস্কুলার ডিকমপ্রেশন, গামা নাইফ রেডিও সার্জারি। কখনো কখনো নার্ভ ব্লকও করা হয়ে থাকে।

লেখক : ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন বিশেষজ্ঞ।

হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন

এ. ভূঁইয়া

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## মেয়রের দৌড়ে মামদানির পক্ষেই সমর্থন

৬৪ পৃষ্ঠার পর

নতুন এক জরিপ অনুসারে, ৩৩ বছর বয়সী মামদানি এখন মেয়রের দৌড়ে এগিয়ে রয়েছেন। যা ২০০,০০০ এরও বেশি পাবলিক শিক্ষা পেশাদারদের প্রতিনিধিত্ব করে। মামদানি জনপ্রিয় হিসাবে তার অবস্থানকে আরো দৃঢ় করেছে। গত বুধবার প্রকাশিত একটি সংশ্লিষ্ট স্ট্র্যাটেজিস জরিপে দেখা গেছে যে, সম্ভাব্য ভোটারদের মধ্যে মামদানি ৩৫% সমর্থন পেয়েছেন। অ্যান্ড্রু কুওমো যিনি এখনও সক্রিয়ভাবে প্রচারে প্রতিশ্রুতিবদ্ধ নন। তিনি ২৫% সমর্থন পেয়েছেন। রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া ১৪% পেয়েছিলেন এবং বর্তমান মেয়র এরিক অ্যাডামস মাত্র ১১% পেয়েছিলেন।

গত বুধবার মামদানি বলেন, আলবানিতে এমন অনেক কিছু আছে যার জন্য আমি গর্বিত। আমরা ক্লাস সাইজ রিডাকশনে উত্তীর্ণ হয়েছি। কিন্তু আমরা নিউইয়র্ক সিটিতে ঝাঁপিয়ে পড়তে দেখেছি। মামদানি বলেন, তিনি শহরের বিদ্যালয়গুলির শাসন ব্যবস্থার সংস্কারকে সমর্থন করেন। মামদানি বলেন, এরিক অ্যাডামস এবং অন্যান্যরা যে বিষয়গুলোর দিকে মনোনিবেশ করতে চাইবেন, সেগুলোর সঙ্গে সামর্থ্যের কোনও সম্পর্ক নেই। আমরা সবেমাত্র একটি প্রাথমিক পর্যায়ের মধ্য দিয়ে এসেছি যেখানে আমরা ঠিক তা করার লক্ষ্যে ৩০ মিলিয়ন ডলারেরও বেশি হামলার মুখোমুখি হয়েছি।

বুধবার নির্বাচনী প্রচারণার সময় স্লিওয়া বলেন, মামদানির অতীত বিবৃতি বা পটভূমির উপর ভিত্তি করে তার ওপর ব্যক্তিগত আক্রমণ সর্বোত্তম পথ নয়। স্লিওয়া বলেন, এটা ন্যায্য খেলা, কিন্তু এটিকে অগ্রাধিকার দেওয়া উচিত নয়। আপনি তার নীতির ভিত্তিতে তার কাছে যান। তার মুসলিম ধর্মকে ছেড়ে দিন। তাঁর সংস্কৃতিকে ছেড়ে দিন। আপনি যা করছেন তা হল তাকে শক্তিশালী করা, তাকে শিকার বা শহীদ করা, এবং আরও তরুণরা তার চারপাশে জড়ো হবে। স্লিওয়া মামদানির বিরুদ্ধে বিরোধীদের একত্রিত করার জন্য দৌড় থেকে সরে আসার বিষয়টিও অস্বীকার করেছেন; পরিবর্তে পরামর্শ দিয়েছেন যে মেয়র অ্যাডামসকে তার কম ভোটের সংখ্যার কারণে দৌড় থেকে বেরিয়ে আসার কথা বিবেচনা করা উচিত। এখনই সে সময়।

## খলিলের ২ কোটি ডলারের মামলা

৬৪ পৃষ্ঠার পর

ভূমিকার জন্য তাকে নির্বাসন দেওয়ার চেষ্টা করেছিল। মামলা সম্পর্কে খলিল বলেন, 'আমার লক্ষ্য হল একটি বার্তা পাঠানো যে নীরবে ভয় দেখানো হবে না। তাদের ক্ষমতার অপব্যবহার করছে কারণ তারা মনে করে যে তারা অস্পৃশ্য। যতক্ষণ না তারা মনে করে যে কোনও ধরনের জবাবদিহিতা রয়েছে, এটি অনিয়ন্ত্রিতভাবে চলতে থাকবে'।

খলিল বলেন, ফিলিস্তিনিপন্থী বক্তব্য দমন করার জন্য ট্রাম্পের ব্যর্থ প্রচেষ্টায় লক্ষ্যবস্তু হওয়া অন্যদের সঙ্গে তিনি যে মামলার নিষ্পত্তির অর্থ ভাগ করে নেওয়ার পরিকল্পনা করেছেন। একটি ইমেল করা বিবৃতিতে, হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন খলিলের দাবিকে 'অযৌক্তিক' বলে অভিহিত করেছেন এবং তাকে 'ঘৃণ্য আচরণ ও অলঙ্কার' বলে অভিযুক্ত করেছেন যা ইহুদি শিক্ষার্থীদের হুমকি দিয়েছে। খলিল বলেন, আমার বিশ্বাস, আমার করের টাকা বা টিউশনের টাকা গণহত্যার জন্য অস্ত্র প্রস্তুতকারকদের বিনিয়োগে যেতে চাই না। তিনি বলেন, এটি ছিল সবচেয়ে অমানবিকারক মুহূর্তগুলির মধ্যে একটি। 'ভিতরের লোকেরা জানে না যে তাদের কোনও অধিকার আছে কি না। ২০শে জুন, ১০৪ দিন হেফাজতে থাকার পর, একজন যুক্তরাষ্ট্রীয় বিচারক খলিলকে মুক্তি দেওয়ার আদেশ দেন, যিনি মনে করেন যে বৈদেশিক নীতির ভিত্তিতে তাকে অপসারণের জন্য সরকারের প্রচেষ্টা অসাংবিধানিক ছিল। তিনি এখন তার গ্রিন কার্ডের আবেদনে ব্যক্তিগত বিবরণ ভুলভাবে উপস্থাপনের নতুন অভিযোগের মুখোমুখি হয়েছেন। বুধবার গভীর রাতে দায়ের করা একটি প্রস্তাবে খলিলের আইনজীবীরা এই অভিযোগগুলিকে ভিত্তিহীন ও প্রতিশোধমূলক বলে বর্ণনা করে একজন বিচারপতিকে তাদের বরখাস্ত করার আহ্বান জানান।

## নিউইয়র্কে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে আশিক ইসলাম



৩ পৃষ্ঠার পর

সাংবাদিকদের স্বাধীনভাবে কাজ করার পরিবেশ নিশ্চিত করা হবে।' তিনি আরও বলেন, গণমাধ্যম শুধু খবর ছাপে না, এটি জাতির বিবেক। এই বিবেককে বেঁধে ফেলা মানে জনগণের কণ্ঠ রুদ্ধ করে দেওয়া। আমরা সেই অবস্থানেই বিশ্বাস করি যেখানে সংবাদমাধ্যম স্বাধীন, শক্তিশালী ও নৈতিকভাবে দায়বদ্ধ।

এসময় উপস্থিত ছিলেন সাপ্তাহিক পরিচয় পত্রিকার সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক দেশ পত্রিকার সম্পাদক মিজানুর রহমান মিজান, সাংবাদিক কনক সারোয়ার, নবযুগ সম্পাদক শাহাবুদ্দিন সাগর, এনটিভির যুক্তরাষ্ট্র প্রতিনিধি ফরিদ আলম, সাবেক সংবাদ পাঠিকা শামসুন নাহার নিম্মি, প্রথম আলো উত্তর আমেরিকার মঞ্জুরুল আলম, সাপ্তাহিক সাদাকালোর নির্বাহী সম্পাদক কাশেম মোহাম্মদসহ অনেকে। কমিউনিটির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারপারসনের পররাষ্ট্র বিষয়ক উপ-কমিটির বিশেষ সহকারী গোলাম ফারুক শাহীন, বক্সার সেলিম, নিউজার্সি উত্তর বিএনপির সিনিয়র সহ-সভাপতি মো. দিদার, কাওসার, মনিরুল ইসলাম মনিরসহ অনেকেই।

## সন্ত্রাসের অভয়ারণ্য জামাইকা

৬৪ পৃষ্ঠার পর

রাতে গাড়ী পার্কিং করা ঝুঁকিপূর্ণ বলে জানিয়েছেন অনেক ভুক্তভোগি। প্রত্যক্ষদর্শী স্থানীয় বাসিন্দা মেহেদি হাসান 'আজকাল'কে বলেন, জ্যামাইকা হিল সাইডের ১৬৪ স্ট্রিট থেকে শুরু করে ১৭০ স্ট্রিট পর্যন্ত রাস্তার ওপর ডাবল পার্কিং করায় মানুষ চলাচলে নানা সমস্যা দেখা দিয়েছে। ফুটপাথে ঠাসা থাকে দোকানের পসরা, রেস্টুরেন্টে বাসি খাবার বিক্রি, পাশেই সারিসারি ডাবল পার্কিং করা গাড়ী, ময়লা আবর্জনায় দুর্গন্ধময় পরিস্থিতি প্রতিদিন মোকাবিলা করতে হচ্ছে স্থানীয় বাসিন্দাদের। নিরাপত্তার বিষয়টি বিশেষভাবে উদ্বেগ বাড়িয়েছে। যেখানে মোবাইল ফোন ব্যবসায়ি মানুষকে আহত করা হয়েছে সেই এলাকায় ২০২৪ সালে দুর্বৃত্তদের হামলায় দুইজন বাংলাদেশি নিহত হন বলে জানা যায়। তাদের একজন আহত অবস্থায় দীর্ঘদিন হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়েন। তিনি হামলাকারী এক দুর্বৃত্ত দৌড়ে পালিয়ে গিয়ে স্থানীয় সেলুনে (মান্নান গ্রোসারির পাশে) আশ্রয় নিলে তাকে দেখতে গিয়ে হামলার শিকার হয়েছিলেন। এলাকায় গাড়ী চুরি, গাড়ীর চাকা খুলে নেয়ার মতো ঘটনা অহরহ ঘটছে। ভুক্তভোগিরা জানান, এসব নিয়ে পুলিশকে জানালে দ্রুত কোন সাড়া মিলছে না। জ্যামাইকা কমিউনিটিতে বিভিন্ন সামাজিক সংগঠন থাকলেও তারাও কোন সেবামূলক কর্মসূচির উদ্যোগ নেন না বলে অভিযোগ করেন স্থানীয় বাসিন্দারা। ফলে রাতে গাড়ী পার্কিং করে বাসায় ফেরার পর সবাইকে উদ্বিগ্ন অবস্থায় থাকতে হয়। পরদিন অক্ষত অবস্থায় গাড়ীটি পাওয়া যাবে কি-না। জ্যামাইকার ভুক্তভোগিরা অচিরেই এই অবস্থা থেকে মুক্তি কামনা করেন।

## 'কারাবালার শিক্ষা ভুলবো না'



৬৪ পৃষ্ঠার পর

গত মঙ্গলবার, ৮ জুলাই, নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে পবিত্র আশুরা উপলক্ষে আয়োজিত আলোচনা ও মিলাদে ইসলামিক স্কলাররা এসব কথা বলেন। বাদ মাগরিব আশুরা উদযাপন কমিটি, নিউইয়র্ক এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন উডসাইডের আহলে বাইয়াত মসজিদের পেশ ইমাম ড. সাইয়েদ মুত্তাওয়াক্কিল বিল্লাহ রাব্বানী। প্রধান অতিথি ছিলেন ড. সাইয়েদ আনসারুল করিম আল আজহারী। আলোচনায় অংশ নেন আবু হুরাইরা মসজিদের ইমাম মাওলানা ফায়েক উদ্দিন, মাওলানা অলিউল্লাহ আতিকুর রহমান, মোহাম্মদী সেন্টারের ইমাম কাজী কাইয়ুম, আয়োজকদের পক্ষে বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস আহমেদ, এটর্নি মঈন চৌধুরী, কাজী সাখাওয়াত হোসেন আজম ও নুরুল আজিম। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক শাহাব উদ্দিন সাগর। কেরাত পাঠ করেন সাইয়েদ মুনতাজির বিল্লাহ রাব্বানী। নাতে রাসুল সা. পাঠ করেন ওমর ফারুক। কমিউনিটির বিশিষ্টজনের মধ্যে উপস্থিত ছিলেন নিউইয়র্কের ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি দুলাল বেপারী, ফোবানার সাবেক চেয়ারম্যান আলী ইমাম শিকদার, ফোবানা স্টিয়ারিং কমিটির মেম্বার কাজী এলিন, স্টিয়ারিং কমিটির মেম্বার এনায়েত, স্টিয়ারিং কমিটির মেম্বার ফরহাদ খন্দকার, ব্যবসায়ী রফিকুল হক টিটো প্রমুখ। বক্তারা বলেন, আশুরা মুসলিম উম্মাহর নিকট এক বিশেষ তাৎপর্যপূর্ণ ও শোকাবহ দিবস রূপে পরিগণিত। এর প্রধান কারণ এই যে, এই দিন কারবালার প্রান্তরে মহানবী হযরত মুহম্মদ (স.)-এর দৌহিত্র হযরত ইমাম হুসাইন (রা.) স্বীয় পরিবারবর্গ ও কতিপয় সঙ্গী সহকারে শাহাদত বরণ করেছিলেন। সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় তারা যেই আত্মত্যাগ প্রদর্শন করেছিলেন, তা মুসলিম জাতির ইতিহাসে এক অবিস্মরণীয় ঘটনা। এটা ছাড়াও, আশুরার দিন বহু গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা। গিয়াস আহমেদ বলেন, শান্তি ও সম্প্রীতির ধর্ম ইসলামের মহান আদর্শকে সমুন্নত রাখতে হযরত ইমাম হোসেন (রা.)-এর আত্মত্যাগ মানবতার ইতিহাসে সমুজ্জ্বল হয়ে আছে। কারবালার এই শোকাবহ ঘটনা অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হতে অনুপ্রেরণা জোগায়। সত্য ও সুন্দরের পথে চলার প্রেরণা জোগায়। তিনি বলেন, পবিত্র আশুরা জুলুম ও অবিচারের বিপরীতে সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় মানবজাতিকে শক্তি ও সাহস জোগাবে।

## ইয়থ ডেভলপমেন্টের ওপেনিং সিরিমনি আজ

৬৪ পৃষ্ঠার পর

এক বিবৃতিতে উদ্যোক্তারা জানিয়েছেন।

আজকের অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট ব্যবসায়ি ও আজকাল পত্রিকার সম্পাদক সায়ন শাহ নেওয়াজ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কনস্যুলেট জেনারেল অব নিউইয়র্ক-এর কনসোলার ইশরাত জাহান, কী নোট স্পীকার থাকছেন ড. গোলাম এম মাতবর, স্পেশাল গেস্ট হিসেবে উপস্থিত থাকবেন আনাম প্রেসিডেন্ট মাফ মেজবাহ উদ্দিন, জেবিবিএ প্রেসিডেন্ট গিয়াস আহমেদ, এটর্নী মঈন চৌধুরী, কুইন্সের অবসর প্রাপ্ত বিচারক থমাস ডি রাফেলি, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফখরুল ইসলাম আলমগীর, শেখ আল মামুন, মটিভেশনাল ইয়থ স্পিকার প্রিসিলা ফাতেমাসহ আরো অনেকে। অনুষ্ঠানে কনভেনার হিসেবে দায়িত্বে রয়েছেন ইঞ্জিনিয়ার মোঃ আবদুল সোবহান ও মেম্বার সেক্রেটারি মাহবুবুর রহমান। ইয়থ ডেভেলপমেন্ট টিমে রয়েছেন, এসএম আবিদ ইবতিহাজ, নাবিলা আহমেদ, ফারহান আবদুর রহমান, মালিহা রহমান ও রাইশা আয়েবা। অনুষ্ঠানটি সঞ্চালনা করবেন সোনিয়া।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# মুমিনের শ্রেষ্ঠ সম্পদ উত্তম চরিত্র

কাওসার আহমদ যাকারিয়া



হজরত মুহাম্মাদ (সা.) বলেছেন-'চারিত্রিক সৌন্দর্য ও গুণাবলির পরিপূর্ণ বিকাশ সাধনের জন্যই আমি প্রেরিত হয়েছি।' ২৩ বছরের নবি জীবনে গোটা বিশ্বের কাছে তিনি উত্তম চরিত্রগুলোর এক নমুনা তুলে ধরেছেন। জীবনের সব ক্ষেত্রে তা বাস্তবায়িত হলে দুনিয়া জান্নাতে রূপান্তরিত হবে ইনশাআল্লাহ। আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেছেন-রাসুলুল্লাহ (সা.) বলতেন, 'তোমাদের মধ্যে সেই ব্যক্তিই উত্তম যে চরিত্রের দিক থেকে উত্তম।' একবার আব্দুল কায়েস গোত্রের প্রতিনিধি প্রধানকে সম্বোধন করে বলেছিলেন-'নিঃসন্দেহে তোমার মধ্যে এমন দুটি প্রশংসনীয় সৌন্দর্য বিদ্যমান যা আল্লাহর কাছে খুবই প্রিয়। একটি হলো ব্যক্তিত্ব, আর দ্বিতীয়টি হলো শিষ্টাচার।'

আমরা যদি সুন্দর জীবনযাপন করতে চাই, তাহলে আমাদের উচিত চরিত্র ঠিক রাখার সাধনা করা। মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। তাই মানুষের চরিত্র মানুষের মতোই হওয়া উচিত। চরিত্রহীন মানুষ পশুর সমান। চরিত্র গঠনের গুরুত্ব এতই ব্যাপক যে জীবনের যাবতীয় সফলতার পূর্বশর্ত হিসাবেই একে বিবেচনা করা যায়। ব্যক্তিগত জীবনে সুখী, সফল আত্মপ্রত্যয়ী এবং জয়ী হওয়ার জন্য চরিত্রের প্রয়োজন। সামাজিক জীবনে প্রভাবশালী ও বরণীয় হওয়ার জন্য চরিত্রের প্রয়োজন। চরিত্রের প্রয়োজন আন্তর্জাতিক জীবনে শান্তিপূর্ণ বাসস্থান এবং বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতা নিশ্চিত করার জন্য।

সুন্দর চরিত্র মানুষের অমূল্য সম্পদ। চরিত্রকে পবিত্র রাখা একজন মানুষের অবশ্য কর্তব্য। চরিত্রহীন ব্যক্তি পরিবার সমাজ ও দেশের কলঙ্ক। যে সমাজে চারিত্রিক অধঃপতন শুরু হয় সেখানে বিভিন্ন বালামুসিবত আসতে শুরু এরপর ৪০ পৃষ্ঠায়

# রিজিক বৃদ্ধির ১০ আমল

আল্লাহ রিজিকদাতা। যখনই কোনো বান্দার রিজিকের প্রয়োজন হয়, আল্লাহ তার জন্য রিজিকের বন্দোবস্ত করে দেন। যে ব্যক্তি আল্লাহর ওপর ভরসা রেখে রিজিক অন্বেষণ করে আল্লাহ তার জন্য যথেষ্ট। আল্লাহতায়ালা বান্দাকে এমন উৎস থেকে রিজিক দান করেন, যে সম্পর্কে তার কোনো ধারণাই নেই। কুরআন হাদিসে বর্ণিত, রিজিক বৃদ্ধির কিছু আমল নিয়ে বিস্তারিত লিখেছেন-**সুহাইল আহমদ**

* সালাত আদায়

যথা সময়ে নামাজ আদায় করলে আল্লাহ রিজিকের দরজা উন্মুক্ত করে দেন। নামাজ আদায়কারীর রিজিকের দায়িত্ব তিনি নিয়ে নেন। ইরশাদ করেছেন, 'আর আপনি পরিবার-পরিজনকে নামাজ আদায়ের আদেশ দিন এবং নিজেও তার ওপর অটল থাকুন। আমি আপনার কাছে কোনো রিজিক চাই না। আমিই আপনাকে রিজিক দিই। আর মুত্তাকিদের জন্যই শুভ পরিণাম।' (সুরা ত্বহা, আয়াত : ১৩২)। আবু হুরায়রা (রা.) বর্ণনা করেছেন, রাসুল (সা.) বলেছেন, আল্লাহতায়ালা বলেন, 'হে আদম সন্তান! আমার ইবাদতের জন্য তুমি তোমার অন্তরকে খালি করো। আমি তোমার অন্তরকে অভাবমুক্ত হিসাবে পরিপূর্ণ করে দেব এবং তোমার দরিদ্র্যের পথ দূর করে দেব। আর যদি তা না করো; আমি তোমার হাত (দুনিয়ার) ব্যস্ততায় পূর্ণ করে দেব এবং তোমার অভাব এরপর ৩৯ পৃষ্ঠায়



# দুর্নীতিমুক্ত সমাজ গঠনে ইসলামি মূল্যবোধের অনুশীলন জরুরি

ইসলাম সততা, ন্যায়পরায়ণতা, আমানতদারি ও বিশ্বস্ততার গুণাবলি অর্জনের নির্দেশনা দেয়। পাশাপাশি একটি শৃঙ্খল ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠার প্রতিও জোর দেয়। কেউ দুর্নীতিগ্রস্ত হলে তার জন্য পার্থিব ও অপার্থিব শাস্তির বিধানও দিয়েছে ইসলাম। দুর্নীতির কারণ ও প্রতিকার নিয়ে যুগান্তরের মুখোমুখি হয়েছে দেশবরেণ্য ইসলামি চিন্তাবিদ ও কুরআন গবেষক মাওলানা শাইখ মুহাম্মাদ জামাল উদ্দীন। তিনি জামালী তালিমুল কুরআন ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং ২৪ ঘণ্টায় কুরআন শিক্ষা মেথডের আবিষ্কারক। সাক্ষাৎকার নিয়েছেন **আল মামুন**

**সমাজে দুর্নীতি বেড়ে যাওয়ার কারণ কী? এ সম্পর্কে কুরআন কী বলে?**

দুর্নীতি শব্দের আভিধানিক অর্থ রীতি বা নীতিবিরুদ্ধ আচরণ, কুনীতি, নীতিহীনতা ইত্যাদি। এর আরবি প্রতিশব্দ 'ফাসাদ' এবং ইংরেজি প্রতিশব্দ 'করাপশন'। পরিভাষায় দুর্নীতি বলতে সাধারণত ঘুস, অর্থ আত্মসাৎ, বল প্রয়োগ, ভীতি প্রদর্শন, স্বজনপ্রীতি ও ব্যক্তিগত স্বার্থে অর্পিত দায়িত্বের অপব্যবহার করা বোঝায়। কেউ কেউ বলেন, দুর্নীতি হলো অসততা, অবৈধ আচরণ, বিশেষ ক্ষমতা ও কর্তৃত্বে আসীন ব্যক্তিদের আইনবহির্ভূত আচরণ ইত্যাদি। দুর্নীতি একটি ভয়াবহ সামাজিক ব্যাধি। এটি মহামারির মতো কোনো জাতিকে ধ্বংস করে দেয়। আল্লাহতায়ালা মহাগ্রন্থ পবিত্র কুরআনের বিভিন্ন আয়াত এবং আমাদের প্রিয় নবি (সা.) বিভিন্ন হাদিসের মাধ্যমে মানব জাতিকে দুর্নীতির বিষয়ে বারবার সতর্ক করেছেন।

কোনো জাতি ধ্বংসের আগে তাদের মধ্যে দুর্নীতি মহামারির মতো বিস্তার লাভ করে থাকে। মহান আল্লাহ যুগে যুগে বিভিন্ন জাতিকে শাস্তি দেওয়ার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, 'যখন কোনো জাতি দেশে সীমালঙ্ঘন ও দুর্নীতি করেছে, তখন তাদের ওপর তোমার প্রভু শাস্তির কশাঘাত হানলেন। নিশ্চয়ই তোমার প্রতিপালক গভীরভাবে তোমাদের পর্যবেক্ষণে রেখেছেন।' (সুরা ফজর, আয়াত ১১-১৪)। এ আয়াতে বলা হচ্ছে, যখন দেশে আইন ও অধিকারের সীমা লঙ্ঘিত হয়, মহান আল্লাহর বিধানের বিরুদ্ধাচরণ করা হয় এবং দুর্নীতি বিস্তারের ক্ষেত্র সম্প্রসারিত হয়, অর্থাৎ দুর্নীতি সমাজের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে পড়ে, তখন মহান আল্লাহতায়ালা ওই দেশ ও জাতির ওপর ক্ষুব্ধ হন এবং তাদের নানাভাবে শাস্তি দেন।

**দুর্নীতিবাজ কতিপয় ব্যক্তি ফুলেফেঁপে হাজার কোটি টাকার সম্পদের মালিক হয়। যা আসলে সাধারণ জনগণেরই সম্পদ। এভাবে অন্যের অধিকার হরণ করার বিষয়ে ইসলাম কী বলে?**

মহান আল্লাহতায়ালা পবিত্র কুরআনে অন্যের অধিকার হরণ করাকে বহুবার হারাম ঘোষণা করেছেন। মহান আল্লাহ বলেন, 'নিশ্চয়ই আল্লাহ তোমাদের নির্দেশ দিচ্ছেন আমানত তার হকদারকে প্রত্যর্পণ করতে। আর তোমরা এরপর ৩৬ পৃষ্ঠায়



# ইবাদত কবুল হয় না কেন?

শামসুল আরেফীন

ইমান ছাড়া আমল : ইবাদত গ্রহণের প্রথম শর্ত হলো ইবাদতকারীর মুসলিম হওয়া। কারণ ইসলাম গ্রহণ ছাড়া যতই ভালো কাজ বা ইবাদত করা হোক না কেন, আল্লাহর কাছে তা গ্রহণযোগ্য নয়। ইরশাদ হয়েছে, 'আর যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম অন্বেষণ করে, তার কাছ থেকে তা কখনোই কবুল করা হবে না এবং ওই ব্যক্তি আখেরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।' (সুরা : আলে-ইমরান, আয়াত : ৮৫)।

হাদিস শরিফে এসেছে, আয়েশা (রা.) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসুল, ইবনু জুদআন জাহেলি যুগে আত্মীয়স্বজনের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখত এবং দরিদ্রদের আহার দিত। পরকালে এসব কর্ম তার উপকারে আসবে কি? রাসূলুল্লাহ (সা.) বলেন, কোনো উপকারে আসবে না। সে তো কোনো দিন এ কথা বলেনি যে, 'হে আমার রব! কিয়ামতের দিন আমার অপরাধ ক্ষমা করে দিও।' অর্থাৎ সে আল্লাহর অনুগত হয়নি। তাই তার আমল কোনো কাজে আসবে না। (মুসলিম, হাদিস : ২১৪)। এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জুলাই ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১২ | ৩:৫৯ | ৫:৩৬ | ০১:০২ | ৫:০১ | ৮:২৭ | ১০:০৪ |
| ১৩ | ৪:০১ | ৫:৩৬ | ০১:০২ | ৫:০১ | ৮:২৭ | ১০:০৩ |
| ১৪ | ৪:০২ | ৫:৩৭ | ০১:০২ | ৫:০১ | ৮:২৬ | ১০:০২ |
| ১৫ | ৪:০৩ | ৫:৩৮ | ০১:০২ | ৫:০০ | ৮:২৬ | ১০:০১ |
| ১৬ | ৪:০৪ | ৫:৩৯ | ০১:০২ | ৫:০০ | ৮:২৫ | ১০:০০ |
| ১৭ | ৪:০৫ | ৫:৪০ | ০১:০২ | ৫:০০ | ৮:২৫ | ০৯:৫৯ |
| ১৮ | ৪:০৬ | ৫:৪০ | ০১:০২ | ৫:০০ | ৮:২৪ | ০৯:৫৮ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## কিশোরগঞ্জ এসোসিয়েশনের বার্ষিক চড়ুইভাতি অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। খাবার পরিবেশনের দায়িত্বে ছিলেন অধ্যক্ষ মোক্তার হোসেনসহ অন্যরা। সাংস্কৃতিক পর্বে গান পরিবেশন করেন মো. এনামুল হক, মো. আবদুর রাজ্জাক ও হাবিব রহমান হারুন। দুইটি স্বর্ণালঙ্কার সহ দশটি আকর্ষণীয় র‍্যাফেল ড্রয়ের টিকিট বিক্রির টিমে ছিলেন ইশা আনোয়ারসহ অন্যরা।

সংগঠনের সিনিয়র সহ সভাপতি হাবিবুর রহমান কামালের সভাপতিত্বে বিভিন্ন প্রতিযোগীতা ও র‍্যাফেল ড্রয়ের পুরস্কার বিতরণ করেন ট্রাস্টি বোর্ড সদস্য ফার্মাসিস্ট আবদুল আওয়াল সিদ্দিকী, ইঞ্জিনিয়ার মো. ফজলুল হক সাবেক ট্রাস্টি বোর্ডের সদস্য হাবিব রহমান হারুন, জাহিদুল কবীর খান, সাবেক সভাপতি মো. আবদুর রাজ্জাক, মো. শহীদুল হাসান, উপদেষ্টা অধ্যক্ষ মো. মোক্তার হোসেন, নাজিম আহমেদ, মো.আনোয়ার উদ্দিন খান, ইমরুল হাসান ফেরদৌস, মো. রোকন উদ্দিন, মো. এনামুল হক, সাধারণ সম্পাদক মুজিবুর রশিদ মুকুল, চড়ুইভাতি ২০২৫-এর আহ্বায়ক তানভীর রায়হান মিন্টু, সদস্য সচিব ফয়সাল খান, প্রচার সম্পাদক রাজন দাস, হক এন্ড সন্সের স্বত্বাধিকারী এ কে এম ফজলুল হক, মেডিফ্যানের স্বত্বাধিকারী তানিয়া ঝুমি, কালাম বাজার সুপার মার্কেটের মো. কালাম, হক মেডিকেলের ডা. সায়েরা হক প্রমুখ।

## তৈমুর আলম খন্দকারের সঙ্গে নারায়ণগঞ্জবাসীর মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

বাইরে বিনা বাধায় আসতে পেরেছি। আগামী দিনে সং থেকে সততার রাজনীতিতেই থাকবো। সবসময় গণ মানুষের সঙ্গেই থাকবো। মানুষের ন্যায্য অধিকার আদায়ের লক্ষ্যে এবং গণতান্ত্রিক রাজনীতি প্রতিষ্ঠার জন্য লড়াই করে যাব।

এ সভায় প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের মধ্যে বক্তব্য রাখেন কাজী আজারুল হক মিলন, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মতিউর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মহসিন নবী, অনুষ্ঠানের আয়োজক শামসুল আলম লিটন ও নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনক-এর সাধারণ সম্পাদক কামাল হোসেন টিটু। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক ও লেখক দর্পণ কবীর। অনুষ্ঠানে প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের পক্ষ থেকে নারায়ণগঞ্জের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরা হয়।

## জাতিসংঘের কর্মকর্তা আলবানিজের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা

৩ পৃষ্ঠার পর

আহ্বান জানান আলবানিজ। মূলত এ কারণেই তার ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। এ খবর দিয়েছে অনলাইন আল জাজিরা। খবরে বলা হয়, আলবানিজের কর্মকাণ্ড অবৈধ বলে উল্লেখ করেছে মার্কিন স্টেট ডিপার্টমেন্ট। আলবানিজের কার্যক্রম বিঘ্নতা তৈরি করে যা অবৈধ। কেননা ইসরাইল অথবা যুক্তরাষ্ট্রের কেউই আন্তর্জাতিক অপরাধ আদালতের প্রতিষ্ঠাতা চুক্তি- রোম সংবিধির সঙ্গে যুক্ত নয়। সুতরাং তার ওপর নিষেধাজ্ঞা দেয়ার কারণে তিনি এখন নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘের সদর দপ্তরে যেতে ভিসা পাবেন না। এছাড়া যুক্তরাষ্ট্রে তার কোনো সম্পত্তি থাকলে তাও বাজেয়াপ্ত করা হতে পারে। অন্যদিকে এক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে- ফিলিস্তিনি জনগণের পক্ষে ন্যায়বিচার প্রতিষ্ঠায় আলবানিজের সঙ্গে যেসকল আমেরিকান কাজ করতে আগ্রহী তাদেরকেও শাস্তির আওতায় আনতে পারে যুক্তরাষ্ট্র।

## নিউইয়র্কে লায়ন গভর্নর শংকর কুমার রায়ের সংবর্ধনা

৩ পৃষ্ঠার পর

এমজেএফ (রিজিয়ন চেয়ারপারসন) এবং লায়ন শামীমা আক্তার (লালমনিরহাট হাতীবান্ধা গার্ডেনের লায়ন্স ক্লাবের সাবেক সভাপতি)। আগত অতিথিদের রেড কার্পেট সংবর্ধনার মাধ্যমে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। এরপর নৈশভোজের আয়োজন করা হয় এবং লায়ন শংকর কুমার রায়কে প্রোক্লেমেশন ও সম্মাননা প্রদান করা হয়। এই অনুষ্ঠানে লায়ন পিন বিনিময়ও করা হয়। আসেক বাসী আগামী ১২ থেকে ১৮ জুলাই অরল্যান্ডো, ফ্লোরিডায় অনুষ্ঠিতব্য কনভেনশনের মাধ্যমেই আনুষ্ঠানিকভাবে ডিস্ট্রিক্ট ২৩ আর২-এর গভর্নর হিসেবে তার কার্যভার গ্রহণ করবেন। এই ধরনের বিনিময় কর্মসূচির মাধ্যমে বাংলাদেশের লায়ন্স ক্লাবগুলো আন্তর্জাতিক অঙ্গনে তাদের কার্যক্রমের অভিজ্ঞতা ভাগ করে নিতে পারে।






## ইবাদত কবুল হয় না কেন?

২৫ পৃষ্ঠার পর

শিরক কী? : আল্লাহ ছাড়া অন্যের জন্য ইবাদত করা, তাঁর সঙ্গে কোনো কিছু শরিক করা কিংবা আল্লাহ ছাড়া অন্যের জন্য কোনো কিছু দান ও মানত করা বা জবাই করা ইত্যাদি শিরক। এ প্রসঙ্গে আল্লাহতায়ালা বলেন, 'নিশ্চিতভাবে তোমার প্রতি ও তোমার পূর্ববর্তীদের (নবিদের) প্রতি প্রত্যাদেশ করা হয়েছে যে, যদি তুমি শিরক কর, তাহলে অবশ্যই তোমার সব আমল নষ্ট হয়ে যাবে এবং তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।' (সূরা : জুমার, আয়াত : ৬৫)।

## টিপস ও ওভারটাইমে ট্যাক্স নেই

১ পৃষ্ঠার পর

শ্রমজীবীদের জন্য বড় ধরনের কর ছাড় ঘোষণা করা হয়েছে। বিলটি অনুযায়ী, করদাতারা এখন থেকে বছরে সর্বোচ্চ ২৫ হাজার ডলার পর্যন্ত বকশিশ (টিপস) এবং সাড়ে ১২ হাজার ডলার পর্যন্ত অতিরিক্ত সময়ের আয় (ওভারটাইম) করমুক্ত হিসেবে ঘোষণা করতে পারবেন। এই করছাড় মূলত খাবার সরবরাহ, রেস্টুরেন্ট, বার, হোটেল, ট্যাক্সি ড্রাইভার, ও খুচরা বিক্রেতা খাতে কর্মরত শ্রমিকদের জন্য বিশেষভাবে উপকারী হবে। কারণ এই খাতে কর্মরতরা প্রায়শই বকশিশ ও অতিরিক্ত সময়ের আয়ের ওপর নির্ভরশীল। ২০২৫ কর বর্ষ থেকেই এই সুবিধা কার্যকর হবে এবং ২০২৮ সাল পর্যন্ত বলবৎ থাকবে। তবে উচ্চ আয়ের করদাতারা ধাপে ধাপে এই সুবিধা থেকে বাদ পড়বেন। অর্থাৎ নির্ধারিত একটি আয়সীমার ওপর যাদের বার্ষিক আয়, তারা পুরো কর ছাড়টি উপভোগ করতে পারবেন না। বর্তমানে ট্যাক্স প্রদান অব্যাহত রাখতে হবে। বছর শেষে ট্যাক্স রিটার্ন হিসেবে এই অর্থ ট্যাক্সদাতারা ফেরত পাবেন।

## অপরাধের রেকর্ড থাকলেই গ্রীণ কার্ড বাতিল!

১ পৃষ্ঠার পর

কার্ডধারী দেশের বাইরে ছিলেন, তারা যুক্তরাষ্ট্রে প্রবেশ করলে বিমান বন্দরে আটক হতে পারেন। ট্রাম্প প্রশাসনের অধীনে ব্যাপক অভিবাসন দমন অভিযানের মধ্যে এই সতর্কতা জারি করা হয়েছে। রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প কঠোর গণ-নির্বাসন নীতির অংশ হিসাবে লক্ষ লক্ষ অননুমোদিত অভিবাসীকে অপসারণের প্রতিশ্রুতি দিয়েছেন। বৈধ মর্যাদাবিহীনদের লক্ষ্যবস্তু করার পাশাপাশি, বৈধ ভিসা এবং গ্রীন কার্ডধারী অভিবাসীরাও সরকারের ব্যাপক প্রয়োগকারী অভিযানের অধীনে আটকের সম্মুখীন হয়েছেন। হোমল্যান্ড সিকিউরিটি স্ট্যাটিস্টিকস অফিসের অনুমান অনুসারে, ১ জানুয়ারী, ২০২৪ পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রে ১ কোটি ২৮ লক্ষ বৈধ স্থায়ী বাসিন্দা বা গ্রীণ কার্ডধারী বসবাস করছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা (ইউএসসিআইএস) জানিয়েছে, অভিবাসন আইন লঙ্ঘনকারী বৈধ স্থায়ী বাসিন্দারা তাদের আইনি মর্যাদা হারাতে পারেন এবং ডিপোর্টেশনের মুখোমুখি হতে পারেন। সামান্য অপরাধে গ্রীণ কার্ড বাতিল করা হয়েছে ম্যাসেচুসেটস এ বসবাসকারী একজন অভিবাসীর। ৪৭ বছর ধরে তিনি যুক্তরাষ্ট্রে বসবাস করছিলেন। ছয় মাস ধরে থেকে যুক্তরাষ্ট্রে বসবাসকারী আমান। গ্রিন কার্ড বাতিল হওয়ার পর তাকে নির্বাসনের মুখোমুখি হতে হচ্ছে। লাওসের ফোরান্যাক কোমানিথ, ১৯৮০ সালে ভিয়েতনাম যুদ্ধের পর থেকে পালিয়ে আসা শরণার্থী হিসেবে তার পরিবারের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন। একটি শরণার্থী শিবিরে জন্মগ্রহণকারী। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে বেড়ে ওঠেন, স্কুলে পড়াশোনা করেন এবং ম্যাসাচুসেটসের স্প্রিংফিল্ডে জীবনযাপন করেন। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ অনুসারে, ৪৬ বছর বয়সী কোমানিথের দীর্ঘ অপরাধমূলক রেকর্ড রয়েছে। যার মধ্যে কোকেন এবং গাঁজা বিতরণ, হামলা এবং উচ্ছৃঙ্খল আচরণের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন।

## বন্ধ্যাত্ব : নারী-পুরুষ উভয়ের চিকিৎসা প্রয়োজন

২২ পৃষ্ঠার পর

একটা কারণ এজোস্পার্মিয়া, অর্থাৎ বীর্যের মধ্যে শুক্রাণু নেই। পুরুষের নালির কোথাও বাধার সৃষ্টি হয়েছে তাই শুক্রাণু মিলতে পারছে না। শুক্রাণু তৈরি হওয়ার যে স্থান অর্থাৎ অণ্ডকোষ, কোনো কারণে সেটি পুরুষের তৈরিই হয়নি। অনেক সময় শুক্রাণু থাকে কিন্তু পরিমাণে কম। আবার শুক্রাণুর পরিমাণ ঠিক আছে কিন্তু মান ঠিক নেই। যার ফলে সে ডিম্ব ফার্টিলাইজ করতে পারে না। এছাড়া টেস্টোস্টেরন হরমোনও ঠিক মতো 'সিক্রেশন' না হলে। অন্যান্য কারণের মধ্যে রয়েছে, প্রজনন অঙ্গে কোনো ধরনের আঘাত, অস্ত্রোপচারের কারণে সৃষ্ট বাধা, প্রজনন অঙ্গে যক্ষা, ডায়াবেটিস, কৈশোরকালে মাম্পস হলে। এমনকি মাথায় চুল গজানোর ওষুধও পুরুষের সন্তান ধারণের অক্ষমতার কারণ।

* চিকিৎসা : নারীর ডিম্বাণু বৃদ্ধির জন্য রয়েছে ওষুধ, হরমোন, ইনজেকশন। ডিম্বাশয়ের নালি ও জরায়ুর সমস্যা দেখতে ল্যাপারস্কপি পদ্ধতি রয়েছে। সম্প্রতি ঘন্ড পরিসরে চালু হয়েছে স্টেম সেল থেরাপি। সন্তান জন্মদানে অক্ষম দম্পতির দেহ থেকে শুক্রাণু ও ডিম্বাণু সংগ্রহ করে কৃত্রিম পরিবেশে তা নিষিক্ত করে আবার স্ত্রীর জরায়ুতে স্থাপন করা বা 'টেস্টটিউব বেবি'র ব্যবস্থা শুরু হয়েছে প্রায় ২০ বছর আগে।

## ভিটামিন 'এ'-এর অভাবে কী হয়

২২ পৃষ্ঠার পর

সেই বাচ্চার মৃত্যুও হতে পারে।

** কী কারণে ঘাটতি হয়

ভিটামিন 'এ'-এর অভাব প্রাথমিকভাবে ভিটামিন 'এ' কম গ্রহণ করলে ঘটে। ভুল খাদ্যাভ্যাসের কারণে, সঠিক খাবারের অভাবে বা ভিটামিন 'এ'তে ভরপুর খাবার না খাওয়ার কারণে হয়। এছাড়া প্রোভিটামিন 'এ'-এর পাওয়া মুশকিল হয়ে গেলে এবং খাবার শোষণ, মজুত হওয়া ও সরবরাহে বাধার কারণেও ভিটামিন 'এ'-এর গৌণ অভাব ঘটে। প্যানক্রিয়াটিক এনজাইমের অভাবে, সেলিয়াক অসুখে, তীব্র ডায়রিয়া, পিত্তনালির বাধা, লিভার সিরোসিস, সিস্টিক ফাইব্রোসিস ও জিয়ারডিয়াসিসের জন্য ভিটামিন 'এ'-এর শোষণ বাধাপ্রাপ্ত হয়।

** রোগ নির্ণয় : সাধারণত শারীরিক সমস্যাগুলো দেখেই চিকিৎসকরা ভিটামিন 'এ'-এর অভাব আছে কী না সেটা বুঝতে পারেন। এছাড়া নিম্নোক্ত ক্লিনিক্যাল পরীক্ষাগুলো করেও ভিটামিন 'এ'-এর অভাব নির্ণয় করা যায়।

সিরাম রেটিনল মাত্রা : এর মাধ্যমে ভিটামিন 'এ'-এর অভাব নিশ্চিতভাবে নির্ণয় করা যায়।

চোখের পরীক্ষা : অফথ্যালমোস্কোপের সাহায্যে চোখ দেখা এবং স্লিট ল্যাম্প বায়োমাইক্রোস্কপি ও কনফোকাল মাইক্রোস্কপির মাধ্যমে চোখের অবস্থার পরিবর্তন দেখে ভিটামিন 'এ'-এর অভাব নিশ্চিত করা যায়।

থেরাপিউটিক ট্রায়াল : ভিটামিন 'এ'যুক্ত ক্যাপসুল খাইয়ে এর অভাব নির্ণয় করাকে থেরাপিউটিক ট্রায়াল বলে।

** চিকিৎসা : ভিটামিন 'এ' অভাবের চিকিৎসা ভিটামিন 'এ' সমৃদ্ধ খাদ্যের গ্রহণ বাড়িয়ে, মৌখিক বা ইন্ট্রাভেনাস সম্পূরক ব্যবহারের দ্বারা করা হতে পারে। ভিটামিন 'এ' যুক্ত খাবার : ডিমের কুসুম, কড লিভার তেল, মাখন, চেডার চিজ, গাজর, পালংশাক বা পাতা কপি, বাঁধাকপি, ড্যান্ডেলিয়ন, লালমরিচ ইত্যাদি।

সম্পূরক : মৌখিক বা ইনজেকশনের মাধ্যমে ভিটামিন 'এ' (ভিটামিন 'এ' প্যালমিটেট)-এর অভাব মেটাতে সাহায্য করে। আজ জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন। আজ ৬-১১ মাস বয়সী শিশুকে একটি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী শিশুকে একটি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে হবে।

লেখক : মেডিসিন ও ডায়াবেটিস বিশেষজ্ঞ, ল্যাবএইড ডায়াগনস্টিক ও কনসালটেশন সেন্টার, উত্তরা, ঢাকা।

## ট্রাম্পের শুল্কনীতি বাংলাদেশের গলার ফাঁস

১২ পৃষ্ঠার পর

ভোক্তারা ক্ষতিগ্রস্ত হবে এবং অন্যদিকে বাংলাদেশের বাজার সংকুচিত হয়ে বাংলাদেশের বাণিজ্যিক ভারসাম্যের ওপর বিরাট চাপ সৃষ্টি হবে। কেননা মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশ ৬০০ কোটি ডলারের বেশি মূল্যের তৈরি পোশাক রপ্তানি করে। এ রপ্তানি বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য একটা স্বস্তিদায়ক অবস্থা সৃষ্টি করেছিল। কোনো ধরনের চুক্তি হলে অস্থির পালা শুরু হবে।

প্রেসিডেন্ট ট্রাম্প কেন এ শুল্কনীতি গ্রহণ করলেন? এর অর্থনৈতিক যৌক্তিকতাই বা কী? ট্রাম্পের রাজনৈতিক স্লোগান হলো মেইক আমেরিকা গ্রেট এগেইন। তার ধারণা, আমেরিকা আবার গ্রেট হবে, যদি আমেরিকাতে ম্যানুফ্যাকচারিং শিল্পের বিকাশ ঘটানো যায়। তিনি মনে করেন, এটা সম্ভব হবে অন্য দেশ থেকে শিল্পজাত ও অন্যান্য পণ্য আমদানি কমিয়ে দিতে পারলে। এক সময় আমেরিকা ম্যানুফ্যাকচারিং শিল্পের হাব ছিল। ছোটবেলায় দেখেছি আমেরিকায় তৈরি মাস্টার লক নামের তালা তৎকালীন পূর্ব পাকিস্তানে আমদানি হতো। এ তালার বেশ সুনাম ছিল। এ থেকেই বোঝা যায় তৎকালে মার্কিন যুক্তরাষ্ট্রে বহু ধরনের পণ্য উৎপাদিত হতো। কিন্তু মজুরি বৃদ্ধির ফলে এসব পণ্য বিশ্ববাজারে প্রতিযোগিতার শক্তি হারিয়ে ফেলে। আমি যখন সত্তরের দশকে মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার জন্য গিয়েছিলাম, তখন দেখেছি মার্কিন যুক্তরাষ্ট্রের অনেক কারখানা বন্ধ হয়ে গেছে। এর মধ্যে বড় বড় টেক্সটাইল মিলও ছিল। আমেরিকা বিশাল তুলা উৎপাদনকারী দেশ। তা সত্ত্বেও টেক্সটাইল মিলগুলো বন্ধ হয়ে গিয়েছিল। এর একটাই কারণ আমেরিকার প্রতিযোগিতার শক্তি দারুণভাবে খর্ব হয়ে পড়েছিল।

ষাটের দশকে অনুন্নত দেশগুলোর স্লোগান ছিল, 'ট্রেড, নট এইড'। এ স্লোগান ওঠার কারণ ছিল উন্নত ধনতান্ত্রিক দেশগুলো অর্থনৈতিক সাহায্যের ছদ্মাবরণে নয়া ঔপনিবেশিক নীতি কার্যকর করছে। যেসব দেশ সাহায্য দিত, তারা শর্ত দিত তাদের প্রদত্ত সাহায্যের অর্থ দিয়ে তাদেরই দেশ থেকে পণ্যসামগ্রী আমদানি করতে হবে। এ সাহায্যের উদ্দেশ্য ছিল তৃতীয় বিশ্বের দেশগুলোতে উন্নত ধনতান্ত্রিক দেশের বাজার সম্প্রসারণ। সে কারণেই অনুন্নত ও উন্নয়নশীল দেশগুলো দাবি জানিয়েছিল, উন্নত দেশগুলোর বাজারে প্রবেশ শুল্কের সুবিধার। দেখা গিয়েছিল। তৃতীয় বিশ্বের দেশগুলোর কমোডিটির দাম ক্রমাগত বিশ্ববাজারে হ্রাস পাচ্ছে। এ হ্রাস পাওয়াকে বলা হয়েছিল, [illegible]। এ অবস্থা থেকে নিষ্কৃতি পেতে না পেতে এলো বিশ্বায়নের ঢেউ। আশির দশকে ওয়াশিংটন কনসেনসাসের পর চালু হলো বাণিজ্য উদারীকরণ নীতি এবং তৃতীয় বিশ্বের দেশগুলোতে স্ট্রাকচারাল অ্যাডজাস্টমেন্ট নীতি। এর ফলে তৃতীয় বিশ্বের কোনো কোনো দেশ লাভবান হলো, আবার কোনো কোনো দেশ ক্ষতিগ্রস্ত হলো। র‍্যাডিক্যাল অর্থনীতিবিদরা বিশ্বায়নের কড়া সমালোচনা করলেন। তবে বেশকিছু দেশ বিশ্বায়ন থেকে লাভবান হলো। এসব দেশের মধ্যে রয়েছে চীন ও ভিয়েতনামসহ কয়েকটি দেশ। বাংলাদেশও কিছু সুবিধা পেয়েছে। বিশেষ করে তৈরি পোশাক রপ্তানিতে।

পুঁজিবাদ প্রবর্তিত বিশ্বায়ন ব্যবস্থা পালটে দিতে চান সবচেয়ে ধনী পুঁজিবাদী দেশের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার শুল্কনীতি বিশ্বায়ন নীতির সম্পূর্ণ পরিপন্থি। ঊনবিংশ শতাব্দীতে কার্ল মার্কস ভবিষ্যদ্বাণী করেছিলেন, 'পুঁজিবাদী ব্যবস্থায় বিশ্বায়ন নীতি চালু হবে।' তিনি আরও বলেছিলেন, পুঁজিবাদই এ ব্যবস্থার অগ্রগতির মুখে বাধার দেওয়াল তুলবে। প্রেসিডেন্ট ট্রাম্প সেটাই করছেন। তাতে কি মার্কিন যুক্তরাষ্ট্রে ম্যানুফ্যাকচারিং শিল্পের পুনরুত্থান ঘটবে? আমার মনে হয় না। ডোনাল্ড ট্রাম্প যা করছেন, তা সংকীর্ণ রাজনৈতিক সুবিধার জন্যই করছেন।

ট্যারিফ চুক্তির মধ্যে রয়েছে ট্যারিফবহির্ভূত কিছু বিষয়, যা রাজনৈতিকভাবে স্পর্শকাতর। এ চুক্তির অনেক শর্ত কোনো সার্বভৌম দেশের পক্ষে মানা কঠিন। ক্ষেত্র বিশেষে এ বিষয়গুলো ট্যারিফ হারের চেয়েও গুরুত্বপূর্ণ। যেমন চুক্তি অনুযায়ী, যুক্তরাষ্ট্র যদি কোনো দেশের ওপর নিষেধাজ্ঞা দেয়, সেটা বাংলাদেশকেও অনুসরণ করতে হবে। যুক্তরাষ্ট্র যদি কোনো একটি দেশের কোনো প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা দেয়, সেটাও বাংলাদেশকে অনুসরণ করতে হবে। কোনো দেশের ওপর যদি তারা অতিরিক্ত কোনো শুল্কারোপ করে, তাহলে বাংলাদেশকেও তা করতে হবে। এ ছাড়া নির্দিষ্ট একটি দেশের সঙ্গে প্রতিরক্ষা ও সমরাস্ত্রবিষয়ক কোনো ইস্যুতে বাংলাদেশ জড়াতে পারবে না-এমন শর্তও দেওয়া হয়েছে বলে জানিয়েছে একটি সূত্র (সূত্র : বণিক বার্তা, ৮ জুলাই)। সোজা কথা হলো, যত ধরনের কূটনীতিই আমরা করি না কেন, যত ধরনের দরকষাকষি আমরা করি না কেন, ডোনাল্ড ট্রাম্পের শুল্কনীতি একদিকে বাংলাদেশকে অর্থনৈতিকভাবে বিপর্যস্ত করবে, অন্যদিকে বাংলাদেশের সার্বভৌমত্বও ক্ষুণ্ন হবে। বাংলাদেশ আসলেই বিপদের মুখোমুখি রয়েছে।

লেখক: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
Email: ajkalnews@gmail.com
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক ইন্‌ক
# RUPOSHI CHANDPUR FOUNDATION NEW YORK INC.

আকর্ষণীয় পুরস্কার
বিশেষ আকর্ষণ
খেলাধুলা ও
সাংস্কৃতিক অনুষ্ঠান

*Annual Picnic*

## বার্ষিক বনভোজন

**20 July 2025, Sunday @11:00 AM**

স্থান **SEASIDE PARK**
*Bridgeport, Connecticut*
1 Barnum Dyke, Bridgeport, CT 06604

নিজস্ব পরিবহনের চাঁদা
একক: $40
বাবা-মা: $70
৫ থেকে ১৫: $25

বাস
একক: $60
বাবা-মা: $100
০ থেকে ১৫: $35

প্রধান অতিথি: **মো: মাসুদুর রহমান**
স্টেট সিনেটর, ম্যানচেস্টার, কানেক্টিকাট

গেস্ট অব অনার: **ডা: এনামুল হক এমডি**
ট্রাস্টিবোর্ড মেম্বার, বাংলাদেশ সোসাইটি

উদ্বোধক: **হারুন ভূঁইয়া**
সভাপতি, জেবিবিএ

**আকর্ষণীয় র‍্যাফেল ড্র পুরস্কার**

**বাস ছাড়ার স্থান**
জ্যাকসন হাইটস: ব্রডওয়ে ৭২ বিটউয়িন ৭৩ স্ট্রিট
ব্রঙ্কস: স্টার্লিং ও ক্যাসেল হিল
বাস ছাড়ার সময়: সকাল ৯টা

সুধী, আসসালামু আলাইকুম।
আসছে ২০ শে জুলাই ২০২৫ রবিবার, সকাল ১১:০০ টায় কানেক্টি কাটের সী সাইড পার্কের মনোরম পরিবেশে রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক ইনক এর বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে আপনি স্ববান্ধবে আমন্ত্রিত।

**আমন্ত্রণে**

**মোঃ রেজাউর রহমান রাজু**
আহবায়ক, ৮৬০-৬০৫-৪৯৬০

**মোঃ কবির**
সার্বিক তত্ত্বাবধায়ক
৯১৪-৮৮২-১২৯০

**হারুন ভূঁইয়া**
প্রধান পৃষ্ঠপোষক,
৬৪৬-৯২০-৭১২০

**মোঃ মাহাবুবুর রহমান**
সদস্য সচিব
৩৪৭-৩৮৪-০৭৩৬

**মোহাম্মদ নুরুল আমিন**
যুগ্ম আহবায়ক
৩৪৭-৯৩৫-৫০৭৪

**মিঞা ওবায়দুর রহমান**
যুগ্ম আহবায়ক
৯১৭-৪৭০-৮৮৪০

তত্ত্বাবধানে:
মোবারক হোসাইন ৯১৭-৪১২-২৩৪৩
মোঃ মিজানুর রহমান ৬৪৬-২১০-০৪৯১
মোঃ নুরুল ইসলাম মিলন ২১২-৩৬৫-৮৪৫৩
মোঃ জাকির হুসাইন ৯১৭-৯৭১-৭১৩৪

সমন্বয়কারী:
মোঃ এ সিদ্দিক পাটোয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আব্দুর রহিম ভূঁইয়া ৬৪৬-৭১৭-৭৮৭১

**মোঃ আবু তাহের**
যুগ্ম-সদস্য সচিব
৬৪৬-৩৩৮-১৮৫৬

**ফয়েজ আহমেদ**
যুগ্ম-সদস্য সচিব
৫৫১-৯৯৯-২৫২০

বনভোজন কমিটির সদস্য: সাংগঠনিক সম্পাদক মোঃ জসীম উদ্দিন ৭১৮-৩০০-৬০০৪, প্রচার সম্পাদক মোঃ আবুবকর ৯২৯-২৬১-৯৯৬৭, শিক্ষা বিষয়ক সম্পাদক ফয়সাল পাটোয়ারী ৯১৭-৫২৮-৩৬২৫, রাজন হাসান ৯১৭-৪৯৭-৪৯৯৬

**যোগাযোগ** সিনিয়র সহ-সভাপতি: বিপ্লব সাহা ৩৪৭-৭৩৮-৭১৯৬, মোঃ আক্তার হামিদ ৯১৭-৪৫৯-৮৩৭৯, নুরুল আলম মজুমদার ৯১৭-৬০০-৫০০৫, সহ কোষাধ্যক্ষ মাহবুবুল আলম পাটোয়ারী ৯২৯-৪৭১-৮৯৬২। সহ সাংগঠনিক সম্পাদক মোঃ আহাদ ভূইয়া ৬৪৬-৪০৭-৬৯৮৫। সাহিত্য বিষয়ক সম্পাদক আবুল বাশার ৩৪৭-২৩৫-৬৯০৯। সমাজ কল্যাণ সম্পাদক মোঃ আনোয়ার হোসাইন মিয়াজী ৩৪৭-৭৮১-১০২১। ক্রীড়া সম্পাদক সাফায়েত হোসেন রুমান ৩৪৭-৭৫১-৭১৭৭। স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডাক্তার মোঃ মইনুল ইসলাম ৯২৯-৫৫৯-২০০৬। সম্মানিত সদস্য মাহমুদা আহমেদ ৩৪৭-২৫৭-৬৬৭২, শাকিল মিয়া ৯১৭-৪৯৫-৮০৭৫, হাসান মাহমুদ সোহেল ৯১৭-৪৯৭-১০২৪, মোঃ ফারুক আহমেদ ৩৪৭-২৫৭-৬৬৭২, খোরশেদ আলম ৯২৯-৪০১-৭৮৭৪, মকসেদুর রহমান সেলিম ৯২৯-৪২৭-৩৩৭৭, শাহ আলম ৯২৯-৩০৫-৭২৫৬, মোঃ জহিরুল ইসলাম ৬৪৬-৭০৪-৮০৩৮, মোঃ রফিকুল ইসলাম ৩৪৭-৭০৬-৭৫৯৫, বেলায়েত হোসাইন সোহাগ ৬৪৬-৫১২-৮৩২৪, আব্দুল মমিন ৩৪৭-৯৩৫-২৪৩৯, নূর হোসাইন ৩৪৭-৬৫৬-৩৯৩৩, মোঃ বোরহানউদ্দিন ৩৪৭-৪০০-৯৫৪৭, মোঃ নিয়াজ মোরশেদ ৩৪৭-৪৯৫-৩৭২৫, ওসমান ওমর ফারুক ৬৪৬-৬৬২-১৮৯৫, ফজলুল হক ৯১৭-৯৬২-৬০৮৭, আক্তার হোসেন নাসিম ৯২৯-৬১৫-২১০৩, সাইফুল ইসলাম লিটন ৭১৮-৮০৩-৫২৮৮, সাইফুল ইসলাম ৯১৭-৬০৭-৫২৮৮, আব্দুস সামাদ টিটু ৯১৭-৫১৮-৬৭৪৪, গোলাম আযম রকি ৩৪৭-৬৫৬-৪৭৬৩, সোহেল গাজী ৬৪৬-৪৬১-০৯১৯

মহিলাদের সাথে যোগাযোগ:
মহিলা সম্পাদিকা: এডভোকেট নুবাইরা ইবনাত ৯১৭-২৯৪-০২২৮, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদিকা: শাহানারা কবির ৬৪৬-৭৮৬-৯২৬১, ফাতেমা আক্তার ৩৪৭-৬৫১-৬৫৮৫, ফারহানা আক্তার শিমু ৩৪৭-৭৬১-৪১০৮

নিজস্ব গাড়ী পার্কিং এর পারমিটের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন: ৬৪৬-৮৮৬-৭৬২৬

বনভোজনে যাওয়া নিশ্চিত করার জন্য নামসহ টেক্স করুন: ৬৪৬-৮৮৬-৭৬২৬, ৬৪৬-৫৭৫-৪০৯৭, ৬৪৬-৬৪২-৮২৪৭

ব্রঙ্কস বাস যোগাযোগ: মোঃ নুরুল ইসলাম মিলন ২১২-৩৬৫-৮৪৫৩, মোসাম্মত আকতার ৯২৯-৩৬১-০৮৭৫

**শুভেচ্ছান্তে**

**মু: ফখরুল ইসলাম মাছুম**
সভাপতি
৬৪৬-৪৩৬-৬৮৩০

**মোঃ আবু ছাদেক**
কোষাধ্যক্ষ
৬৪৬-৬৪২-৮২৪৭

**নুরে আলম মনির**
সাধারণ সম্পাদক
৬৪৬-৫৭৫-৪০৯৭

প্রচার সম্পাদক মো: আবু বকর (৯২৯-২৬১-৯৯৬৭) কর্তৃক প্রচারিত


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
আজকাল
Online Partner
ONLINE
Magazine Partner
LOOK@ME


GOLDEN AGE HOME CARE
GOLDEN
HOME C
PCA HOME CARE সেবা
আমাদের
আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.
Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol
আমাদের নিজস্ব PCA ও HHA
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c


AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
Design by: ihopeprint.com, 929-538-7903
om | www.goldenagehomecare.com



# প্রেট্রিয়টস অব বাংলাদেশ-এর দোয়া ও মিলাদ





৬২ পৃষ্ঠার পর

শহীদদের স্মরণে দোয়া ও মিলাদ মাহফিল জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারে মসজিদে জুলাই গণঅভ্যুত্থান স্মরণে এক দোয়ার আয়োজন করা হয়। এসময় প্রবাসী নেতৃবৃন্দ বলেন, আমরা লক্ষ লক্ষ প্রবাসীরা বিশ্বের কাছে বাংলাদেশ কে একটি শান্তিপূর্ণ দেশ হিসেবে দেখতে চাই। আমরা বৈষম্য চাই না। আমরা প্রতিহিংসার রাজনীতি দেখতে চাই না। আমরা অগণতান্ত্রিক বাংলাদেশ দেখতে চাই না। আমরা ফ্যাসিবাদের দোসরদের ক্ষমতায় আর দেখতে চাই। আমরা প্রবাসীরা ভারতীয় আগ্রাসন মুক্ত একটি সুন্দর বাংলাদেশ দেখতে চাই। তাই আমরা আবারো বলতে চাই ভারতীয় আগ্রাসনের বিরুদ্ধে দেশ-বিদেশের সকল বাংলাদেশী জনগণকে ঐক্যবদ্ধ হতে হবে এবং আমরা প্রবাসীরা বাংলাদেশের জনগণের প্রতি আহ্বান জানাচ্ছি অবিলম্বে ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে সকল ষড়যন্ত্র রুখে দিতে হবে। আলোচনা শেষে জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে দোয়া ও মোনাজাত করা হয়।

এসময় উপস্থিত ছিলেন আবদুল নূর, এশিয়া মানবাধিকার সংস্থা আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক (যুক্তরাষ্ট্র শাখা) এ এস এম রহমত উল্লাহ ভূঁইয়া, উদয়ন কমিউনিটি অ্যাক্টিভিস্ট মো. জাবেদ, জাকির হাওলাদার, দেলওয়ার হোসেন শিপন, প্রেট্রিয়টস অব বাংলাদেশ এ জুলাই স্পীট এর চেয়ারম্যান আবদুল কাদের, ভাইস চেয়ারম্যান হাসান সিদ্দিক, এমডি মনিরুল ইসলাম মনির উদয়ন কমিউনিটি অ্যাক্টিভিস্ট প্রমুখ।



# নিউইয়র্ক মাতালেন জেমস

৬৪ পৃষ্ঠার পর

শিল্পী রানো নেওয়াজ ও অনিক রাজ। দর্শক উপস্থিতি দেখে বোঝার উপায় ছিল না এটি বাংলাদেশ নাকি সুদূর নিউইয়র্ক। সাড়া জাগানো এই অনুষ্ঠানের আয়োজক ছিলেন এজাজুল ইসলাম নাঈম। তার একক প্রচেষ্টা ও কঠোর পরিশ্রমে প্রবাসী বাংলাদেশিরা একটা জমকালো অনুষ্ঠান উপভোগ করলো।





আগেই ঘোষণা দেয়া হয়, নগর বাউল জেমস মঞ্চে উঠবেন দশটার দিকে। তার আগে উপস্থিত সংগীত পিয়াসীদের মাতিয়ে তোলেন প্রবাসী শিল্পীরা। সংগীত লিজেন্ড আইয়ুব বাচ্চুর 'সেই তারা ভরা রাতে, আমি পারিনি বোঝাতে' গান নিয়ে মঞ্চে উঠেন উত্তর আমেরিকার জনপ্রিয় সঙ্গীতশিল্পী রানো নেওয়াজ। তিনি একে একে রানো নেওয়াজ অনেকগুলি জনপ্রিয় গান পরিবেশন করেন।

প্রয়াত শিল্পী খালেদ হাসান মিলুর দর্শকপ্রিয় গান 'সে প্রেম স্বর্গ থেকে এসে ...... তুমি আমার প্রাণের চেয়ে প্রিয়' গাইতে গাইতে মঞ্চে উঠেন অনিক রাজ। একে একে প্রয়াত এন্ড্রু কিশোরের 'ভালো আছি ভালো থেকো' সহ বেশ কয়েকটি হিট গানে দর্শকের মাতান তিনি। গান পরিবেশন করেন রিয়া রহমান, প্রেমা প্রমুখ।



রাত দশটার দিকে মুখে সাদাকালোর মিশেলের দাড়ি-গোঁফ, কাঁধে ছড়ানো লম্বা চুল, মাথায় মেরুন-সাদা গামছা, পরনে ভি-গলা টিশার্ট ও জিনস এবং কাঁধে বাদামি বেল্টের চিরচেনা সাদা গিটার ঝুলিয়ে তারুণ্যের প্রতীক জেমস উঠলেন। সঙ্গে সঙ্গে দর্শক সারি থেকে 'গুরু' 'গুরু' ধ্বনিতে গমগম করে পুরো হল। তবে গিটার ও বাদ্যযন্ত্রের সুর উঠার সঙ্গে সঙ্গে থেমে যায় সব কণ্ঠ, গান শুরু করেন গুরু জেমস। একে একে গুরু ঘর বানাইলা কি দিয়া, আমি তারায় তারায় রটিয়ে দেব, পদ্ম পাতার জল, দিওয়ানা দিওয়ানা আমি তোমার দিওয়ানা, দশ মাস দশদিন ধরে গর্ভে ধারণ গান ধরেন তিনি। প্রতিটি গানেই গুরুর সঙ্গে মিলিয়ে গেয়ে উঠেন সাগরেদ রূপী দর্শকরা। সঙ্গে ছিল উপরের দিকে দুই হাত তোলা নাচ। মাঝে মাঝেই গানের কলি শুরু করছেন জেমস আর শেষ করছেন দর্শকরা। প্রায় দুই ঘণ্টা ধরে চলে জেমস উন্মাদনা। পুরোটা সময় জুড়েই উন্মাতাল নাচে গানে মেতে ছিলেন দেড় হাজারের মতো দর্শক। এই কনসার্টের সাধারণ প্রবেশমূল্য রাখা হয়েছিল জনপ্রতি ৩৫ ও ৫০ ডলার। ভিআইপি টিকেট ১০০ ডলার ও সিআইপি টিকেট ২০০ ডলার।





গোল্ডেন এইজ হোমকেয়ার এবং পাওয়ার্ড বাই নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ারসহ পৃষ্ঠপোষকতায় ছিলেন আরো অনেকেই।

কনসার্টে কমিউনিটির বিশিষ্ট জনদের মধ্যে উপস্থিত ছিলেন প্রধান স্পন্সর গোল্ডেন এজ হোমকেয়ারের স্বত্বাধিকারী শাহ নেওয়াজ, এটর্নি মঈন চৌধুরী, রিয়েলটর নূরুল আজিম, ফাহাদ সোলায়মান ও আহসান হাবীব প্রমুখ।






## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## সাঁড়াশি সেনা অ্যাকশনই মবের মোক্ষম দাওয়াই!

৫ পৃষ্ঠার পর

ধর্মীয় বা অর্থনৈতিক নানা উত্তেজনার সুযোগ নেয়। গত ১০ মাসে দেশে মব সন্ত্রাসের ঘটনা উদ্বেগজনক হারে বেড়েছে। ৩ জুলাই বৃহস্পতিবার কুমিল্লার মুরাদনগরে এক মা, ছেলে ও মেয়েকে চুরির অভিযোগে প্রকাশ্যে পিটিয়ে হত্যা করা হয়। ঢাকায় আল আমিন, গাজীপুরে হৃদয় নামের এক যুবক, লালমনিরহাটে এক সেলুনকর্মী এবং সিরাজগঞ্জে এক মানসিক প্রতিবন্ধীসহ গত এক সপ্তাহে অন্তত ছয়জন মানুষ মব সন্ত্রাসের শিকার হয়ে প্রাণ হারিয়েছেন।

মানুষকে শুধু পিটিয়ে মারলেই সেটা মব সন্ত্রাস না-এর সঙ্গে ঘরবাড়ি দখল, প্রতিষ্ঠানে হামলা এগুলোও মব সন্ত্রাস। এ ১০ মাসে মব জাস্টিসের নামে ব্যক্তির ওপর হামলা, অফিস ও ঘরবাড়ি লুটপাট, ঐতিহ্যবাহী স্থাপনা, মাজার, আখড়া ভাঙা, এমনকি নারীদের ফুটবল ম্যাচ পর্যন্ত বন্ধ করার ঘটনা ঘটেছে। মানুষের কাছে এসবের পরিসংখ্যান অসহ্য ও বড় বেদনার। সরকার কি আসলেই মব ঠেকাতে চায়, নাকি তারাও মনে ভয় পায় বা সাইড কেটে থাকে? এসব প্রশ্নও আর শুনতে চায় না মানুষ।

বিবেকসম্পন্ন যেকোনো মানুষই এর অবসান চায়। সেই সঙ্গে স্মরণ করছে সেনাপ্রধানের আশ্বাসের কথা। তিনি একাধিকবার এই নতুন উপদ্রব কঠোর হাতে দমনের কথা বলেছিলেন। রংপুরে মব সন্ত্রাসীদের ডেকে 'শরীরে রক্ত থাকতে এটা বরদাশত করা হবে না' বলে এক সেনা কর্মকর্তার কঠোর বার্তা মানুষকে আশার আলো দেখালেও কেন তা দীর্ঘায়িত হলো না-মানুষের মধ্যে এ জিজ্ঞাসা ঘুরছে। আমাদের সেনাবাহিনী আফ্রিকার জঙ্গলে শান্তি আনতে পারলে নিজ দেশে পারবে না, তা ভাবাই যায় না। এক বছর আগে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছিলেন আমার ওপর ভরসা রাখুন। মানুষ তা মনে-প্রাণে বিশ্বাস করে।

এখানে সেনাবাহিনীর বিরুদ্ধে মিথ্যাচার করে উসকানি আছে, মানুষকে খেপিয়ে তোলার চেষ্টা আছে, তাদের মনোবল ভেঙে দেওয়ার চেষ্টা থাকলেও এই বাহিনীর প্রতি মানুষের আস্থাও তো আছে। আবার জিজ্ঞাসাও আছে, ম্যাজিস্ট্রেসি পাওয়ার থাকার পরও মবের ক্ষেত্রে তা প্রয়োগ হচ্ছে না কেন? চব্বিশের প্রাপ্তি ও সেনা-জনতার সম্মিলন হাত ছাড়া হয়ে গেলে মব সন্ত্রাসের মতো রোগ নানা উপসর্গ নিয়ে আরো শক্তিশালী হবে। এখনো মানুষের কাছে বড় ভরসার জায়গা সেনাবাহিনী ও তার ম্যাজিস্ট্রেসি।

লেখক : সাংবাদিক-কলামিস্ট, ডেপুটি হেড অব নিউজ, বাংলাভিশন।

## জানুয়ারি থেকে শুরু রেমিট্যান্সে কর

১ পৃষ্ঠার পর

নামে পরিচিত নতুন বাজেট আইনের আওতায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ৪ জুলাই এ বিলটিতে স্বাক্ষর করেন। আইনটি ২০২৬ সালের ১ জানুয়ারি থেকে কার্যকর হবে। এর ফলে যারা যুক্তরাষ্ট্র থেকে নগদ অর্থ, মানি অর্ডার বা ক্যাশিয়ার চেক ব্যবহার করে টাকা পাঠাবেন, তাদের এই কর দিতে হবে। এই কর মার্কিন নাগরিক, গ্রিন কার্ডধারী, ছাত্র ভিসা, কর্ম ভিসা কিংবা পর্যটক-সবার ওপরই প্রযোজ্য হবে, যদি তারা অনানুষ্ঠানিক বা নগদ মাধ্যমে অর্থ পাঠান। তবে বৈধ ব্যাংক অ্যাকাউন্ট, ইউএস-ইস্যু করা ডেবিট বা ক্রেডিট কার্ড এবং ডিজিটাল মাধ্যমে টাকা পাঠালে এই কর প্রযোজ্য হবে না।

নিয়মটি কার্যকর হলে মেক্সিকো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে বলে আশঙ্কা করা হচ্ছে, যার বার্ষিক ক্ষতির পরিমাণ দাঁড়াবে প্রায় ১৫০০ কোটি ডলার। এছাড়াও ভারত, চীন, ভিয়েতনাম, এল সালভাদর, গুয়াতেমালা, বাংলাদেশ ও ডোমিনিকান রিপাবলিকসহ একাধিক দেশ অর্থনৈতিক চাপে পড়বে। নতুন কর ব্যবস্থাকে ঘিরে শুরু হয়েছে তীব্র বিতর্ক। অভিবাসী অধিকার সংস্থাগুলো বলছে, এটি প্রবাসীদের ওপর একটি অতিরিক্ত আর্থিক বোঝা সৃষ্টি করবে এবং তাদের পরিবারের কাছে অর্থ সহায়তা পাঠানো কঠিন হয়ে পড়বে। বিশ্লেষকরা আশঙ্কা করছেন, করের কারণে অনেকেই হুন্ডির মতো অনানুষ্ঠানিক বা অবৈধ পদ্ধতির দিকে ঝুঁকতে পারেন, যা অর্থ পাচার এবং জালিয়াতির ঝুঁকি বাড়াবে। কর আদায়ের দায়িত্ব থাকবে যুক্তরাষ্ট্রের অর্থ স্থানান্তরকারী প্রতিষ্ঠানগুলোর ওপর। অর্থ পাঠানোর সময় প্রতিষ্ঠানগুলোই সরাসরি ১ শতাংশ কর কেটে নেবে এবং তা ত্রৈমাসিক ভিত্তিতে সরকারের কাছে জমা দেবে। শুরুতে হাউজ অব রিপ্রেজেন্টেটিভস এই করের হার ৫ শতাংশ প্রস্তাব করেছিল, পরে তা ৩.৫ শতাংশে নামানো হয় এবং শেষ পর্যন্ত ১ শতাংশ নির্ধারণ করা হয়। তবে করের আওতা বাড়িয়ে এতে মার্কিন নাগরিকদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে, যার ফলে এর প্রভাব আরো বিস্তৃত হয়েছে।

## ইলন মাস্কের 'এআই' চ্যাটবট-এর ওপর নিষেধাজ্ঞা

৬২ পৃষ্ঠার পর

গ্রোক কিছু নির্দিষ্ট প্রশ্নের জবাবে তুর্কি ভাষায় এরদোয়ান ও আতাতুর্ককে নিয়ে আপত্তিকর মন্তব্য তৈরি করেছিল। একইসঙ্গে ধর্মীয় মূল্যবোধ নিয়েও অবমাননাকর কনটেন্ট তৈরি করা হয়। তুরস্কের পরিবহন ও অবকাঠামো মন্ত্রী আব্দুল কাদির উরালোগলু জানান, এখন পর্যন্ত গ্রোকের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হয়নি। তবে প্রয়োজন হলে পুরোপুরি বন্ধ করে দেওয়া হবে। তিনি আরও বলেন, তুরস্কের কর্তৃপক্ষ এক্স প্ল্যাটফর্মের সঙ্গে আলোচনায় বসবে। এদিকে, এই ঘটনার পরিপ্রেক্ষিতে এখনো এক্স বা এলন মাস্কের কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## কুইন্স বরো প্রেসিডেন্টের ফান্ড রেইজিং জ্যাকসন হাইটসে

৩ পৃষ্ঠার পর

বিশিষ্ট ব্যবসায়ী ও ব্যক্তিবর্গ। কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডসকে অনুষ্ঠানে স্বাগত জানান এটর্নি মঈন চৌধুরী। সংক্ষিপ্ত বক্তব্যে মঈন চৌধুরী ডনোভান রিচার্ডসকে বাংলাদেশী কমিউনিটির অকৃত্রিম বন্ধু হিসেবে পরিচয় করিয়ে দেন। তিনি স্থানীয় বাংলাদেশীদের মাঝে বিদ্যমান বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। এসময় ডনোভান রিচার্ডস বিভিন্ন সমস্যা সমাধানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। কমিউনিটির ব্যক্তিবর্গ তার নির্বাচনী তহবিলে অনুদান প্রদান করেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রেসিডেন্ট ফখরুল ইসলাম দেলোয়ার, আমেরিকা বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের কো-চেয়ারম্যান হাসানুজ্জামান হাসান, স্থানীয় ব্যবসায়ী, সামাজিক ও আঞ্চলিক সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

## দুর্নীতিমুক্ত সমাজ গঠনে ইসলামি মূল্যবোধের অনুশীলন জরুরি

২৫ পৃষ্ঠার পর

যখন মানুষের মধ্যে বিচার করবে, তখন ন্যায়পরায়ণতার সঙ্গে বিচার করবে। আল্লাহ তোমাদের যে উপদেশ দেন, তা কতই না উৎকৃষ্ট! নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।' (সুরা নিসা, আয়াত ৫৮)।

তিনি পবিত্র কুরআনে অসংখ্য আয়াতে বিধান অমান্যকারীদের জন্য শাস্তির বাণী উচ্চারণের মাধ্যমে আমাদের সতর্ক করেছেন। মহান আল্লাহ বলেন, 'তোমরা নিজেদের মধ্যে একে অন্যের অর্থসম্পদ অন্যায়ভাবে অধিকার করো না এবং মানুষের ধন-সম্পত্তির কিছু অংশও জেনে-শুনে অন্যায়ভাবে মালিক হওয়ার উদ্দেশ্যে তা বিচারকদের কাছে পেশ কোরো না।' (সুরা বাকারা, আয়াত ১৮৮)। মহানবি (সা.) হারাম উপার্জনে উম্মতকে নিরুৎসাহিত করেছেন। তিনি এরশাদ করেন, 'হারাম খাদ্য ও পানীয়ে বর্ধিত দেহ জান্নাতে প্রবেশ করবে না।' (মিশকাত)। অন্য হাদিসে এসেছে, 'যে ব্যক্তি ১০ দিরহামে একটি কাপড় পরিধান করে, যার মধ্যে ১ দিরহাম হারাম থাকে, তার পরিধানে ওই কাপড় থাকা অবস্থায় আল্লাহতায়ালা তার নামাজ কবুল করেন না।' (মুসনাদে আহমাদ)। মানুষ লোভ-লালসা থেকে দুর্নীতিতে লিপ্ত হয়। রাসুল (সা.) বলেছেন, 'দুটি ক্ষুধার্ত নেকড়েকে ছাগলের পালে ছেড়ে দেওয়া হলে তা যতটুকু না ক্ষতি সাধন করে, কারও সম্পদ ও প্রতিপত্তির লোভ এর চেয়েও বেশি ক্ষতি সাধন করে তার ধর্মের।' (তিরমিজি শরিফ)। তাই নিজের দ্বীনের জন্য অবশ্যই লোভ-লালসা ত্যাগ করতে হবে। আর লোভ-লালসা ত্যাগ করা গেলে দুর্নীতিও কমে যাবে। হাদিস শরিফে এরশাদ হয়েছে, 'রাসুল (সা.) ঘুষদাতা ও গ্রহীতাকে অভিশাপ দিয়েছেন।' (আবু দাউদ শরিফ)।

## যে বন্ধন জুলাইয়ের...

৬ পৃষ্ঠার পর

লাগাতেই হবে। শহীদ আবু সাঈদের প্রসারিত বাহু আজ দেশের পথে-প্রান্তরে ছড়িয়ে পড়েছে। সে ডাক একতার, সে ডাক মৈত্রীর।

আবু সাঈদদের আত্মত্যাগের বিনিময়ে যে প্রাণের বন্ধনে আমরা জড়িয়েছি, তার সুরভি ছড়িয়ে পড়ুক সময়ের সীমানা পেরিয়ে। অদেখা যে স্বপ্নের দেশের কথা গ্রাফিতিতে বলে গেছে আমাদের সন্তানেরা, তার নাগাল পেতে এখনো হয়তো অনেক বাকি, কিন্তু একা একা স্বপ্ন দেখার চেয়ে কয়েকজন মিলে স্বপ্ন দেখা শ্রেয়তর নয় কি?

লেখক: সুপ্রিম কোর্টের আইনজীবী।

## পিত্ত পাথুরি রোগ ও আধুনিক চিকিৎসা

২২ পৃষ্ঠার পর

সমস্যা দেখা যাচ্ছে। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এ রোগের প্রাদুর্ভাব বাড়তে থাকে। এক সময় এটি মূলত পাশ্চাত্যের অসুখ মনে করা হলেও বর্তমানে বিশ্বজুড়েই এ রোগ বেড়ে গেছে। বিশ্বায়নের প্রভাব ও খাদ্যাভ্যাসের পরিবর্তন সম্ভবত এর কারণ। শিশু বা কিশোর-কিশোরীদের মধ্যেও পিত্ত পাথুরি অসুখ দেখা যায়। এক্ষেত্রে পিত্তথলির জন্মগত ত্রুটি এবং লোহিতকণিকা ভেঙে জন্ডিস হলে তা থেকে পাথর সৃষ্টি হতে পারে।

* কারণ

পিত্ত পাথরের সব উপাদান পিত্তের মধ্যেই বিদ্যমান। এর অন্যতম উপাদান কোলেস্টেরল, যাকে পিত্তের মধ্যে দ্রবীভূত করে রাখে পিত্ত লবণ। স্বাভাবিক অবস্থায় এ দুইয়ের আনুপাতিক হার একটা নির্দিষ্ট সীমার মধ্যে থাকে। কোনো কারণে কোলেস্টেরলের পরিমাণ বেড়ে গেলে কিংবা পিত্তে লবণের পরিমাণ কমে গেলে অতিরিক্ত কোলেস্টেরল দ্রবীভূত অবস্থা থেকে বেরিয়ে দানা বাঁধে এবং ক্রমান্বয়ে পাথরে পরিণত হয়। এর সঙ্গে যুক্ত হয় ক্যালসিয়াম, ফসফেট ও বিলিরুবিন। অনেক সময় পিত্তথলিতে সংক্রমণ হয়ে ব্যাকটেরিয়া ও পিত্তথলির আন্তঃআবরণীর স্খলিত কোষ একত্র হয়ে একটি দানাদার কণার সৃষ্টি হয়, যাকে কেন্দ্র করে কোলেস্টেরল জমতে থাকে এবং এভাবে ধীরে ধীরে পাথরের সৃষ্টি হয়।

তাছাড়া দীর্ঘসময় পিত্তথলিতে পিত্ত জমা থাকলে কিংবা অন্ত্রের মধ্যে পিত্ত নিঃসরণ শ্লথ হলে, যেমনটা গর্ভাবস্থায় হয়ে থাকে, তখন পাথর সৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়। সম্ভবত মহিলাদের ক্ষেত্রে এ কারণটি একটি গুরুত্বপূর্ণ অনুঘটক হিসাবে কাজ করে। যদিও কোলেস্টেরল পিত্ত পাথরের অন্যতম উপাদান, তবে দেখা যায় বেশির ভাগ ক্ষেত্রেই রক্তে কোলেস্টেরলের পরিমাণ স্বাভাবিক থাকে। যকৃতের মধ্যে চর্বির আধিক্য ও দীর্ঘমেয়াদি যকৃতের প্রদাহ রোগীদের পিত্তের উপাদানে পরিবর্তনের কারণে পিত্ত পাথুরি অসুখ হয়ে থাকে। দীর্ঘদিন পিত্ত থলিতে পাথর থাকলে ক্যানসার হওয়ার ঝুঁকি তৈরি হয়।

* উপসর্গ

অনেকের ক্ষেত্রে আপাত কোনো উপসর্গ নাও থাকতে পারে। কোনো কারণে পেটের আল্ট্রাসনোগ্রাফি করা হলে অনেক সময় পিত্ত পাথর নির্ণীত হয়। অনেক রোগী ক্ষুধামন্দা, অল্প খাবারের পর পেট ভর্তি হয়ে যাওয়ার অনুভূতি, পেটে অতিরিক্ত গ্যাসের জন্য অস্বস্তি ইত্যাদি উপসর্গের অভিযোগ করেন। এসব উপসর্গের জন্য পিত্তথলিকে এককভাবে দায়ী করা ঠিক নয়। হঠাৎ করে মাঝরাতে থেকে তীব্র পেটে ব্যথা, বিশেষ করে ওপর পেটের ডান দিকে ব্যথা ও তার সঙ্গে বমি কিংবা বমিভাব এবং অস্বস্তিবোধ করা পিত্ত পাথুরির জন্য হয়ে থাকে। এ ব্যথা কয়েক ঘণ্টা থেকে কয়েক দিন পর্যন্ত স্থায়ী হতে পারে। কয়েক ঘণ্টা পর হঠাৎ করে ব্যথা চলে গেলে এ অবস্থাকে বলা হয় 'স্বল্পমেয়াদি তীব্র পিত্তবেদনা'। পিত্ত পাথর পিত্তথলির বহির্গমন পথে সাময়িক প্রতিবন্ধকতা সৃষ্টি করলে পিত্তথলি সেটিকে স্থানচ্যুত করার জন্য যে চাপ সৃষ্টি করে, সেটিই প্রতিফলিত হয় তীব্র ব্যথা হিসাবে। পাথর স্থানচ্যুত হয়ে বহির্গমন পথ খোলাসা হলে তাৎক্ষণিক ব্যথা চলে যায়। পাথর স্থানচ্যুত না হয়ে স্থায়ীভাবে আটকে গেলে পিত্তথলি ফুলে যায়। পীড়িত পিত্তথলিতে সংক্রমণ ঘটে প্রদাহ সৃষ্টি করে। একে বলা হয় 'আকস্মিক পিত্তপ্রদাহ'। এক্ষেত্রে তীব্র ব্যথা পরিবর্তিত হয়ে মাঝারি রকমের স্থায়ী ব্যথার রূপ নেয়। এ অবস্থায় রোগীর পেট পরীক্ষা করে ডান দিকে ওপর পেটের সংবেদনশীলতা বৃদ্ধি ও মাংসপেশির দৃঢ়তা পরিলক্ষিত হয়। কয়েক দফায় এ রকম উপসর্গ হলে দীর্ঘমেয়াদি পিত্তথলির প্রদাহ সৃষ্টি হয়। এ সময় জ্বর, বমি কিংবা বমিভাব এবং হালকা জন্ডিস দেখা দিতে পারে।

* পিত্ত পাথুরি অসুখের জটিলতা

স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি উভয় ধরনের জটিলতা হতে পারে। অ্যাকিউট কোলেসিস্টাইটিসে আক্রান্ত হলে কিছু ক্ষেত্রে সংক্রমণ ও প্রদাহ এত মারাত্মক আকার ধারণ করে যে, রোগী গুরুতর অসুস্থ হয়ে পড়েন। উচ্চক্ষমতাসম্পন্ন অ্যান্টিবায়োটিক এ সংক্রমণ নিয়ন্ত্রণ করতে পারে না। যারা ডায়াবেটিসে আক্রান্ত তাদের বেলায় এ আশঙ্কা বেশি। এক্ষেত্রে পিত্তথলির ভেতরে পুঁজের সৃষ্টি হয় (এমপায়েমা গলব্লাডার)। এমনকি পিত্তথলিতে পচন ধরতে পারে। পিত্তনালিতে পাথর থাকলে পিত্ত নিঃসরণে বাধার কারণে প্রতিবন্ধক জন্ডিস এবং পিত্তনালির প্রদাহ হয়ে থাকে। পিত্তনালির পাথর পিত্তনালি ও অগ্ন্যাশয়ের নালির সংযোগস্থলে প্রতিবন্ধকতা সৃষ্টি করলে অগ্ন্যাশয়ে তীব্র প্রদাহের মতো জটিল অসুখের সৃষ্টি হতে পারে। কিছু কিছু ক্ষেত্রে অগ্ন্যাশয়ের তীব্র প্রদাহ নিয়ে পিত্ত পাথরের রোগী প্রথমবার গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে আসেন।

দীর্ঘমেয়াদি জটিলতাগুলোর মধ্যে অন্যতম হলো পিত্তথলির ক্যানসার। অর্থাৎ দীর্ঘদিন পিত্তথলিতে পাথরের উপস্থিতি পিত্তথলির মধ্যে ক্রমান্বয়ে কিছু পরিবর্তন আনে যা এক সময় ক্যানসারের রূপ নেয়।

* রোগ নির্ণয়

আধুনিক মেডিকেল ইমেজিং বিশেষত আল্ট্রাসনোগ্রাফি পিত্ত পাথুরি শনাক্তকরণে অত্যন্ত সময়োপযোগী পরীক্ষা। পিত্ত পাথুরি সমস্যা সন্দেহ হলেই পেটের আল্ট্রাসনোগ্রাফি করতে হবে। পিত্ত পাথুরি রোগ নির্ণয়ে আল্ট্রাসনোগ্রাফি সিটি স্ক্যান কিংবা এমআরআইয়ের চেয়েও অনেক সময় শ্রেয় বলে বিবেচিত হয়।

* চিকিৎসা

পিত্ত পাথুরি অসুখ নিশ্চিতভাবে নির্ণীত হলে সর্বজন স্বীকৃত চিকিৎসা হলো, অস্ত্রোপচারের মাধ্যমে পাথরসহ পিত্তথলির অপসারণ। কখন ও কী পদ্ধতিতে পিত্তথলির পাথর অপসারণ করতে হবে, একজন দক্ষ সার্জন সিদ্ধান্ত নিয়ে থাকেন। সাধারণত অ্যাকিউট কোলেসিস্টাইটিস হলে জরুরি অবস্থায় ওষুধ প্রয়োগে চিকিৎসা দেওয়া হয় এবং এতে শতকরা ৯৫ জনেরও বেশি রোগী সেরে ওঠেন। ৪-৬ সপ্তাহ পর আধুনিক ল্যাপারোস্কপিক পদ্ধতিতে সহজেই পিত্তথলির পাথর অপসারণ করা যায়। ওষুধ চিকিৎসায় উন্নতি না হলে কিংবা ওপরে উল্লিখিত জটিলতা দেখা দিলে জরুরিভিত্তিতে অস্ত্রোপচার করতে হয়। শল্যবিদ অভিজ্ঞ হলে এক্ষেত্রেও ল্যাপারোস্কপিক পদ্ধতিতে অস্ত্রোপচার করা সম্ভব। তবে রোগী গুরুতর অসুস্থ হলে সনাতন পদ্ধতিতে পেট কেটে অস্ত্রোপচার করাই শ্রেয়। বর্তমানে জটিলতাবিহীন রোগীদের ক্ষেত্রে 'ল্যাপারোস্কপিক কলিসিস্টেকটমি' বিশ্বজুড়ে স্বীকৃত পদ্ধতি। এতে পেট কাটার জটিলতা নেই। কয়েকটি ছোট ছিদ্র করে তার একটির মধ্য দিয়ে টেলিস্কোপ ঢুকিয়ে সংযুক্ত সিসিডি ক্যামেরার মাধ্যমে টেলিভিশনের পর্দায় ছবি দেখে অন্য ছিদ্রপথে বিশেষ ধরনের পাথরসহ পিত্তথলি অপসারণ করা হয়। একজন দক্ষ শল্যবিদ মূল অপারেশন পর্ব ২০-২৫ মিনিটে সম্পন্ন করতে পারেন। যেহেতু পেটের কোনো অঙ্গ-প্রত্যঙ্গ নাড়াচাড়া করা হয় না এবং বাইরের পরিবেশে উন্মুক্ত করা হয় না, তাই অস্ত্রোপচারের তিন ঘণ্টা পরই রোগীকে মুখে খাবার দেওয়া যায় এবং ছিদ্র স্থানগুলোতে বাহ্যিক কোনো সেলাই দিতে হয় না। ল্যাপারোস্কপিক পদ্ধতিতে সকালে অস্ত্রোপচার করার পর বিকালেই একজন রোগী হাসপাতাল ত্যাগ করতে পারেন এবং কয়েক দিনের মধ্যেই স্বাভাবিক কাজকর্মে ফিরতে পারেন। যদি একই সঙ্গে পিত্তথলি ও পিত্তনালিতে পাথর থাকে, সেক্ষেত্রে পেট না কেটেই আধুনিক পদ্ধতিতে উভয় সমস্যার সমাধান করা হয়। প্রথমত গলা দিয়ে এন্ডোস্কোপ ঢুকিয়ে ইআরসিপির মাধ্যমে পিত্তনালির পাথর অপসারণ করে একই সময়ে অথবা দু-একদিন পর ল্যাপারোস্কপির মাধ্যমে পিত্তথলি অপসারণ করা হয়। কাজেই সনাতন ওপেন কলিসিস্টেকটমি এখন কালেভদ্রে করার প্রয়োজন পড়ে এবং ল্যাপারোস্কপিক কলিসিস্টেকটমি এখন বিভিন্ন পদ্ধতির মধ্যে 'স্বর্ণমান' (গোল্ড স্ট্যান্ডার্ড) হিসাবে বিশ্বজুড়ে বিবেচিত।

* উপসর্গবিহীন পিত্ত পাথুরি রোগের জন্য করণীয়

পিত্ত পাথুরি যা উপসর্গবিহীন সে ক্ষেত্রে কী করণীয় তা নিয়ে অনেকে পরামর্শ চেয়ে থাকেন। কেবল অতীব বৃদ্ধ, বার্ধক্যজনিত সমস্যায় আক্রান্ত এবং বেহুঁশ ও অস্ত্রোপচার করা ঝুঁকিপূর্ণ। এরূপ ক্ষেত্রে অস্ত্রোপচার না করাই ভালো। কিন্তু পিত্তথলিতে ছোট ছোট অনেক পাথর থাকলে, ৪০ বছরের কম বয়স, ডায়াবেটিসে আক্রান্ত এমন ব্যক্তির ক্ষেত্রে পিত্তথলি অপসারণ অবশ্যই জরুরি। কেননা, এ ধরনের ব্যক্তিদের পিত্ত পাথুরির জটিলতায় ভোগার বেশি। সন্তান ধারণে সক্ষম মহিলাদের, বিশেষত যারা পরবর্তী সন্তান গ্রহণে আগ্রহী তাদের অবশ্যই পরবর্তী গর্ভধারণের আগেই অস্ত্রোপচার করে পিত্তথলি অপসারণ করে নেওয়াই বুদ্ধিমানের কাজ। নাহলে গর্ভকালে সমস্যা হওয়াই স্বাভাবিক, যা মা কিংবা গর্ভজাত সন্তান উভয়ের জন্যই হুমকি হিসাবে দেখা দিতে পারে।

* গর্ভকালীন পিত্ত পাথুরি সম্পর্কিত সমস্যা

গর্ভধারণকালীন উপসর্গযুক্ত পিত্ত পাথুরি কিংবা গর্ভাবস্থায় পর্যবেক্ষণের সময় রোগ নির্ণীত পিত্ত পাথুরি অনেক সময় রোগী এবং চিকিৎসক উভয়কে চিন্তিত করে ফেলে। গর্ভকালে পিত্ত পাথুরির প্রদাহ দেখা দিলে অবশ্যই ওষুধের মাধ্যমে চিকিৎসা দিতে হবে। তবে এমন ওষুধ বেছে নিতে হবে, যা গর্ভজাত শিশুর কোনো ক্ষতি করে না। গর্ভাবস্থা ২৩ সপ্তাহের মধ্যে হলে ল্যাপারোস্কপিক কলিসিস্টেকটমি করাই শ্রেয়। প্রথম আট সপ্তাহের মধ্যে চিহ্নিত হলে ৮-১২ সপ্তাহের মধ্যে অস্ত্রোপচার করা নিরাপদ। ২৩ সপ্তাহের পর চিহ্নিত হলে এবং উপসর্গ না থাকলে পর্যবেক্ষণ ও তেলজাতীয় খাবার পরিহার করা উত্তম। কিন্তু ২৩ সপ্তাহের পর উপসর্গ সৃষ্টিকারী পিত্ত পাথর ওষুধের মাধ্যমে নিয়ন্ত্রিত না হলে সনাতন পদ্ধতিতে পেট কেটে অস্ত্রোপচার করাই নিরাপদ। যদিও এ অপারেশনে কিছু ক্ষেত্রে গর্ভপাত কিংবা জরায়ুর মধ্যে বাচ্চা মারা যেতে পারে।

পিত্ত পাথুরির আধুনিক চিকিৎসা যেহেতু সহজ ও নিরাপদ, তাই এ সমস্যা চিহ্নিত হলে বিশেষ ক্ষেত্র ছাড়া আধুনিক যন্ত্রের মাধ্যমে পিত্তথলির অপসারণ রোগীর সুবিধাজনক সময়ে দক্ষ ও অভিজ্ঞ শল্যবিদ দ্বারা ভালো হাসপাতালে নেওয়াই যুক্তিসঙ্গত ও বুদ্ধিমানের কাজ।



- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney

LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
# নির্ভরযোগ্য নিশ্চয়তা
প্রদান করি



# ZAM ZAM TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

## এয়ার লাইন সমূহ

SAUDIA السعودية · QATAR AIRWAYS · Emirates · TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com zamzamtravelus@gmail.com

## একাত্তরের প্রহরী ফাউন্ডেশনের নতুন কার্যকরী কমিটি

৬২ পৃষ্ঠার পর

কার্যকরি কমিটিতে সভাপতি হিসাবে রয়েছেন একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ড. নুরুন নবী, স্বীকৃতি বড়ুয়াকে সাধারণ সম্পাদক করা হয়েছে। কার্যকরী কমিটিতে সহসভাপতি হিসাবে আছেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল ইমাম, পুষ্পকুন নাহার লতা, এ্যানি ফেরদৌস, আব্দুল কাদের মিয়া, মিনহাজ আহমেদ ও কফিল ইসলাম। কমিটির অন্যরা হলেন যুগ্ম সাধারণ সম্পাদক গোপাল সান্যাল, কোষাধ্যক্ষ সুতপা মণ্ডল, সাংগঠনিক সম্পাদক গোপন সাহা, যুগ্ম সাংগঠনিক সম্পাদক মিল্টন আহমেদ, প্রচার সম্পাদক আনোয়ার আহমেদ খান, সাংস্কৃতিক সম্পাদক শারমিন নাহার লিরু, যুগ্ম সাংস্কৃতিক সম্পাদক তাহরিনা পারভিন প্রীতি, তথ্য ও চলচ্চিত্র বিষয়ক সম্পাদক রওশন আরা লিপা, সাহিত্য সম্পাদক স্মৃতি অন্তু, প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যম বিষয়ক সম্পাদক জয়বর্ণ চৌধুরী। সদস্য হিসেবে রয়েছেন- বীর মুক্তিযোদ্ধা ড. জিনাত নবী, জি এইচ আরজু, ড. বিলকিস রহমান দোলা, মিশুক সেলিম, আবু সাইদ রতন, ফাহরানা ইসলাম তুলি, খালেদ শরফুদ্দিন, নাজনিন সিমন, স্বাধীন মজুমদার, মনিরা আকজি, সাজ্জাদ হোসেন সবুজ, সিলিনিয়া মোরশেদ, শাহিনা সিকদার হাই, ঝর্না চৌধুরী, ইয়াকুব আলী মিঠু, আব্দুল হামিদ ও পঙ্কজ তালুকদার।

উপদেষ্টারা হলেন যথাক্রমে বেলাল বেগ, বীর মুক্তিযোদ্ধা সিরু বাঙালী, রাফায়েত চৌধুরী, মিথুন আহমেদ, ডঃ দিলিপ নাথ, রানা হাসান মাহমুদ, জাকারিয়া চৌধুরী, নজরুল জাহাঙ্গীর, নুরুল আমিন বাবু, হাসান আল আব্দুল্লাহ ও মঞ্জুর কাদের।

সংগঠনটি জানায়, প্রবাসে অবস্থিত বীর মুক্তিযোদ্ধা, কবি, সাহিত্যিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সাংবাদিক, মূলধারার রাজনীতিবিদ, এক্টিভিস্টদের সমন্বয়ে গঠিত 'একাত্তরের প্রহরী' বঙ্গবন্ধু বইমেলা, প্রতিবাদ সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, জাতিসংঘ ও যুক্তরাষ্ট্রের মূলধারার সাথে যোগাযোগ স্থাপনসহ বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে ইতিমধ্যেই দেশে ও প্রবাসে সকলের নজর কাড়তে সক্ষম হয়েছে। সংগঠনের উদ্দেশ্য একটাই, জনমত সৃষ্টির মাধ্যমে ত্রিশ লক্ষ শহীদ ও দুই লক্ষ নারীর সম্ভ্রম হানির বিনিময়ে পাওয়া বাংলাদেশকে দখলদার ইউনুস ও স্বাধীনতা বিরোধীদের হাত থেকে মুক্ত করে মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শে ফিরিয়ে নেওয়া।

## আপা, তখনই খবরটা এলো

১০ পৃষ্ঠার পর

জাতির পাশে দাঁড়ানোর।

আচ্ছা হাসু আপা, জয় এসব কি লিখেছে? জয় কি জানেন দেশের নিরানব্বই ভাগ মানুষ আওয়ামী লীগকে এখন হিসাব করে না। তাদের অপকর্মের ফিরিস্তি সবার মনে ভয় জাগিয়ে রেখেছে। এ ভয় কোনো তাবিজ কবজে যাবে না। কোনো ডাক্তারের কাছে এই ভয় তাড়ানোর ওষুধ নেই। জয়ের কথায় আপনারা যারা ভুল বুঝেছেন? কিসের ভুল। জয়, আওয়ামী লীগের কর্মকাণ্ডের জন্য লজ্জিত, দুঃখিত, ক্ষমাপ্রার্থী না হয়ে বরং বলছেন, আমাদের প্রতিশোধের মনোভাব নেই। এর মানে কি? এখনো ভাবছেন- আবার ক্ষমতায় এসে প্রতিশোধ নেবেন? দেশের মানুষকে কচুকাটা করবেন? এসব জয়কে ভুলে যেতে বলুন আপা। আর আপনাকে কি বলবো? আপনি তো প্রতিনিয়ত দেশের মানুষের বিরুদ্ধে বিষোদগার করে যাচ্ছেন। দলীয় নেতাকর্মীদের উস্কে দিচ্ছেন দেশের জনগণের বিরুদ্ধে। কিন্তু আপনার কথা কে শুনছে? এখন তো আপনি বাংলাদেশের কেউ না। ভিনদেশে আশ্রিত এক রিফিউজি। ওদিকে বাংলাদেশের দণ্ডপ্রাপ্ত এক ব্যক্তি। তয় আপা, আর বেশিদিন লাগবে না। যেভাবে মামলার গতি এগুচ্ছে শিগগিরই হয়তো গণহত্যার জন্য আপনার সর্বোচ্চ শাস্তিও শুনতে পারে দেশবাসী।

হাসু আপা, সেই দুঃসহ জুলাই বিপ্লব মাস চলছে। এ মাসেই কোটা বিরোধী আন্দোলন দিন দিন চাঙ্গা হয়। এ মাসেই সমন্বয়কদের ওপর নির্মম নির্যাতন হয়। এ মাসেই আন্দোলনকারীদের আপনি রাজাকার ট্যাগ লাগিয়ে দেন। কেন যে সেদিন সংবাদ সম্মেলন করতে গেলেন? বুঝি না। সংবাদ সম্মেলন না হলে তো আপনার মুখ দিয়ে রাজাকার শব্দটি বেরুতো না। এই একটি মাত্র শব্দ আপনার সিংহাসন নাড়িয়ে দেয়। অথচ যে শব্দ দিয়ে আপনি এতদিন রাজনীতি করে গেছেন। বিএনপি-জামায়াতকে কোণঠাসা করে রেখেছিলেন। কতো সাধারণ মানুষকে শিবির ট্যাগ লাগিয়ে জেলে পুরেছেন। কতো যে জঙ্গি নাটক সাজিয়েছেন। চাকরি দেয়ার সময় রক্তের গ্রুপ চেক করেছেন ভুয়ালিং মেশিন দিয়ে। রক্তের গ্রুপ এ (আওয়ামী লীগ) নাকি বি (বিএনপি)। চাকরি প্রার্থীর পরিবারই নয়, তার চৌদ্দগোষ্ঠীর রক্তের গ্রুপ যাচাই করা হয়েছে। এরপর চাকরি হয়েছে। তবে ঘুষ তো লেগেছেই। ঘুষ ছাড়া চাকরি হয়েছে এমন নজির খুবই কম। আর যারা বি গ্রুপের রক্ত বহন করেছে তারা কেউ ফুটপাথে হকারি করেছে। কেউবা রিকশা চালিয়েছে। কেউ সিএনজি, আবার কেউ পাঠাওয়ে মোটরসাইকেল চালিয়ে সংসার টেনে নিয়েছে। কতো বিএনপি-জামায়াতের নেতাকর্মী যে বাড়িতে ঘুমাতে পারেনি তার ইয়ত্তা নেই। তারপরও জয় তার পোস্টে লিখেছে আপনারা যারা ভুল বুঝতে পেরেছেন। আরে লাজ শরমের মাথা খেয়েছে নাকি? যেখানে দেশবাসীর কাছে খোলা চিঠির মাধ্যমে বিগত ষোল বছরের ভুল ভ্রান্তির জন্য ক্ষমা চাইবে, দুঃখ প্রকাশ করবে- সেখানে তার এমন পোস্ট দেখে দেশবাসী হতবাক। এটা শিখলো সজীব ওয়াজেদ জয়। আপনাকে যে বলবো জয়কে বুঝাতে তাও পারছি না। কারণ আপনিও তো তারচেয়ে এগিয়ে। আপনার দলের পলাতক সাধারণ সম্পাদক তো আরও এক কাঠি এগিয়ে। তার চোখে কোনো ভুল ধরা পড়ে না।

প্রিয় হাসু আপা, মনে পড়ে কি? ১৯৯৬ সালের নির্বাচনের আগে দেশের মানুষের কাছে অতীতের ভুলের জন্য ক্ষমা চেয়েছিলেন। একটি বার সুযোগ চেয়েছিলেন। জনগণ সে সুযোগ দিয়েছিল। কিন্তু ষোল বছরে আপনার যে অর্জন তাতে এখন আপনাকে সুযোগ দিতে শতবার ভাববে। এটা নিশ্চিত করে বলতে পারি। তারপরও বলবো-এখনো সময় আছে, জনগণের কাছে ক্ষমা চান। জনগণ যদি ক্ষমা করে একবার না একবার আওয়ামী লীগ নিজের পায়ে দাঁড়াতে পারবে। মনে রাখবেন, হম্বিতম্বি দিয়ে কিছু করা যায় না। সাময়িক হয়তো সময়কে টেনে নেয়া যায়। কিন্তু শেষটা ভালো হয় না। যার সাক্ষী আপনি নিজেই। আজ এ পর্যন্তই। আপনার শুভবুদ্ধির উদয় হউক।

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড স্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।

বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

## নির্বাচনের কারণে পেছাতে পারে বিপিএল, বাড়ছে ভেন্যু!

৫২ পৃষ্ঠার পর

বিপিএল প্রতি আসরেই তিনটি ভেন্যুতে আয়োজিত হয়। সামনের আসরে ভেন্যু বাড়ানোর চিন্তা ভাবনা চলছে। সেই পরিকল্পনা জানিয়ে মাহবুব আনাম বলেছেন, 'আমাদের চেষ্টা থাকবে বিপিএলের অন্তত একটি ভেন্যু বাড়ানোর। বগুড়া ও খুলনায় বিপিএলের ভেন্যুর জন্য অডিট করতে পাঠিয়েছি প্রাইজিন এবং ফ্যাসিলিটিজ থেকে। বরিশালের উইকেট প্রস্তুত, আউটফিল্ডেরও কিছু কাজ চলছে। তাহলে বরিশালও ভেন্যু হওয়ার যোগ্যতা অর্জন করবে। রাজশাহীর ব্যাপারে এনএসসি কাজ করছে, আমরাও তাদের সঙ্গে যোগ দিয়েছি। এই চারটা ভেন্যুর মধ্যে যেটা সেরা হবে সেটাকে আগামী বিপিএলে যোগ করবো।'

## বিল গেটস শীর্ষ ধনির তালিকা থেকে বাদ পড়লেন

৬২ পৃষ্ঠার পর

দেখা গেছে, তিনি এখন ধনীদের তালিকায় ১২তম অবস্থানে নেমে গেছেন। এই পতনের প্রধান কারণ হিসেবে উঠে এসেছে তার বিস্তৃত দান-অনুদান এবং জনহিতকর কাজে ব্যয়। ব্লুমবার্গের 'বিলিয়নিয়ার ইনডেক্স' অনুযায়ী, বিল গেটসের সম্পদ বর্তমানে ১২ হাজার ৪০০ কোটি ডলারে এসে দাঁড়িয়েছে। যেখানে আগের হিসাব অনুযায়ী তা ছিল ১৭ হাজার ৫০০ কোটি ডলার। অর্থাৎ, তার সম্পদ কমেছে ৫ হাজার ১০০ কোটি ডলার। গেটসের এই আর্থিক পতনের পেছনে অন্যতম কারণ তার প্রতিষ্ঠিত গেটস-মেলিন্ডা ফাউন্ডেশন এর মাধ্যমে কোটি কোটি ডলারের দান, বিশেষ করে স্বাস্থ্য, বিজ্ঞান, প্রযুক্তি ও করোনা টিকা গবেষণায় তার ব্যাপক অবদান।

## রিজিক বৃদ্ধির ১০ আমল

২৫ পৃষ্ঠার পর

দেটার না।' (তিরমিজি, হাদিস ২,৪৬৬)।

তাওবা করা : বেশি বেশি তাওবা ইস্তিগফারের দ্বারা রিজিক বৃদ্ধি পায়। আল্লাহ বলেন, 'আমি তাদের বলেছি, নিজ প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা করো। নিশ্চয়ই তিনি অতিশয় ক্ষমাশীল। তিনি আকাশ থেকে তোমাদের ওপর প্রচুর বৃষ্টি বর্ষণ করবেন এবং তোমাদের ধন-সম্পদ ও সন্তানসন্ততিতে উন্নতি দান করবেন এবং তোমাদের বাগ-বাগিচা এবং নদীনালা দান করবেন।' (সূরা নুহ, আয়াত : ১০-১২)।

ইবনে আব্বাস (রা.)-এর বিবরণে আছে রাসুল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি লাগাতার তওবা-ইস্তিগফার করবে; আল্লাহতায়ালা সংকট থেকে উত্তরণের পথ বের করে দেবেন; সব দুশ্চিন্তা মিটিয়ে দেবেন এবং অকল্পনীয় উৎস থেকে রিজিকের ব্যবস্থা করে দেবেন।' (আবু দাউদ, হাদিস : ১,৫১৮)।

দান-সদকা করা : রাসুল (সা.) বলেছেন, 'প্রতিদিন সকালে দুজন ফেরেশতা অবতরণ করেন। তাদের একজন বলে, হে আল্লাহ! দানকারীকে তার দানের জন্য উত্তম প্রতিদান দিন। অপরজন বলে, হে আল্লাহ! কৃপণকে ধ্বংস করে দিন।' (বোখারি, হাদিস : ১,৪৪২)।

দান-সদকা করার মাধ্যমে রিজিক বাড়ে। আল্লাহতায়ালা পবিত্র কোরআনে ইরশাদ করেছেন, 'আর তোমরা যা কিছু আল্লাহর জন্য ব্যয় করো; তিনি তার বিনিময় দেবেন। তিনিই উত্তম রিজিকদাতা।' (সূরা সাবা, ৩৯)।

শুকরিয়া আদায় করা : শুকর আদায় করার দ্বারা নিয়ামত বৃদ্ধি পায়। আল্লাহতায়ালা পবিত্র কোরআনে ইরশাদ করেছেন, 'যদি তোমরা শোকর আদায় করো, তবে আমি অবশ্যই তোমাদের (নিয়ামত) বাড়িয়ে দেব। আর যদি তোমরা অকৃতজ্ঞ হও, নিশ্চয় আমার আজাব বড় কঠিন।' (সূরা ইবরাহিম, আয়াত : ৭)।

রাসুল (সা.) আল্লাহর ইবাদত ও শুকরিয়া আদায়ের জন্য আল্লাহর কাছে সাহায্য চাইতেন। সাহাবিদেরও তিনি ইবাদত ও শুকরিয়ার জন্য আল্লাহর কাছে সাহায্য চাইতে শিখিয়েছেন। মুয়াজ ইবনে জাবাল বলেন, একদিন রাসুল (সা.) আমার হাত ধরে বললেন, তোমাকে অছিয়ত করছি, প্রত্যেক নামাজের পর এ দোয়াটি পড়-

উচ্চারণ : আল্লাহুম্মা আঈন্নী আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি ইবাদাতিকা

অর্থ : হে আল্লাহ! আপনার জিকির, আপনার কৃতজ্ঞতা ও শোকর আদায় এবং সুন্দর করে আপনার ইবাদত করতে আপনি আমাকে সাহায্য করুন। (সুনানে আবু দাউদ : ১৫২৪)।

জীবিকার সন্ধান করা : আল্লাহতায়ালা পবিত্র কোরআনে ইরশাদ করেছেন, 'অতঃপর নামাজ সমাপ্ত হলে তোমরা পৃথিবীতে (জমিনে) ছড়িয়ে পড়ো আর আল্লাহর অনুগ্রহ (রিজিক) সন্ধান করো এবং আল্লাহকে অধিক পরিমাণে স্মরণ করো; যাতে তোমরা সফলকাম হও।' (সূরা জুমা, আয়াত: ১০)

রাসুল (সা.) বলেছেন, 'তোমাদের কেউ যদি রশি নিয়ে সকালবেলা পাহাড়ের দিকে বের হয়। এরপর লাকড়ি সংগ্রহ করে তা বিক্রি করে জীবিকা নির্বাহ করে এবং দানও করে। মানুষের কাছে হাত পাতার চেয়ে তার জন্য এটা উত্তম।' (বোখারি, হাদিস: ১,৪৮০; মুসলিম, হাদিস: ১,০৪২)

আত্মীয়দের সঙ্গে সুসম্পর্ক : আনাস ইবনে মালেক (রা.) বলেন, রাসুল (সা.) কে আমি বলতে শুনেছি, তিনি বলেছেন, 'যে ব্যক্তি কামনা করে তার রিজিক প্রশস্ত করে দেওয়া হোক এবং আয়ু দীর্ঘ করা হোক সে যেন তার আত্মীয়দের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখে।' (বোখারি, হাদিস: ৫,৯৮৫)।

রিজিক বৃদ্ধির অন্যতম আরেকটি আমল হচ্ছে আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা। আত্মীয়ের সঙ্গে সদাচরণ করতে এবং তাদের হক যথাযথভাবে আদায় করার নির্দেশ দিয়েছেন আল্লাহতায়ালা। (সূরা নিসা, আয়াত: ৩৬; সূরা বনি ইসরাইল, আয়াত : ২৬)







## তবুও ধর্ষণ থেকে রক্ষা পাইনি

৫ পৃষ্ঠার পর

এক বছর হয়ে গেল-যারা রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি করে ক্ষমতা দখল করে জাতিকে বুঝালেন আওয়ামী ফ্যাসিস্টকে তাড়িয়েছি - এখন গণতন্ত্রের স্বর্ণযুগ সৃষ্টি করব, গণতন্ত্র আর সুখের বন্যা বয়ে দিবেন গোটা দেশজুড়ে-সেখানে থাকবে সুখ আর সুখ অনন্তকালের সুখ-তারা তো সাগর রুনি হত্যাকান্ডের কোন কুল কিনারা করতে পারেননি, মনে হচ্ছে এই মামলাটি আর কোনদিন আলোর মুখ দেখবে না।

আমার বক্তব্য হল -এভাবে আমরা আর কতকাল যুদ্ধ করব, সন্ত্রাস চাঁদাবাজি ধর্ষণ করব, প্রতিপক্ষকে হত্যা করব, ঘর থেকে বের হতে দেব না -এমন মনোভাব থেকে আমাদের সরে আসতে হবে। রাজনীতির প্রতিশোধ প্রতিহিংসা বন্ধ করতে হবে। রাজনৈতিক দলের সিনিয়র নেতাদের উচিত -নেতাকর্মীদের দিকনির্দেশনা দেওয়ার, তাদের আচার-আচরণে সংযমী হতে হবে, শিষ্টাচার থাকতে হবে আচরণ ও কথাবার্তায়। প্রতিপক্ষের উপর হামলা নির্যাতন বন্ধ করতে হবে। প্রতিপক্ষকে ধরে এনে মারধর করে চাঁদা আদায় করে আবার মামলা ঠুকিয়ে দিয়ে জেল হাজতে প্রেরণের যে পশুর মত সহিংস আচরণ করছে এসব বন্ধ করতে হবে।

এখন যেহেতু আওয়ামী লীগ রাজনীতির মাঠে নেই, আওয়ামী লীগ নিষিদ্ধ করা হয়েছে সুতরা এখন মাঠ দখল করে আছে জামাত, বিএনপি, হিজবুত তাহেরী, এন সি পি সহ অন্যান্য সব রাজনৈতিক দল। দেশে যদি নির্বাচন হয় নিশ্চয়ই বিএনপি ক্ষমতায় যাবে - কারণ এখন তারা দেশের বড় দল। বিরোধী অবস্থানে থাকবেন জামাত সহ অন্যান্যরা। এখন বিএনপির কি করা উচিত - অতীতের সব অপকর্মের জন্য জাতির কাছে ক্ষমা চাওয়া উচিত, ক্ষমতা থাকাকালীন সময় যে অত্যাচার অনাচার করেছে, লুটপাট করেছে, মানুষকে বিনাবিচারে হত্যা করেছে - পূর্ণিমা, মহিমা, ফাহিমার মতো অবুঝ শিশুদের ধর্ষণ করেছে, স্বামীকে গাছের সাথে বেঁধে স্ত্রী ও কন্যাকে একসাথে ধর্ষণ করেছে, জঙ্গি মৌলবাদীদের পৃষ্ঠপোষকতা দিয়েছে - বাংলা ভাই নিজে আদালত বানিয়ে মানুষকে খুন করে গাছে ঝুলিয়ে রাখত।

আওয়ামী লীগকে শাস্তি দেওয়ার জন্য ৭৫ এর খুনীদের রাষ্ট্রের বিভিন্ন জায়গায় সম্মানজনক চাকুরী দিয়ে পুরস্কৃত করা হয়েছে, ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবসকে ভুয়া জন্মদিন বানিয়ে বেগম জিয়া তার দেহ সমান কেক বানিয়ে উশৃংখল নেতাকর্মীদের নিয়ে তামাশা করতো। মতিউর রহমান নিজামীকে শিল্পমন্ত্রী বানিয়ে গোপনে ১০ ট্রাক অস্ত্র আমদানি করেছিল জাতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে। যদি সত্যিই আপনারা দেশের শান্তি চান, জনজীবনে শান্তি ফিরিয়ে আনতে চান - দেশবিরোধী সব ষড়যন্ত্র বাদ দিয়ে দেশকে ভালবাসতে শিখুন, এদেশ আমার আপনার সকলের। দেশ ভালো থাকলে আমরা সকলেই ভালো থাকবো আর দেশে অশান্তি অপশাসন চলতে থাকলে একদিন এই রাষ্ট্র বিলীন হয়ে যাবে। আমরা শাসক হিসেবে দুর্বল বলে, আমরা নীতিভ্রষ্ট বলে - আমাদের সহজে কেনা যায়, যেমন - বার্মার মত সন্ত্রাসী দেশ জোর করে আমাদের দেশে দেড় মিলিয়ন রোহিঙ্গাকে ঢুকিয়ে দিয়েছে, বার্মার বিরুদ্ধে আমেরিকা ইউরোপ - জাতিসংঘ কোন কথা বলছে না। আমরা সহজে বিক্রি হয়ে যাই বলে আজ আমাদের বন্দর ব্যবস্থাপনা অন্যের হাতে তুলে দিতে রাজি হয়েছি, আমরা বার্মার সন্ত্রাসীদের জন্য জাতিসংঘ ও আমেরিকার কথা মত করিডোর দিতে রাজি হয়ে গেছি, আমাদের সেন্ট মার্টিন অলরেডি দিয়ে ফেলেছি আমেরিকাকে, এসব কেন হচ্ছে আমরা রাজনীতি বুঝিনা বলে - দেশপ্রেমও আমরা বুঝিনা, আমরা কেবল প্রতিপক্ষকে দমন করার রাজনীতিকে ভালো রাজনীতি মনে করে তাই আজ আমাদের স্বাধীনতা সার্বভৌমত্ব হুমকির মুখোমুখি। আওয়ামী লীগকে দীর্ঘ এক বছর ধরে নির্যাতন করছেন, আরো করতে থাকবেন কিন্তু আওয়ামী লীগকে শেষ করে দিতে পারবেন না-আওয়ামী লীগ একটি চেতনা ও অনুভূতির নাম, এটাকে শেষ করার শক্তি কারো নাই। তবুও অনুরোধ থাকলো-আর সন্ত্রাস নয়, দেশকে ভালোবাসুন।

## মুমিনের শ্রেষ্ঠ সম্পদ উত্তম চরিত্র

২৫ পৃষ্ঠার পর

করে। পৃথিবীর ইতিহাসে আল্লাহতায়ালা বড় বড় যত শাস্তি মানুষকে দিয়েছেন, সেগুলোর কারণ ছিল চারিত্রিক অধঃপতন ও অশ্লীলতার সয়লাব। কুরআন মাজিদে আল্লাহতায়ালা হজরত লুত (আ.)-এর সম্প্রদায়ের অশ্লীলতা, চারিত্রিক অধঃপতন ও তাদের ওপর নেমে আসা ভয়াবহ শাস্তির কথা আলোচনা করেছেন। ইরশাদ হয়েছে 'অবশেষে যখন আমার হুকুম এসে পৌঁছল, তখন আমি ওই জনপদের উপরকে নিচে করে দিলাম এবং তার ওপর স্তরে স্তরে কাঁকর পাথর বর্ষণ করলাম।' (সুরা হুদ : ৮২)। চরিত্রের পবিত্রতা রক্ষা করার ক্ষেত্রে ইসলাম অনেক গুরুত্ব আরোপ করেছে। যেসব কারণে মানুষের চারিত্রিক কলুষতা তৈরি হয়, সেগুলোকে নিষিদ্ধ করেছে। তারপরও কেউ যদি অপকর্মে লিপ্ত হয় তাহলে তার কঠিন শাস্তির বিধান দিয়েছে। বর্তমান সমাজে চরিত্রের অধঃপতন খুবই উদ্বেগজনক। চতুর্দিকে চরিত্র ধ্বংসের রমরমা আয়োজন। নারী-পুরুষের অবাধ চলাফেরা। অল্পবয়স্ক ছেলেমেয়েরাও জড়িয়ে পড়ছে অশ্লীলতায়। ফলে সমাজে পরিবারে নেমে আসছে চারিত্রিক অধঃপতন। শিক্ষালয়ে কর্মস্থলে নারী হারাচ্ছে সম্ভ্রম। এর থেকে উত্তরণে আমাদের প্রত্যেককে নবিজির অনুপম চারিত্রিক গুণাবলি অর্জন করতে হবে।


# সুখবর! সুখবর !!

# 31ST AVENUE GROCERY & 99 CENT STORE

LOTTO | ATM | EBT | EVERAGE | ICECREAM

80-05 FRESH VEGETABLE, FRUITS, HALAL MEAT, FISH & ALL KIND OF HOUSEHOLD ITEMS 718-210-1996

এস্টোরিয়ার ৮০ স্ট্রীট ও ৩১ এভিনিউর উপর বাংলাদেশী অধ্যষিত এলাকার আবু হোরায়রা মসজিদের সন্নিকটে সম্পূর্ন বাংলাদেশী মালিকানাধীন গ্রোসারী ও নিত্য প্রয়োজনীয় পন্যের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান।

- এখানে পাবেন ফ্রেস শাকসবজী ও ফলমুল
- হালাল মাংস ও মাছ
- ক্রেতাদের সেবা প্রদানই আমাদের লক্ষ্য
- আমরা EBT গ্রহন করি









## ৩১ এভিনিউ গ্রোসারী এন্ড ৯৯ সেন্ট স্টোর

৮০-০৫, ৩১ এভিনিউ ইস্ট এলমসহার্স্ট(এস্টোরিয়া)

ফোনঃ ৭১৮-২১০-১৯৯৬

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

# TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

**FLORIDA- ফ্লোরিডায়**
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry

Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600

Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

**TAX Services**
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

**REAL ESTATE Services**
রিয়েল স্টেট সার্ভিসেস

Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangh@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

**আপনি জানেন কি?**
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561

Starling Car Service LLC
Best Choice for your trip

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter &
Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ
ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM
Tel: 718-786-6677 / 718-361-6432
Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.



## বাংলাদেশে শুধু খেলতে নয়, এসিসি বৈঠকে থাকতেও আপত্তি ভারতের!

৫২ পৃষ্ঠার পর

কাউন্সিলের (এসিসি) বৈঠকে যোগ দিতে আপত্তি জানিয়েছে ভারত। আগামী ২৪ জুলাই ঢাকায় এসিসি বৈঠক হওয়ার কথা। কিন্তু বিসিসিআই ভেন্যু পরিবর্তনের অনুরোধ করেছে। ভেন্যু না সরানো হলে তারা বৈঠকে যোগ দেবে না বলে জানিয়েছে। বিভিন্ন সূত্রে একাধিক ভারতীয় গণমাধ্যম এমন প্রতিবেদন লিখেছে। আরেকটি প্রতিবেদনে এসেছে, ভারত আপত্তি জানালেও ঢাকাতেই হবে বৈঠক। কোনও বোর্ড সদস্য যদি সেখানে উপস্থিত থাকতে না পারেন, তাহলে অনলাইনে যোগ দিতে পারবেন। এই সময়ে বাংলাদেশ ও পাকিস্তানের টি-টোয়েন্টি সিরিজ চলবে। বর্তমানে এসিসির প্রধান পিসিবির প্রেসিডেন্ট মহসিন নাকভী। সেক্ষেত্রে তিনিও এই সিরিজে থাকতে পারেন। তারই কাঁধে এশিয়ান ক্রিকেটের শীর্ষ সংস্থা অন্যদের সদস্যদের নিয়ে বৈঠক করে ফেলবে। এ কারণে ঢাকা থেকে বৈঠক অন্য কোথাও সরানোর সুযোগ খুব ক্ষীণ। এই বৈঠকেই আসন্ন এশিয়া কাপ নিয়ে ঘোষণা আসতে পারে। চূড়ান্ত সূচিও জানিয়ে দেওয়া হতে পারে।

## পরকীয়ায় 'সিআইডি'র দয়া, অন্তঃসত্ত্বা হয়ে পড়েন সহ-অভিনেত্রী!

৪৬ পৃষ্ঠার পর

কথা হলে জবাবে অভিনেতা বলেছিলেন, আমি শুনেছি মানুষ মোনা এবং আমাকে নিয়ে কথা বলছে এবং বলছে যে আমি তার সন্তানের বাবা। কিন্তু এগুলো সবই গুজব। আমি গত ছয় বছর ধরে বিবাহিত এবং মোনার সঙ্গে কোনো দিনই জড়িত ছিলাম না। আমাদের একসঙ্গে খুব কম দৃশ্যই ছিল।

## নিরস্ত্র থেকে সশস্ত্র আসিফ মাহমুদের রূপান্তর

৭ পৃষ্ঠার পর

আর এর মাধ্যমেই পরাক্রমশালী শেখ হাসিনা সরকারের পতন ঘটে। কিন্তু পরবর্তীতে কারও ব্যক্তিগত নিরাপত্তার জন্য অস্ত্রের প্রয়োজন পড়েনি, শুধু প্রয়োজন পড়েছে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার। তার বিশ্ববিদ্যালয়ের সহযোদ্ধা, আন্দোলনের সতীর্থ নাহিদ ইসলাম, সারজিস আলম, হাসনাত আবদুল্লাহ, বাকের মজুমদার, উমামা ফাতেমা-সহ অসংখ্য বিপ্লবীর ব্যক্তিগত অস্ত্র সংরক্ষণের প্রয়োজন পড়লো না, অথচ আসিফ মাহমুদের জন্য অস্ত্র অনিবার্য হয়ে পড়লো। এই অস্ত্র একদিন আসিফ মাহমুদকে সবার কাছ থেকে বিচ্ছিন্ন করবে, ইতিমধ্যে করেছেও।

রূপান্তরের ট্র্যাজেডি: তিনি এক সময় ছিলেন জনগণের স্বপ্ন ও সংগ্রামের প্রতিচ্ছবি-জনতার মুখ, সাহসের প্রতীক। কিন্তু অস্ত্রে বিশ্বাস স্থাপন মানে, আত্মবিশ্বাস হারিয়ে ফেলার সূচনা। যে মানুষটি একদিন ভালোবাসায় নিরস্ত্র হয়ে চলতে পারতেন, আজ তার চলার সঙ্গী গুলিভর্তী পিস্তল। এই অস্ত্র কেবল ব্যক্তিগত আতঙ্কের নয়, বরং জনগণের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে পড়ার মনস্তত্ত্বের বহিঃপ্রকাশ। এই অস্ত্রই আসিফ মাহমুদকে বড়ো অনিরাপদ করে ফেলবে। এ শুধু একজন ব্যক্তির নয়-তা পুঞ্জীভূত ট্র্যাজেডি, যেখানে সমাজ, রাজনীতি এবং নৈতিকতা-সবই একসঙ্গে ব্যর্থ হয়েছে। জনগণের উপর বিশ্বাস হারানো মানেই বিপ্লব থেকে বিচ্যুতি আর অস্ত্র হাতে নেয়া মানেই সেই বিচ্যুতিকে স্থায়ী করে ফেলা। গণ-অভ্যুত্থানের একজন উজ্জ্বল মুখ, যিনি এক সময় জনগণের বিশ্বাসে বেঁচে ছিলেন, তিনি যদি অস্ত্রে বিশ্বাস করেন-তবে এটা তার একাকিত্বের প্রতিচ্ছবি, জনগণের উপর বিশ্বাস স্থাপনের ঘাটতি; সর্বোপরি ভয়ের কাছে আত্মসমর্পণ।

জুলাই গণ-অভ্যুত্থানের নতুন স্বপ্ন বিনির্মাণে আসিফ মাহমুদের ভূমিকা রাখার সুযোগ ক্রমাগত সংকুচিত হয়ে গেল। বাংলাদেশের রাজনীতিতে একটি উজ্জ্বল ভবিষ্যতের বিপুল সম্ভাবনা আসিফ মাহমুদ নিজ হাতেই নিজেকে হত্যা করেছেন। জনগণের কাতারে দাঁড়াবার নৈতিক শক্তিকে, ক্ষমতার দম্ভের কাছে জলাঞ্জলি দিয়েছেন। দৃষ্টান্ত হিসেবে এটা খুবই ভয়ঙ্কর। আসিফ মাহমুদের পতন কেবল ব্যক্তিগত নয়-এ এক আদর্শগত পরাজয়।

তিনি ভুলে গিয়েছেন- গণ-অভ্যুত্থানের পর নাগরিকত্বের নেতৃত্ব আত্মরক্ষা নয়, বরং আত্ম-উৎসর্গের মধ্যেই বিকশিত হয়। বাকি সহযোদ্ধারা যখন ভবিষ্যৎ নির্মাণে আত্মনিয়োগ করেছেন, তখন তিনি অস্ত্রে নির্ভর করে আত্মরক্ষা করছেন কিন্তু অস্ত্র তাকে রক্ষা করেনি, বরং নৈতিকভাবে ভেঙে দিয়েছে। ইতিহাস যারা বদলে দিতে চায়, তাদের আত্মাকে হতে হয় স্বচ্ছ, হৃদয়কে হতে হয় উন্মুক্ত আর হাতে থাকতে হয় জনতার হাত। আসিফ মাহমুদ সেই নৈতিক পরীক্ষায় ব্যর্থ হয়েছেন। অস্ত্র তার জন্য প্রতিরক্ষার উপায় নয়, আত্মবিচ্ছিন্নতার প্রতীক হয়ে উঠেছে। এই বিচ্ছিন্নতা কেবল সহযোদ্ধাদের থেকে নয়, তাকে ছিনিয়ে নিয়েছে ভবিষ্যতের কাছ থেকেও।

তিনি যদি বুঝতে পারতেন-নিজের হাতে নিজের কী সর্বনাশ করেছেন, তাহলে তার একমাত্র নৈতিক কর্তব্য-'উপদেষ্টা' এবং 'অস্ত্র'-দুটোই পরিত্যাগ করা। কিন্তু তিনি কোনোটাই পরিত্যাগ করতে পারবেন না। কারণ, পরিত্যাগ করতে হলে একটা নৈতিক সাহস লাগে আর সেই সাহস তিনি হারিয়ে ফেলেছেন। আসিফ মাহমুদ আমাদের স্মরণ করিয়ে দেন-যে হাত একদিন পতাকা ধরেছিল, সে হাতেই যদি অস্ত্র ওঠে, ইতিহাস তখন সেই হাতে আর আস্থা রাখে না। এই গল্প আমাদের শেখায়-যে নেতা জনতার কণ্ঠস্বর থেকে সরে দাঁড়ায়, সে একদিন জনতার স্মৃতি থেকেও মুছে যায়।

একদিন যে-মানুষটি ভবিষ্যতের মুখ হয়ে উঠতে পারতেন, আজ তিনি ইতিহাসের এক সতর্কবাণী। আসিফ মাহমুদের রূপান্তর কেবল ব্যক্তিগত নয়-এটি একটি প্রজন্মের রাজনৈতিক চেতনার উত্থান ও বিপর্যয়ের উপাখ্যান এবং একইসঙ্গে বৃহত্তর সামাজিক, রাজনৈতিক ও নৈতিক অবক্ষয়ের প্রতীক।

লেখক: গীতিকবি ও রাজনৈতিক বিশ্লেষক।

## ব্যর্থতার কারণ খুঁজছেন লিটন

৫২ পৃষ্ঠার পর

লিটন জানিয়েছেন, ভালো খেলেই দলে জায়গা পাকা করতে চান তিনি, 'ওয়ানডেতে ভালো খেলতে পারিনি তাই বেঞ্চে ছিলাম। এই সময়ে আমি টি-২০ ফরম্যাটের জন্য অনুশীলন করেছি। চেষ্টা করবো মাঠে এটা কাজে লাগানোর।'

ওয়ানডে দল থেকে বাদ পড়াটা স্বাভাবিকভাবেই নিয়েছেন লিটন, 'পেশাদার হিসেবে সব জায়গায় মানিয়ে নিতে হয়। আমি এটা ভালোভাবেই পারি। টেস্টে টেস্টের মতো খেলি। ওয়ানডেতে সুযোগ পেয়েও কাজে লাগাতে পারিনি। টি-২০ অনেকদিন ধরেই খেলছি। কয়েকটা সিরিজও গেল। আশা করি এই সিরিজে ঘুরে দাঁড়াতে পারব।'

বাংলাদেশ তাদের শতভাগ দিয়েই সিরিজ জয়ের চেষ্টা করবে বাংলাদেশ, জানালেন লিটন, 'আমার জন্য প্রতি সিরিজই গুরুত্বপূর্ণ। আমরা সবখানেই শতভাগ দেওয়ার চেষ্টা করি। অনেক সময়ই ব্যর্থ হই, এটা জীবনের অংশ। জীবনে অনেক ক্রিকেটার আছে যারা এক দেড় বছর ব্যর্থ হওয়ার পর সফল হয়েছে। কী কারণে ব্যর্থ সেটা জানাটা জরুরি। আমিও জানার চেষ্টা করছি। ব্যর্থতার কারণ খুঁজে বের করে সেখান থেকে বেরিয়ে আসা জরুরি।'

## সাকিব-তামিমদের নিয়ে আকরামের আক্ষেপ

৫২ পৃষ্ঠার পর

গত বুধবার মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে আকরাম খান সাংবাদিকদের বলেছেন, 'আপনি যদি পারফর্ম না করেন, তাহলে তো প্রভাব পড়বেই। এটা এখন না হোক, পরে হবে। একটা দেশে আইকন অনেক গুরুত্বপূর্ণ। ফুটবলে হামজা এসেছে, আগের তুলনায় অনেক জনপ্রিয়তা বেড়েছে, আগ্রহ বেড়েছে। আমার বাসায় আমার মেয়েও গেছে খেলা দেখতে।' 'এ ধরনের (হামজার মতো) আইকন খুব গুরুত্বপূর্ণ। যখন সাকিব ছিল, তামিম ছিল, মুশফিক ছিল, তখন কিন্তু আমাদেরও আগ্রহ বেড়েছে। দলও ভালো পারফর্ম করেছে। দল যদি খারাপ করে তাহলে তো প্রভাব ফেলবে।'- যোগ করেছেন আকরাম খান। আইকন ক্রিকেটার কেন প্রয়োজন ব্যাখ্যা করেছেন আকরাম। সাবেক অধিনায়ক বলেন, 'মানুষ খেলা দেখে, যাকে পছন্দ করে, তার খেলা দেখে। সে যদি পারফর্ম না করে, তাহলে নিরাশ হয়ে যায়। আপনার ধারাবাহিকতা খুবই গুরুত্বপূর্ণ আইকন খেলোয়াড়ের জন্য। বড় বড় যত খেলোয়াড় আছে, তারা বেশির ভাগ ম্যাচে পারফর্ম করে, যে জিনিসটা আমরা এখন করতে পারছি না। আমাদের ধারাবাহিকতার খুবই অভাব। এটা থেকেই বের হতে হবে।'

## পিআর পদ্ধতির ভালো দিক, মন্দ দিক

১০ পৃষ্ঠার পর

পিআর পদ্ধতি যেখানে বহু দলকে একসঙ্গে সংসদে বসার সুযোগ দেয়, সেখানে আমাদের রাজনীতিতে সেই সংস্কৃতি এখনও গড়ে ওঠেনি। রাজনৈতিক দলগুলো আপসহীন, সমঝোতার পরিবেশ তৈরি করতে ব্যর্থ এবং ছোটখাটো মতপার্থক্যেও সংঘাতের আশঙ্কা থাকে। এই বাস্তবতায় যদি হঠাৎ করে পিআর পদ্ধতি চালু করা হয়, তাহলে সংসদ অচল হয়ে যাওয়ার আশঙ্কা থেকেই যায়। আবার নির্বাচন কমিশনের দক্ষতা, আইনগত কাঠামো, নির্বাচন পর্যবেক্ষণ, গণনা পদ্ধতি ও নির্বাচনী স্বচ্ছতা-সবকিছু নতুনভাবে গড়ে তুলতে হবে।

এরপরও আমরা যদি গণতান্ত্রিক পরিপক্বতা অর্জনের পথে এগোতে চাই, তাহলে পিআর পদ্ধতির কথা আমাদের চিন্তাভাবনায় রাখতে হবে। তবে সেটি এক লাফে নয়, ধাপে ধাপে। যেমন ধরুন, শুরুতে সংসদের একটি নির্দিষ্ট অংশ-ধরা যাক ১০০টি আসন-পিআর ভিত্তিতে নির্ধারণ করা যেতে পারে, বাকি ২০০টি চলবে বর্তমান নিয়মে। এই 'হাইব্রিড মডেল' আমাদের জন্য বাস্তবসম্মত ও সমন্বিত একটি পথ হতে পারে। এতে রাজনৈতিক বৈচিত্র্য আসবে, আবার একক প্রতিনিধিত্ব ও জবাবদিহিও বজায় থাকবে। একে আমরা বলি মিশ্র পদ্ধতি, যেটি জার্মানি ও নিউজিল্যান্ডে সফলভাবে চলছে।

তবে এই পরিবর্তনের আগে কিছু প্রস্তুতি দরকার। প্রথমত, সংবিধানে প্রয়োজনীয় সংশোধন আনতে হবে। দ্বিতীয়ত, নির্বাচন কমিশনকে আরও শক্তিশালী, নিরপেক্ষ ও দক্ষ হতে হবে। তৃতীয়ত, রাজনৈতিক দলগুলোকে আপসহীন অবস্থান থেকে সরে এসে গণতন্ত্রকে অংশগ্রহণমূলক করে তোলার মানসিকতা অর্জন করতে হবে। চতুর্থত, জনগণের মধ্যে সচেতনতা তৈরি করতে হবে, যাতে তাঁরা নতুন ভোটপদ্ধতির জটিলতা বুঝতে এবং সঠিকভাবে অংশ নিতে পারেন। আর সবশেষে দরকার নিরপেক্ষ গণমাধ্যম ও সক্রিয় নাগরিক সমাজ, যারা এই রূপান্তরের সঠিক ব্যাখ্যা ও পরিবেশ সৃষ্টি করবে।

বাংলাদেশে পিআর পদ্ধতি চালুর ক্ষেত্রে বিএনপির বিরোধিতা একেবারে অযৌক্তিক বলা যায় না। তারা হয়তো মনে করে, দলীয় ভোটের ভিত্তিতে আসন নির্ধারণে ক্ষমতাসীন দল অন্য দলগুলোকে নিয়ন্ত্রণ করবে, তাদের কণ্ঠরোধ করবে অথবা প্রশাসনিক সুবিধা নিয়ে দলীয় ভোটও নিজেদের করে নেবে। আবার পিআর পদ্ধতি চালুর নামে সরকার হয়তো সাংবিধানিক রদবদলের মাধ্যমে নিজের সুবিধা নিশ্চিত করতে চাইছে-এই সন্দেহ বিএনপির থাকতে পারে। তবে প্রকৃতপক্ষে পিআর পদ্ধতি একটি নিরপেক্ষ ও সমান অংশগ্রহণের পরিবেশ তৈরি করতে পারে, যদি সব দল একযোগে এতে সম্মত হয় এবং একটি গ্রহণযোগ্য কাঠামোতে একমত হয়। বাংলাদেশের ভবিষ্যৎ গণতন্ত্র আমরা যদি আরও অন্তর্ভুক্তিমূলক, বৈচিত্র্যময় ও জবাবদিহিমূলক সংসদ চাই, তাহলে পিআর পদ্ধতির কথা আরও গুরুত্ব দিয়ে ভাবতে হবে। এটা নিছক একটি নির্বাচন পদ্ধতির প্রশ্ন নয়, এটা একটি রাষ্ট্রের রাজনৈতিক সংস্কৃতি ও গণতান্ত্রিক চরিত্র গঠনের প্রশ্ন। এখন প্রশ্ন হচ্ছে, আমরা কি সেই সংস্কৃতিতে প্রবেশের জন্য প্রস্তুত? যদি প্রস্তুতি না থাকে, তাহলে এই পদ্ধতি ব্যর্থ হবে এবং আরও বিভ্রান্তি তৈরি করবে। কিন্তু যদি রাজনৈতিক সদিচ্ছা, আইনগত কাঠামো ও সামাজিক প্রস্তুতি থাকে, তাহলে এটি হতে পারে আমাদের গণতান্ত্রিক অভিযাত্রার এক নতুন ও ইতিবাচক অধ্যায়। ভোট যেন শুধুই সংখ্যা না হয়, তা যেন জনগণের কণ্ঠে রূপ নেয়-এই লক্ষ্যেই আমাদের এগোতে হবে। সংখ্যানুপাতিক পদ্ধতি সেই পথের একটি সম্ভাব্য দিগন্ত খুলে দেয়। এখন প্রয়োজন সেই দিগন্তের দিকে হাঁটার সাহস, প্রস্তুতি ও আন্তরিকতা।






দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# প্রবাসী মতলব সমিতি ইন্‌ক



# বনভোজন

তারিখ ঃ ২৭ জুলাই, রবিবার

INDIAN WELL STATE PARK
CONNECTICUT
1 Indian Well Road, Shelton, CT 06484

স্থান ঃ ইন্ডিয়ান ওয়েল স্টেট পার্ক
কানেকটিকাট

সুধী, আগামী ২৭ জুলাই ২০২৫, রবিবার, প্রবাসী মতলব সমিতি ইন্‌ক এর বার্ষিক বনভোজন ইন্ডিয়ান ওয়েল স্টেট পার্ক, কানেকটিকাট-এর, ছায়াঘেরা স্নিগ্ধ শ্যামল, মনোরম পরিবেশ ও নয়নাভিরাম লেকের পার্শ্বে অনুষ্ঠিত হতে যাচ্ছে । উক্ত বনভোজনে আপনি ও আপনারা সবান্ধবে আমন্ত্রিত ।

আমন্ত্রণে ঃ

ফারুক হোসেন পাটোয়ারী
আহ্বায়ক
৩৪৭-৫৯৩-৭৮৪২

জয়নাল আবেদীন
সদস্য সচিব
৩৪৭-২৮৫-৪৮৪৩

সদস্যঃ

গোলাম কিবরিয়া তপন ৩৪৭-২৮৮-২৫০২, মোঃ দেলোয়ার হোসেন ৩৪৭-৮৯৪-৭৩৬৪, মোঃ কামরুল আমিন সুমন ৬৪৬-৪২০-২৫২৪, মোঃ শফিকুল ইসলাম ৯১৭-৭১৭-৮৮৪২, বিল্লাল মৃধা ৬৪৬-৬৪১-৬৭৮৭

চাঁদার হার ঃ

জনপ্রতি ৫০ ডলার (বাস)

পরিবার ১২০ ডলার (৪জন) নিজস্ব পরিবহন

(৫ বছর পর্যন্ত বাচ্চাদের চাঁদা লাগবেনা)

টিকেট সংগ্রহের শেষ তারিখ ঃ
২২ জুলাই, মঙ্গলবার

## সার্বিক তত্ত্বাবধানেঃ

মোঃ কবির রতন ৩৪৭ ২০৮ ১২৮৬, মোঃ শাহাদাত হোসেন ৩৪৭ ৭৮১ ৬৯৩৫, গোলাম সারোয়ার দুলাল ৩৪৭ ২০০ ৫৯৭৮, জোতিষ চন্দ্র কির্তনীয়া ৯২৯ ৪৬২ ৭২৪৮, মোঃ ফয়েজ উল্লাহ প্রধান ৬৪৬ ৩৭৯ ২৩৪৬, মির্জা ওবায়দুর রহমান ৯১৭ ৪৭০ ৮৮৪০

## সমন্বয়কারী ঃ

